Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

কাজের খবরে ১ নম্বর কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2017

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765
www.ekarmakshetra.com

ITI করুন অতি অল্প খরচে ট্রাক্টর ডোনেশনে
Naihati Pvt. ITI-তে
NCVT স্বীকৃত
Affiliation No.: DGT-6/25/10/2015-TC
ইলেক্ট্রিশিয়ান ও ফিটার
ফ্রী: Uniform, Bag & Book
8282824274, 8282983625
Web: www.naihatipvtiti.org

বর্ষ ৪০ সংখ্যা ৮ কলকাতা বুধবার, ১১ সেপ্টেম্বর ২০১৯/১ **বাঙালির কর্মজীবনের প্রবেশপথ** ২৫ ভাদ্র ১৪২৬ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

## মুর্শিদাবাদ, নদিয়া, বীরভূম, পশ্চিম ও পূর্ব বর্ধমান থেকে

# সেনাবাহিনীতে কয়েকশো সোলজার

### বহরমপুর স্টেডিয়ামে র‍্যালি ৪ থেকে ১১ নভেম্বর। ১৯ অক্টোবরের মধ্যে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে

র‍্যালির মাধ্যমে মুর্শিদাবাদ, নদিয়া, বীরভূম, পূর্ব বর্ধমান এবং পশ্চিম বর্ধমান থেকে বিভিন্ন ক্যাটেগরিতে কয়েকশো সোলজার নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। বহরমপুর স্টেডিয়ামে র‍্যালি আয়োজিত হবে ৪ থেকে ১১ নভেম্বর। শুধু ছেলেরা র‍্যালিতে অংশগ্রহণ করতে পারবেন।

র‍্যালিতে অংশগ্রহণ করার জন্য ১৯ অক্টোবরের মধ্যে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in দরখাস্ত করার সময় প্রার্থীকে বৈধ ই-মেল অ্যাড্রেস জানাতে হবে। এই ই-মেল অ্যাড্রেসে অ্যাডমিট কার্ড পাঠানো হবে ২০ থেকে ২৬ অক্টোবরের মধ্যে। পদের ক্যাটেগরি ও জেলা অনুসারে প্রার্থীর র‍্যালির তারিখ জানিয়ে দেওয়া হবে। যে-কোনও একটি ক্যাটেগরির পদের জন্য দরখাস্ত করবেন।

র‍্যালিতে অংশগ্রহণ করতে পারবেন এইসব জেলার ছেলেরা: মুর্শিদাবাদ, নদিয়া, বীরভূম, পূর্ব বর্ধমান এবং পশ্চিম বর্ধমান।

**শিক্ষাগত যোগ্যতা: সোলজার জেনারেল ডিউটি:** মোট অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। প্রতি বিষয়ে অন্তত ৩৩ শতাংশ করে নম্বর থাকতে হবে।

**সোলজার টেকনিক্যাল:** ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক এবং ইংরেজি-সহ

*এরপর সাতের পাতায়*

# কেন্দ্রীয় সরকারে কয়েকশো স্টেনোগ্রাফার

কয়েকশো স্টেনোগ্রাফার (গ্রেড 'সি' ও 'ডি') নেওয়া হবে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ ও কার্যালয়ে। যে-কোনও শাখার উচ্চমাধ্যমিকরা আবেদন করতে পারেন। স্টেনোগ্রাফির দক্ষতা থাকতে হবে। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে।

নির্বাচিতরা কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক এবং বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন বিভাগ ও কার্যালয়ে নিয়োগ পাবেন।

স্টেনোগ্রাফার গ্রেড 'সি' অ্যান্ড 'ডি' এক্সামিনেশন ২০১৯-এর মাধ্যমে প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। লিখিত পরীক্ষার পাশাপাশি স্কিল টেস্টও নেওয়া হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। গ্রেড 'সি'-র প্রার্থীদের ক্ষেত্রে মিনিটে ১০০টি

*এরপর চোদ্দোর পাতায়*

## দিল্লি জেলা আদালতে

# ৫৬১

বিবিধ পদে ৫৬১ জন কর্মীকে নিয়োগ করা হবে দিল্লির বিভিন্ন জেলার আদালতে। নিয়োগ করা হবে পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র জুডিশিয়াল অ্যাসিস্ট্যান্ট, সিনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট, ডেটা এন্ট্রি অপারেটর পদে।

**শূন্যপদের বিন্যাস: পোস্ট কোড এ-ওয়ান: সিনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট:** শূন্যপদ ৩০টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, আর্থিকভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। নিয়োগ করা হবে ডিস্ট্রিক্ট অ্যান্ড সেশনস আদালতে।

**পোস্ট কোড এ-টু: পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট:** শূন্যপদ ৪০৬টি (সাধারণ ২২৭, তফসিলি জাতি ৮৩, তফসিলি উপজাতি ৪১, আর্থিকভাবে অনগ্রসর ৫৫)। এর মধ্যে ২২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। নিয়োগ করা হবে ডিস্ট্রিক্ট অ্যান্ড সেশনস আদালতে।

**পোস্ট কোড এ-থ্রি: জুনিয়র জুডিশিয়াল অ্যাসিস্ট্যান্ট:** শূন্যপদ ১১৪টি (সাধারণ ৬২, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ২৭, আর্থিকভাবে অনগ্রসর ১৪)। এর মধ্যে

*এরপর চোদ্দোর পাতায়*

# আর্মি স্কুলে সহস্রাধিক শিক্ষক-শিক্ষিকা

### কম্বাইন্ড সিলেকশন স্ক্রিনিং এক্সামিনেশন ১৯ ও ২০ অক্টোবর

দেশের শতাধিক আর্মি পাবলিক স্কুলে শিক্ষকতার যোগ্যতা নির্ণায়ক পরীক্ষা কম্বাইন্ড সিলেকশন স্ক্রিনিং এক্সামিনেশন (সি এস এস ই) নেওয়া হবে ১৯ ও ২০ অক্টোবর। এই পরীক্ষায় বসার জন্য অনলাইন দরখাস্ত করা যাবে ২১ সেপ্টেম্বর পর্যন্ত। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

এই পরীক্ষায় সফল হলে দেশের সমস্ত সেনাবাহিনী-পরিচালিত স্কুলে শিক্ষকতার যোগ্যতা অর্জন করা যাবে। তবে কোনও ক্ষেত্রেই সি এস এস ই-তে সফল হলেই নিয়োগ পাবেন না। বিভিন্ন স্কুল তাদের প্রয়োজনমতো প্রাইমারি টিচার, ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার এবং পোস্ট-গ্র্যাজুয়েট ট্রেন্ড টিচার নিয়োগের বিজ্ঞাপন দিলে এই যোগ্যতা থাকলে আবেদন করতে পারবেন। এই পরীক্ষার স্কোর কার্ড রেজাল্ট ঘোষণার পর থেকে ৩ বছর পর্যন্ত বৈধ থাকবে। উল্লেখ্য, কেন্দ্র বা রাজ্য সরকার দ্বারা পরিচালিত টিচার এলিজিবিলিটি টেস্ট (টেট) পাশ না করে থাকলেও সি এস এস ই-তে বসার জন্য আবেদন করা যাবে। তবে, ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার ও প্রাইমারি টিচার পদে চাকরি বা স্থায়ী চাকরি পাওয়ার ক্ষেত্রে সি-টেট বা টেট স্কোর থাকা বাধ্যতামূলক।

পোস্ট-গ্র্যাজুয়েট ট্রেন্ড টিচার (পি জি টি) নিয়োগ হবে এই সমস্ত বিষয়ে: ইংরেজি, হিন্দি, ইতিহাস, ভূগোল, ইকনমিক্স, পলিটিক্যাল সায়েন্স,

*এরপর সাতের পাতায়*

# দিল্লি সরকারে ৪৬৪

## শিক্ষক-শিক্ষিকা ও জুনিয়র ইঞ্জিনিয়ার

অ্যাসিস্ট্যান্ট টিচার এবং জুনিয়র ইঞ্জিনিয়ার পদে ৯৮২ জনকে নিয়োগ করবে দিল্লি সরকার। নিয়োগ করা হবে গ্রুপ 'বি' ক্যাটেগরিতে, শিক্ষা বিভাগ ও দিল্লি জল বোর্ডে। প্রার্থী বাছাই করবে দিল্লি সাবঅর্ডিনেট সার্ভিসেস সিলেকশন বোর্ড। শিক্ষক-শিক্ষিকা নিয়োগ হবে নার্সারি ও প্রাইমারি সেকশনে। পশ্চিমবঙ্গের প্রার্থীরা কেবল সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য নির্দিষ্ট শূন্যপদে আবেদন জানাতে পারবেন। তাই এখানে সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য নির্দিষ্ট ৪৬৪টি শূন্যপদের বিষয়ে জানানো হল। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 03/19.

শূন্যপদের বিবরণ: **অ্যাসিস্ট্যান্ট টিচার (প্রাইমারি):** পোস্ট কোড 15/19: শূন্যপদ: ৩৩২টি। শিক্ষাগত যোগ্যতা: ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল, সঙ্গে ডি এল এড বা বি এল এড বা স্পেশ্যাল এডুকেশনে ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ করে থাকতে হবে। অথবা স্নাতক, সঙ্গে ডি এল এড কোর্স পাশ।

এন সি টি ই (রেকগনিশন নর্মস

*এরপর চোদ্দোর পাতায়*

## আই আই টি ঝাড়খণ্ডে

# ১৮৮

বিভিন্ন পদে ১৮৮ জন কর্মী নেবে ঝাড়খণ্ড আই আই টি (ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি)। নিয়োগ করা হবে জুনিয়র টেকনিশিয়ান, জুনিয়র অ্যাসিস্ট্যান্ট ও অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার পদে। জুনিয়র টেকনিশিয়ান নিয়োগ করা হবে মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল-সহ বিবিধ ক্ষেত্রে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 411002/1/2019-Estt.

**শূন্যপদের বিন্যাস: জুনিয়র টেকনিশিয়ান:** মোট ১০৬টি। **বিষয় অনুসারে শূন্যপদ:** কেমিস্ট্রি ২টি

*এরপর চোদ্দোর পাতায়*

## পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের

# সেট পরীক্ষা ১৯ জানুয়ারি

পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের 'স্টেট এলিজিবিলিটি টেস্ট' (সেট) নেওয়া হবে ১৯ জানুয়ারি (রবিবার)। এই পরীক্ষায় সফল হলে রাজ্যের কলেজ-বিশ্ববিদ্যালয়ে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে নিয়োগ পাওয়ার প্রাথমিক যোগ্যতা অর্জন করা যায়। প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশন। কমিশন আয়োজিত ইন্টারভিউয়ে যেতে পারবেন এই সেট পরীক্ষায় সফল হলে। এছাড়াও রাজ্যের বিভিন্ন বেসরকারি কলেজ-বিশ্ববিদ্যালয়ও শিক্ষক-শিক্ষিকা নিয়োগের ক্ষেত্রে এই পরীক্ষার ফল গ্রাহ্য করে।

**অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর**

পরীক্ষা নেওয়া হবে এইসব বিষয়ে (ব্র্যাকেটে কোড নম্বর): ইংরেজি (০১), বাংলা (০২), সংস্কৃত (০৩), হিন্দি (০৪), উর্দু (০৫), কমার্স (০৬), ইকনমিক্স (০৭), ইতিহাস (০৮), ফিলজফি (০৯), পলিটিক্যাল সায়েন্স (১০), এডুকেশন (১১), কেমিক্যাল সায়েন্সেস (১২), ভূগোল (১৩), লাইফ সায়েন্সেস (১৪), ম্যাথমেটিক্যাল

*এরপর চোদ্দোর পাতায়*

ফুরোবার আগেই সংগ্রহ করুন




# স্টেট ব্যাঙ্কে ৩১৭ স্পেশ্যালিস্ট অফিসার

৩১৭ জন স্পেশ্যালিস্ট অফিসার নেবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া। নিয়োগ হবে জুনিয়র ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-ওয়ানে ডেভেলপার, সার্ভার অ্যাডমিনিস্ট্রেটর, আই টি সিকিউরিটি এক্সপার্ট-সহ বিভিন্ন পদে। প্রার্থী বাছাই করা হবে অনলাইন লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CRPD/SCO-SYSTEM/2019-20/11.

**শূন্যপদের বিবরণ:** সিরিয়াল নম্বর ১: **ডেভেলপার:** ১৪৭টি (সাধারণ ৬২, তফসিলি জাতি ২২, তফসিলি উপজাতি ১০, ও বি সি ৩৯, আর্থিকভাবে অনগ্রসর ১৪)। এর মধ্যে ৩টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী এবং চলাফেরায় অসুবিধা আছে এমন প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

সিরিয়াল নম্বর ৩: **সিস্টেম/সার্ভার অ্যাডমিনিস্ট্রেটর:** ৪৭টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১২, আর্থিকভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী এবং চলাফেরায় অসুবিধা আছে এমন প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

সিরিয়াল নম্বর ৪: **ডেটাবেস অ্যাডমিনিস্ট্রেটর:** ২৯টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী এবং চলাফেরায় অসুবিধা আছে এমন প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

সিরিয়াল নম্বর ৫: **ক্লাউড অ্যাডমিনিস্ট্রেটর:** ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফকিসিল উপজাতি ১, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে প্রতিবন্ধী প্রার্থীদের জন্য ১টি শূন্যপদ সংরক্ষিত থাকবে।

সিরিয়াল নম্বর ৬: **নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার:** ১৪টি (সাধারণ ৮, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

সিরিয়াল নম্বর ৭: **টেস্টার:** ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

সিরিয়াল নম্বর ১৮: **আই টি সিকিউরিটি এক্সপার্ট:** ৬১টি (সাধারণ ২৭, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৬, আর্থিকভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে ৩টি শূন্যপদ চলাফেরায় অসুবিধা আছে এমন প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন

*এরপর পাঁচের পাতায়*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



**কর্মক্ষেত্র**
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
Website: www.swarnakshar.in

বর্ষ ৪০ সংখ্যা ৮ □ ১১ সেপ্টেম্বর ২০১৯

**ই-মেল ঠিকানা**
সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
swarnakshar.prakasani@gmail.com

## কর্মখালি

**SBI / HDFC / UCO / YES BANK ও** অফিসিয়াল পদে 154 জন স্মার্ট বাংলাভাষী MP-MA (18-36) M/F সরাসরি নিয়োগ। বেতন: 11,837/- – 35,850/- (PF + INC). W2C, Kol-56. বেলঘরিয়া / দমদম: 83348-59516, বেহালা / ধর্মতলা: 62892-51870, বিধাননগর/হাওড়া: 90513-83837, ব্যারাকপুর / কল্যাণী: 90629-77779, গড়িয়া / টালিগঞ্জ: 62911-81432.

□

### মহিলা ও পুরুষ নিয়োগ
### Airport ও Metro-তে

সরাসরি নামসই থেকে স্নাতক নিয়োগ হবে। GST নং-19AAACB5343J, শূন্যপদ: ১৮২, ISO-9001-2008, বেতন: 15,600/- – 38,200/-. কন্ট্রাক্টরের অধীনে SV, ট্রলিবয়, চেকিং, ইনচার্জ, Cargo লোডার, Back Office ও অন্যান্য বিভিন্ন পদের সুযোগ। ESI + PF + খাওয়া + থাকা ফ্রি। Central, N. D, Kol-82, (M): 86958-68525.

□

### আর্জেন্ট ভ্যাকান্সি
### M: 8327205479

**বেকার যুবক ও যুবতীদের জন্য বিশেষ** কর্মসংস্থান কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্ট ও ব্যাঙ্ক DSA-তে ট্রলিবয়, চেকিং বয়, S. V কার্গো লোডার আন লোডার, পিওন, স্টোরকিপার, ক্লার্ক, ও অন্যান্য পদে। বেতন: ১৯,৭০০/- - ৪৫,৫০০/-, যোগ্যতা: নামসই-স্নাতক, বয়স: 18-45, OT, PF, ESI-সহ থাকা খাওয়ার সুব্যবস্থা আছে। শীঘ্রই যোগাযোগ নিজ জেলায় কাজের সুযোগ। নিজ যোগ্যতার প্রমাণপত্র-সহ যোগাযোগ করুন: A. E, দমদম, কলি-74.

□

### পঃবঃ-সহ উঃ বঙ্গ বেকার যুবক যুবতীদের লিখিত গ্যারান্টি-সহ 4 দিনের মধ্যে স্পট জয়েনিং
### Govt. Regd. L/N

**ব্যাঙ্ক (DSA) ও এয়ারপোর্টে কন্ট্রাক্টরের** অধীনে বিভিন্ন অফিসিয়াল পদে যোগ্যতানুযায়ী নিয়োগ। বেতন: ১৬,৯০০/- থেকে শুরু। বয়স: ১৮-৪৫, (১) কী কাজ করবেন? (২) কীভাবে করবেন? (৩) কী কী সুযোগ সুবিধা পাবেন? আপনার গুরুত্বপূর্ণ সাক্ষাতের মাধ্যমে জানতে পারবেন। D. L. C, B. T. Rd, Kol-108, (M): 83270-42276.

□

### স্টার হোটেলে চাকরি

**ভারতের মধ্যে মহারাষ্ট্র, গোয়া, দিল্লি,** ব্যাঙ্গালোর, কোলকাতায় হোটেলে সরাসরি ৭ দিনে জয়েনিং। আয় ৮,০০০/- থাকা, খাওয়া, টিপস। ন্যূনতম মাধ্যমিক। বয়স: 30-এর মধ্যে। Career Hub, ভবানীপুর, Kol-25. 92319-65679.

□

**SBI Banking / Online Shoping** কাস্টঃ কেয়ারে বাংলাভাষী M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক, বেতন: INC + OT-সহ 12,000/-, SUCCESS POINT MANAGEMENT SERVICE, Salt Lake, Sec-V, Kol-91. হাওড়া ও হুগলি: 96744-97493, উঃ ও দঃ ২৪ পরগনা: 70440-49492.

□

## কর্মখালি

### মার্চেন্ট নেভিতে চাকরি

**সরাসরি যোগ্যতার উপর নির্ভর করে** শারীরিক সক্ষম কর্মপ্রার্থীদের ভারতবর্ষের বিভিন্ন জাহাজ ও বন্দর অঞ্চলে নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক, বেতন: 13,700/- – 46,200/-. Ex-সার্ভিস ম্যানদের বিশেষ সুবিধা, Sec-2, Kol-91. www.seafarerssuppliersandservices.com M: 90830-66729 (S. S. S.)

□

### সরাসরি নিয়োগ ৬ দিনে MNC, টাওয়ার, Pvt. Bank

**বয়স: ১৮-৪৮, যোগ্যতা: ৮ম থেকে** স্নাতক। পদ: SV, ক্লার্ক, ATM গার্ড, পিওন, SK, ম্যানেজার, ইনচার্জ পদে পঃ বঙ্গের প্রতিটি জেলায় 142 জন কর্মপ্রার্থী স্থায়ী চাকরির সুযোগ পাবে। বেতন: (14,200/- – 32,700/-). Web: www.gcagroup.co.in ঠিকানা: M. G. Rd, Kol-07, G. C. A. (M): 95640-30192.

□

### এয়ারপোর্ট ও Pvt ব্যাঙ্কে জব

**সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ** Airport ও ব্যাঙ্কে বিভিন্ন অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,200/- – 45,900/-. PF, ESI, OT-সহ অন্যান্য ব্যবস্থা। S. R. C. Pvt. Ltd, Kol-1. 96148-53426.

□

**SBI / Jio / Naptol কাস্টমার কেয়ারে** বাংলা ভাষা জানা M/F চাই। যোগ্যতা: MP + H. S. বেতন: INC + OT-সহ 12,000/-, Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91. M: 90880-93059.

□

### এয়ারপোর্ট, মেট্রো ও Pvt ব্যাঙ্কে পার্মানেন্ট জব

**গভঃ লাইসেন্সপ্রাপ্ত Airport, মেট্রো ও** ব্যাঙ্কে অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 15,900/- – 47,600/-. PF, ESI, OT-সহ অন্যান্য ব্যবস্থা। V. P., Dum Dum, Kol-74. M: 96140-85698.

□

### আর্জেন্ট রিক্রুটমেন্ট

**মেট্রো রেলে পুজোর আগে সরাসরি** জয়েনিং, বয়স: ১৮-৪৫, বেতন: ১৮,৬০০/- - ৪২,৪০০/-, দমদম থেকে কবি সুভাষ ১২৫ জন M/F চাই। থাকা ও খাওয়ার সুব্যবস্থা আছে। BLC, বিধাননগর রোড, কোল-১৬৮। (M): 74783-23464.

□

### জরুরী বিজ্ঞপ্তি

**পুজোর আগে কন্ট্রাক্টরের অধীনে জরুরী** ভিত্তিতে এয়ারপোর্ট ও Bank (DSA)-তে পদে কর্মী নিয়োগ করা হবে যোগ্যতা ভিত্তিতে ন্যূনতম অষ্টম শ্রেণী, বেতন: ১৪,৭০০/- - ৪৪,৭০০/-, OT, PF, ESI বোনাস-সহ বিশেষ সুবিধা। A. C, B. T. Rd, Kol-108. (M): 83272-04749.

□

### Pvt. ব্যাঙ্কে চাকরি

**ব্যাঙ্কের Payroll ও ব্যাক অফিস May I** help u-তে অতি সত্বর যোগ্য প্রার্থী চাই। হাওড়া ও হুগলি: 70443-81672 শ্রীরামপুর ও ব্যান্ডেল 85838-65904 ব্যারাকপুর ও সোদপুর: 86976-16100 নৈহাটি ও কল্যাণী: 86975-95918 গড়িয়া ও দমদম: 86976-16060 বারাসাত ও বনগাঁ: 84208-88113. Need Counseling, ডানলপ-108.

□

### আর্জেন্ট ভ্যাকান্সি

**পুজোর আগে এয়ারপোর্টে সরাসরি কর্মী** নিয়োগ চলছে। বয়স: ১৮-৪২, বেতন: ১৮,৫০০/- - ৪৬,২০০/-, ১১৫ জন M/F চাই। থাকা খাওয়া কোম্পানির, VPL, বিধাননগর, Kol-168. M: 74783-15808

□

## কর্মখালি

### Airport, মেট্রো, Pvt. Bank (DSA) ও ATM-এ স্থায়ী নিয়োগ চলছে

**Govt. Regd. L. No.: বিনা ডোনেশনে** কন্ট্রাক্টরের অধীনে স্ট্যাম্প পেপারে লিখিত-সহ বিভিন্ন অফিসিয়াল পদে কর্মী নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: (10,600/- – 45,600/-), এছাড়া OT, PF, ESI-সহ থাকা ও খাওয়ার সুব্যবস্থা আছে। যোগাযোগ করুন: A. Corporate, F. Rd, Kol-56. (M): 74791-94167.

□

**AIRTEL, JIO 4G, SBI Banking** বাংলা কাস্টঃ কেয়ারে MP-Graduate (18-35) অভিজ্ঞ/ অনভিজ্ঞ ছেলেমেয়েদের স্পট জয়েনিং চলছে। অনভিজ্ঞদের ট্রেনিং অন্তে জয়েনিং। বেতন: 12,000/- + অন্যান্য সুবিধা। দমদম: 84206-66060 গড়িয়া: 90020-33880 শিলিগুড়ি: 78900-33388. IIFA, Kol-28.

□

### এয়ারপোর্ট ও Pvt. ব্যাঙ্কে পার্মানেন্ট জব
### M. M. Management Sec-V, Kolkata-91.
### www.marleymartin.com

**গভঃ স্বীকৃত Air Port ও Pvt. Bank-এ** কন্ট্রাক্টরের অধীনে M/F সরাসরি নিয়োগ চলছে বিভিন্ন অফিসিয়াল পদে। যোগ্যতা: ৮ম-স্নাতক, বেতন: 18,500/- – 47,900/- পর্যন্ত। পদ সংখ্যা: 86 জন। PF, ESI, OT ও Gratuity-সহ আরও অন্যান্য সুবিধা রয়েছে। (M): 74783-33004.

□

### Airport মেট্রোরেল ও প্রাইভেট BANK (DSA) সংস্থায় কন্ট্রাক্টরের অধীনে স্পট জয়েনিং

**Govt. Regd. L. No.: ... সম্পূর্ণ বিনা** ডোনেশনে উত্তরবঙ্গ-সহ পশ্চিমবঙ্গের সমস্ত বেকার কর্মপ্রার্থীদের শিক্ষাগত যোগ্যতানুযায়ী সরাসরি কোম্পানির Direct পে-রোলে স্থায়ীপদে নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (12,500/- – 38,700/-). OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশন-সহ থাকা ও খাওয়ার সুব্যবস্থা আছে। কাজ পেতে অতি সত্বর যোগাযোগ করুন। পরিচয়পত্র ও যোগ্যতার কাগজপত্র-সহ। A. C, F. Rd, Kol-56. M: 74792-85933.

□

### AIRPORT এবং PVT. BANK-এ পুরুষ ও মহিলা নিয়োগ চলছে
### www.marleymartin.com

**কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্ট ও ব্যাঙ্কে** সরাসরি নিয়োগ চলছে। শূন্যপদ: 116, বেতন: 18,700/- – 47,500/-. যোগ্যতা: ৮ম-স্নাতক, পদ বিভিন্ন অফিসিয়াল ও B/O, S/V, Clerk, ট্রলিবয়, চেকিং ইনচার্জ, Ground Staff, স্টোরকিপার ও Cargo লোডার। PF, ESI, OT ও বোনাস-সহ অন্যান্য সুযোগ ও সুবিধা রয়েছে। Office: Salt Lake, Sec-V, Kol-91. (M): 74783-33364.

□

### Salary 10500 - 19900/-

**3-5 স্টার হোটেলে কাজ। থাকা-খাওয়া** Free. Acropolish Mall, Kol-107. Sonar Bangla : 86977-55628.

□

**Jio / SBI কাস্টমার কেয়ারে M/F সরাসরি** নিয়োগ চলছে। বেতন: INC + OT-সহ 12,000/-, Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91. M: 90880-93059.

□

### পুজোর আগে স্থায়ী কাজ

**ডোনেশন ছাড়া জেলাভিত্তিক হিন্দুস্থান** লিভার, ডাবর, বিস্কুট কোং-তে M চাই। বেতন: 11K-28K, R. G, CIT Rd, Kol-14. M: 77182-96025.

□

## DISCLAIMER

**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

## পাঠকের প্রতি

**কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।**

## কর্মখালি

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

**পশ্চিমবঙ্গের প্রতিটি জেলায় Pvt.** স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন: (11,500/- – 18,500/-), থাকা, খাওয়ার ব্যবস্থা আছে। (M): 89728-69872, M.J.S, Kol-9.

## স্কুল-কলেজ শিক্ষা

**Math, G.I, G.K Guide বেলঘরিয়া** CGL, 10+2, রেল (Gr. D/SM), পুলিশ PSC ক্লার্ক, WBCS, ব্যাঙ্ক (ক্লার্ক/PO) মাসে 600/-. চন্দ্রস্যার: 99035-00682.

□

**Math & Eng সোনারপুর WBCS,** Rail, PSC, SSC, ক্লার্ক Gr.D প্রাইমারি, পুলিশ, SI শর্টকাট, সেকেন্ডে কৌশল। Alakesh Sir: 98360-45234.

□

### ITI-এ সরাসরি ভর্তি

**Electrician, Fitter, Draughtsman** Surveyor, Early Childhood, Educator (Teachers Training) NCVT, Placement, Assistance, Installment-এর সুবিধা আছে। রবীন্দ্র পাঠ ভবন, বেলঘরিয়া, 2541-2244/ 83350-66915/98300-48759.

□

### নার্সিং কোর্সে ভর্তি

**GNM ও B. Sc (N) P.C. B.Sc সরাসরি** ভর্তির জন্য যোগাযোগ: 98303-88027 (11–4 PM) Gurukul Nursing Institute, Baruipur-144.

□

## স্কুল-কলেজ শিক্ষা

### টিচার্স ট্রেনিং

**প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেসরি** টিচার্স ট্রেনিং-এ ভর্তি চলছে। BSS Govt. of India approved. Placement Assistance. রবীন্দ্র পাঠভবন, হাওড়া: 90510-74736 / 98308-15220 টালিগঞ্জ: 98308-15220 শ্যামবাজার: 84428-66912.

□

### মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং

**Pre-Primary & Primary Teachers** Training approved by BSS (Govt. of India) সরাসরি ভর্তি চলছে। Placement. রবীন্দ্র পাঠ ভবন, বেলঘরিয়া: 83350-66915 / 033-2541-2244 কল্যাণী: 033-2502-5475 / 94323-65899.

□

### B. Ed / M. Ed @ 4,000/- PM

**বর্ধমান ও WBUTTEPA স্বীকৃত কলেজ** থেকে 100%, ফ্রি বই। রবিবার ক্লাস, SC /ST-দের স্কলারশিপের সুবিধা। IASBM, দমদম, Kol-30. 90733-86333 / 90733-86337.

□

### নার্সিং ট্রেনিং

**ভর্তি চলছে। ANM Nursing Training** (2 Yrs). Approved by BSS / NCVT / NSDC (Govt. of India) Installment ও Hostel-এর সুবিধা এবং চাকরির বিশেষ সুযোগ। Global Technical Institute (বেলেঘাটা, ফুলবাগান), M: 75969-71701 / 92315-51285.

□

## কর্মক্ষেত্র কারা পড়েন?

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ৩০০ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement–Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
**Phone:** 2283-2320, 2280-8818 □ **Fax:** 2287-6448
**E-mail:** advt@swarnakshar.in

## স্বর্ণাক্ষরে বেড়াবার বই ছোটদের বই

প্রথম ভারতীয় ভূপর্যটক
বিমল মুখার্জির
**দুচাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা।
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
সপ্তম মুদ্রণ ₹৩০০

শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির লেখা কবির দেখা
একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০

**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০

নবনীতা দেব সেনের
**ভ্রমণের নবনীতা**
নানা মহাদেশের মাটির
জলস্পর্শ আছে এ বইয়ে।
তৃতীয় মুদ্রণ ₹১২৫

অমরেন্দ্র চক্রবর্তীর
**বন্ধুভরা বসুন্ধরা**
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০

রবীন চক্রবর্তীর
**বাঁধা পথের বাঁধন ছেড়ে**
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে।
২য় সংস্করণ। ₹৯০

শঙ্কররঞ্জন রায়চৌধুরীর
**চিন তিব্বত মোঙ্গোলিয়া**
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ। ₹৯০

**সেরা ভ্রমণকাহিনী**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশ ভ্রমণের অন্তরঙ্গ কাহিনী।
১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড। ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড। ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই
**তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৬০
সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই
**বকবকম** ₹১৫
কানাইলাল চক্রবর্তীর
খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই
**চলো দেখে আসি**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০
**চড়ুইয়ের সঙ্গে** ₹১৫
**কুমির হয়ে জলে গেল** ₹৩০
পবিত্র সরকারের
**কথামালা: ছড়ায় ঢালা** ₹১৫
মৈত্রেয়ী নাগের
**বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৩০
**আষাঢ়ে গল্প** ₹৬০

অমরেন্দ্র চক্রবর্তীর
ছোটদের বই
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
**গরিলার চোখ** ₹৮০
**লিচুবাগানের চৌকিদার** ₹৮০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে**
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
**হীরু ডাকাত**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে: অবাক করা গানে-সুরে বাদ্যি-বাজনায় অভিনয়ে জমজমাট দু'ঘণ্টার অখণ্ড MP3 সিডি
**গৌর যাযাবর**
বিশ্বভারতীর যশোদা সেন পুরস্কারপ্রাপ্ত।
পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
**শাদা ঘোড়া** ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
**টিয়াগ্রামের ফিঙেনদী**
সুব্রজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫
**ঋষিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹৪০
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ডোঙা** ₹২০

**স্বর্ণাক্ষর**
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

স্বনির্ভরতার নানা পথ

# শিল্পজিজ্ঞাসা

☐ *বাংলা কর্মসংস্থান প্রকল্প থেকে ঋণ পাওয়ার জন্য কী কী শর্ত পূরণ করতে হয়? —অন্তরা পাল, ঘূর্ণি, কৃষ্ণনগর।*

☐☐ প্রথমত, কী ব্যবসা করবেন সেটা নির্দিষ্ট করতে হবে। কীভাবে ব্যবসাটা করবেন সে-সম্পর্কে একটা যুক্তিগ্রাহ্য পরিকল্পনা থাকতে হবে। ব্যক্তিগত মালিকানায় ব্যবসার জন্য 'আত্মমর্যাদা' প্রকল্প থেকে ঋণ পাওয়া যায়। পারিবারিক মাসিক আয় ১৫ হাজার টাকার মধ্যে থাকলে তবেই এই প্রকল্পের অধীনে ঋণের জন্য আবেদন করা যায়। বয়স হতে হবে ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে। ছোট উৎপাদন ইউনিটের ক্ষেত্রে ৫ লক্ষ টাকা এবং ট্রেডিং ব্যবসার ক্ষেত্রে ১ লক্ষ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে কোল্যাটারাল সিকিউরিটির দরকার হয় না। ঋণের ৩০ শতাংশ বা সর্বাধিক দেড় লক্ষ টাকা পাওয়া যাবে সরকারি অনুদান বাবদ। বাকি অর্থ দেবে ব্যাঙ্ক। 'আত্মমর্যাদা' প্রকল্পের অধীনে সর্বাধিক ১০ লক্ষ টাকা পাওয়া যেতে পারে ঋণ ও অনুদান বাবদ। ঋণের অর্থ সাধারণত ৫ থেকে ৭ বছরের মধ্যে সুদ-সহ পরিশোধ করতে হয়। খুঁটিনাটি আরও তথ্য জানার জন্য যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: সোসাইটি ফর সেল্ফ এমপ্লয়মেন্ট অব আনএমপ্লয়েড ইয়ুথ, ওয়েস্ট বেঙ্গল, ১৪২, লেনিন সরণি, কলকাতা-৭০০ ০১৩। ফোন: ২২৩৬-৪৯৪৩/৭২৩৩।

☐ *পুরুলিয়া জেলায় কি আঙুর চাষ হতে পারে? আমি বাণিজ্যিক আঙুর চাষের সম্ভাবনার কথাই জানতে চাইছি। —অসীম পাত্র, বলরামপুর, পুরুলিয়া।*

☐☐ ন্যাশনাল রিসার্চ সেন্টার ফর গ্রেপসের (এন আর সি জি) রিপোর্ট অনুসারে পুরুলিয়া ও বাঁকুড়ার বিভিন্ন অঞ্চলে আঙুর চাষের ভালো সম্ভাবনা রয়েছে। পুরুলিয়ার অযোধ্যা পাহাড় সংলগ্ন অঞ্চল এবং বলরামপুর, বাঁকুড়ার তালড্যাংরা ও ছাতনার কিছু অংশে বাণিজ্যিক আঙুর চাষ হতে পারে বলে এন আর সি জি-র ওই রিপোর্টে জানানো হয়েছে। পশ্চিমবঙ্গ সরকারও এই দুই জেলায় বাণিজ্যিক আঙুর চাষের লক্ষ্যে উদ্যোগী হয়েছে। আরও তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: জেলা হর্টিকালচার অফিস, জেলা পরিষদ ভবন, পুরুলিয়া। ফোন: (০৩২৫২) ২২৭২৪৮। যোগাযোগ করতে পারেন পশ্চিমবঙ্গ সরকারের হর্টিকালচার বিভাগের সদর দপ্তরেও, ঠিকানা: ময়ূখ ভবন, সল্টলেক, কলকাতা-৭০০ ০৯১। ফোন: ৯৪৩৩৫ ৮১২৫৪।


Veedol

ASDC / NSDC (GOVT. OF INDIA) কর্তৃক মোটর মেকানিক শিক্ষার জন্য অবৈতনিক ছাত্র ভর্তি চলিতেছে

Skill India

ASDC

| | |
|---|---|
| প্রশিক্ষণ দেওয়া হয় | মোটরগাড়ী কোর্স (৬ মাস) ও মোটর বাইক কোর্স (৩ মাস) |
| শিক্ষাগত যোগ্যতা | ন্যূনতম অষ্টম শ্রেণী উত্তীর্ণ |
| বয়সসীমা | ১৮ বৎসর হইতে ৪০ বৎসর পর্যন্ত |
| আসন সংখ্যা | ২৫ জন (মোটরগাড়ী) এবং ২৫ জন (মোটর বাইক) |

Final পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর GOVT. OF INDIA কর্তৃক একটি মূল্যবান প্রশংসাপত্র (CERTIFICATE) প্রদান করা হয় এবং শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বৃত্তি প্রদান করা হয়। Driving সম্বন্ধে বেসিক ধারনা দেওয়া হয়।

শিক্ষা প্রতিষ্ঠানে উত্তীর্ণ ছাত্রদের JOB (কাজের) Campus Interview-এর ব্যবস্থা আছে। নামী Employers (নিয়োগকর্তারা) Mahindra, Hyundai, Honda, Ashok Leyland, Maruti, Honda Motor Cycles, Suzuki Motorcycles, Royal Enfield আমাদের শিক্ষা প্রতিষ্ঠানে এসে উত্তীর্ণ ছাত্রদের চাকরীর ব্যবস্থা করে।

মন্তব্য:
১. Final পরীক্ষায় গত ৫ বছরে গড় উত্তীর্ণ ছাত্র: 95%
২. গড় উত্তীর্ণ ছাত্রদের গত ৫ বছরে চাকরীর ব্যবস্থা করা হয়েছে: 80%
সত্বর যোগাযোগ করুন (আসন সংখ্যা সীমিত)

**VEEDOL AUTO MECHANIC ACADEMY**
AFFILIATED TO ASDC / NSDC (GOVT. OF INDIA)
Near Thakurpukur Cancer Hospital, M.G. Road, Thakurpukur, Kolkata - 700 104
Mobile: 89022 43328 / 95472 27662



# নিশ্চিত চাকুরি মুখী কোর্স

**100% Placement Assistance**

6 Months /1 Yr. / 2 Yrs. / 3Yrs. courses available

☆ Mobile Repairing / Hardware & Networking
(Android / I-Phone) (Laptop / printer)

☆ Management Courses :
( Office / Tourism / Retail / Export & Import )

☆ JOURNALISM / FASHION / INTERIOR / PARA MEDICAL
Mass Comm. Design Decoration (X-RAY, OTT, PT, DT)

☆ Ast. NURSING (ANM /GNM) / Lab Technology (DMLT)

Independence Day offer Scholarship upto 90%

+ ডিগ্রি / ডিপ্লোমা Under UGC Approved University
+ Get Salary Up to 3 lacs P.A. + Loan Facility
+ A.C Class room + Hostel Facility (Boys / Girls)
+ Flexible class timing (Also Sunday)
+ International Job Assistance + IELTS / TOEFL Classes

Joint Entrance Classes ( কোচিং )
NEET / JEE (MAIN + ADVANCE)
VOCLET JEXPO WBJEE
JELET CLAT IPM
JENPAUH MAT CET

**Mindmine**
**Institute For Skill Training (MIST)**
Regd. Society under Govt. Of W.B ( Group Estd.1998 )
Website :www.mindmineskillindia.com
+ মৌলালী (Taltala) + ঠাকুরপুকুর (Joka)
@7595077657 @7595077656






আপনার লেখা প্রকাশিত করতে লেখা পাঠান
Email : help.ekdn@gmail.com

নীরব আলো
সম্পূর্ণ বিনামূল্যের
মাসিক অনলাইন ম্যাগাজিন
কবিতা, গল্প, ছোটগল্প,
ধারাবাহিক, অনুগল্প, অঙ্কন
আজই ডাউনলোড
করুন বিনামূল্যে
Free Download
www.eNirobAalo.tk

# কর্মক্ষেত্র কর্মসহায়ক

**নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।**



*আমরা যাকে জিনিয়াস বলি তার দুই শতাংশ মাত্র প্রতিভা, বাকি আটানব্বই শতাংশই পরিশ্রমের ফসল।*
*— থমাস আলভা এডিসন*
*(মার্কিন বিজ্ঞানী, ইলেক্ট্রিক বাল্বের আবিষ্কর্তা)*

***✓ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা করেছি। অ্যাপ্রেন্টিসশিপ করতে চাই। এখনই কোথাও দরখাস্ত করার সুযোগ আছে কি? অ্যাপ্রেন্টিসশিপের মেয়াদ কেমন হয়? ট্রেনিংয়ের সময়ে স্টাইপেন্ড পাওয়া যায় কি?***

*শিবাজি দত্ত, হরিনাভি, কলকাতা।*

☐আপনি অ্যাপ্রেন্টিসশিপ অ্যাক্ট, ১৯৬১ অনুসারে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিতে পারেন। ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে সাধারণত ট্রেনিংয়ের মেয়াদ এক বছর। ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন।

***এখনই আবেদন করতে পারেন:*** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা ও ডিগ্রিধারীদের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেক্ট্রিসিটি ট্রান্সমিশন কোম্পানি। এক বছরের ট্রেনিং। ডিপ্লোমা ইঞ্জিনিয়াররা ট্রেনিং চলাকালীন প্রতি মাসে ৩,৫৪২ টাকা করে স্টাইপেন্ড পাবেন। 'কর্মক্ষেত্র'-র ৪ সেপ্টেম্বর সংখ্যায় 'রাজ্য ইলেক্ট্রিসিটি ট্রান্সমিশনে টেকনিশিয়ান ও গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস' শীর্ষক সংবাদে এই ট্রেনিং-সংক্রান্ত প্রয়োজনীয় সংবাদ জানানো হয়েছে। ২০১৬-র আগে ডিপ্লোমা বা ডিগ্রি পেয়ে থাকলে ট্রেনিং নেওয়ার জন্য আবেদন করা যাবে না। রেজিস্ট্রেশন করতে হবে ১৪ সেপ্টেম্বরের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mhrdnats.gov.in

> ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা ও ডিগ্রিধারীদের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেক্ট্রিসিটি ট্রান্সমিশন কোম্পানি। এক বছরের ট্রেনিং। ডিপ্লোমা ইঞ্জিনিয়াররা ট্রেনিং চলাকালীন প্রতি মাসে ৩,৫৪২ টাকা করে স্টাইপেন্ড পাবেন।

***পরে আবেদন করতে পারবেন:*** বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থায় ডিগ্রি ও ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের জন্য অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের ব্যবস্থা আছে। ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি প্রকাশিত হলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর জানানো হয়।

***✓বি বি এ ডিগ্রি সম্পূর্ণ হয়েছে এ বছর। কম্পিউটার অ্যাপ্লিকেশনের সার্টিফিকেট কোর্স করেছি। ডেটা এন্ট্রি জানি। একটি সংস্থায় ডেটা এন্ট্রির চাকরি করি। সরকারি চাকরিতে যোগ দিতে চাই। এখনই কোথাও চাকরির জন্য দরখাস্ত করার সুযোগ আছে কি? আমি আবেদন করতে পারি এরকম চাকরিগুলির কথা জানালে উপকৃত হব।***

*সন্দীপন জানা, বাঘাযতীন, কলকাতা।*

☐গ্র্যাজুয়েট যোগ্যতার বিভিন্ন চাকরির জন্যই আপনি আবেদন করতে পারবেন। চাকরির লিখিত পরীক্ষার জন্য প্রস্তুত থাকুন।

***এখনই আবেদন করতে পারেন:*** ১৭০ জন অ্যাসিস্ট্যান্ট সুপারভাইজর নেবে এয়ার ইন্ডিয়া ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস। কম্পিউটারের অন্তত ৬ মাসের সার্টিফিকেট কোর্স করে থাকলে এবং ডেটা এন্ট্রি জানা থাকলে আবেদন করা যাবে। শিক্ষাগত যোগ্যতা: গ্র্যাজুয়েট। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ৪ সেপ্টেম্বর সংখ্যায় 'এয়ার ইন্ডিয়ায় ১৭০ অ্যাসিস্ট্যান্ট সুপারভাইজর' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। ২৮ সেপ্টেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.airindia.in

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকার প্রতিবছরই বেশ কিছু ডেটা এন্ট্রি অপারেটর নিয়োগ করে থাকে। প্রার্থী বাছাই করে স্টাফ সিলেকশন কমিশন। আপনি স্টাফ সিলেকশন কমিশনের ডেটা এন্ট্রি অপারেটর নিয়োগের

> ১৭০ জন অ্যাসিস্ট্যান্ট সুপারভাইজর নেবে এয়ার ইন্ডিয়া ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস। কম্পিউটারের অন্তত ৬ মাসের সার্টিফিকেট কোর্স করে থাকলে এবং ডেটা এন্ট্রি জানা থাকলে আবেদন করা যাবে। শিক্ষাগত যোগ্যতা: গ্র্যাজুয়েট।

পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারবেন। ভারতীয় ডাকবিভাগ পোস্টাল অ্যাসিস্ট্যান্ট/সর্টিং অ্যাসিস্ট্যান্ট নিয়োগ করে। এই পদের ক্ষেত্রে টাইপিং জানতে হয়। ডেটা এন্ট্রি জানেন যখন, তখন একটু প্র্যাক্টিস করলেই টাইপিংয়েও আপনার দক্ষতা তৈরি হয়ে যাবে। সরকারি বিভিন্ন সংস্থা, পুরসভা, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতিতে ডেটা এন্ট্রি অপারেটর নিয়োগ করা হয়। নিয়োগের বিজ্ঞপ্তি বেরোলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর পাবেন।

আপনি বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের গ্র্যাজুয়েট। ফলে ব্যাঙ্ক ও বিমা সংস্থার চাকরির জন্য বিশেষ উদ্যোগ নিতে পারেন। আপনি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিতে ক্লার্ক এবং প্রবেশনারি অফিসার এবং রাষ্ট্রায়ত্ত গ্রামীণ ব্যাঙ্কগুলিতে অফিসার ও অফিস-অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। তবে, ব্যাঙ্কের যে-কোনও পদে আবেদনের জন্য আগে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের পরীক্ষায় পাশ করতে হবে। এই পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর বিশদে জানানো হয়ে থাকে। স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার ক্লার্ক, প্রবেশনারি অফিসার, কাস্টমার রিলেশন অফিসার পদে আবেদনের জন্য ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের পরীক্ষায় বসার দরকার হয় না। সরাসরিই আবেদন করা যায়। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট ও অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার পদে আবেদন করতে পারবেন।

রেলে ট্র্যাফিক অ্যাপ্রেন্টিস, কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস, অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার, গুডস গার্ড পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারে অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামিং অফিসার পদে আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আছে আরও চাকরি। কেন্দ্রীয় সরকারে অফিসার গ্রেডের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের অফিসার গ্রেডের চাকরির জন্য মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারবেন। টাইপিংয়ের তালিম নিয়ে নিলে রেলে সিনিয়র টাইমকিপার, বুকিং ক্লার্ক পদে আবেদন করতে পারবেন।

***✓ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স নিয়ে উচ্চমাধ্যমিক পাশ করেছি এ বছর। বর্তমানে ইংরেজি অনার্স পড়ছি। আমি সামরিক বাহিনীতে চাকরি করতে চাই। আমি সামরিক বাহিনীর কোন কোন পদে আবেদন করতে পারব জানতে চাই।***

*তন্ময় শিকদার, কোনাচিতি, বর্ধমান।*

☐শিক্ষাগত যোগ্যতা অনুসারে আপনি সেনাবাহিনীর সোলজার টেকনিক্যাল ও সোলজার জেনারেল ডিউটি পদে আবেদন করতে পারবেন। র‍্যালির মাধ্যমে এই দুই পদে নিয়োগ হয়। সোলজার টেকনিক্যাল পদের ক্ষেত্রে শুধু ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স নিয়ে উচ্চমাধ্যমিক পাশ তরুণরা র‍্যালিতে অংশগ্রহণ করতে পারবেন। সোলজার জেনারেল ডিউটি পদের শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক। এই দুই পদের ক্ষেত্রেই প্রার্থীর উচ্চতা হতে হবে ১৬৯ সেমি। বুকের ছাতির মাপ হতে হবে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৭ ও ৮২ সেমি।

আপনি আর্মি, নেভি ও এয়ারফোর্সে অফিসার ক্যাডারে চাকরির জন্য আবেদন করতে পারবেন। আর্মি ও নেভির ক্ষেত্রে প্রয়োজনীয় উচ্চতা ১৫৭ সেমি। এয়ারফোর্সের ক্ষেত্রে উচ্চতা হতে হবে ১৬২.৫ সেমি। প্রার্থী বাছাই হয় ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি অ্যান্ড ন্যাভাল অ্যাকাডেমির পরীক্ষার মাধ্যমে।

উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৭০ শতাংশ নম্বর থাকলে এয়ারফোর্সে এয়ারম্যান পদে চাকরির সুযোগ আছে। আপনি নেভিতেও সেলার পদের জন্য আবেদন করতে পারবেন।

উপরোক্ত যে কোনও পদে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর জানানো হয়।

***এখনই আবেদন করতে পারেন:*** মুর্শিদাবাদের বহরমপুর স্টেডিয়ামে একটি র‍্যালির মাধ্যমে সেনাবাহিনীতে কয়েকশো সোলজার নিয়োগ করা হবে। উচ্চমাধ্যমিক, মাধ্যমিক ও ক্লাস এইট পাশ তরুণরা এই র‍্যালিতে অংশগ্রহণ করতে পারবেন। র‍্যালি আয়োজিত হবে ৪ থেকে ১১ নভেম্বর। মুর্শিদাবাদ, বর্ধমান, নদিয়া ও বীরভূমের প্রার্থীরা এই র‍্যালিতে অংশগ্রহণ করতে পারবেন। আপনি সোলজার টেকনিক্যাল (অ্যাভিয়েশন/অ্যামুনিশন) পদের র‍্যালিতে অংশগ্রহণ করতে পারেন। উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকতে হবে। ১৯ অক্টোবরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in এবারের 'কর্মক্ষেত্র'-য় 'সেনাবাহিনীতে কয়েকশো সোলজার' শীর্ষক সংবাদে এই র‍্যালি-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে।

> মুর্শিদাবাদের বহরমপুর স্টেডিয়ামে একটি র‍্যালির মাধ্যমে সেনাবাহিনীতে কয়েকশো সোলজার নিয়োগ করা হবে। উচ্চমাধ্যমিক, মাধ্যমিক ও ক্লাস এইট পাশ তরুণরা এই র‍্যালিতে অংশগ্রহণ করতে পারবেন।

## কাজের দক্ষতাই চাকরির বাজারে আপনার মূল্য নির্ধারণ করবে



**ডঃ দীপঙ্কর বোস**
বিভাগীয় প্রধান, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ,
ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনিক্যাল টিচার্স ট্রেনিং অ্যান্ড রিসার্চ

আমি টেকনিক্যাল জগতের লোক। এই জগৎটার কথা তুলনামূলকভাবে ভালো বলতে পারি। আই টি আই থেকে ডিগ্রি ইঞ্জিনিয়ারিং, সাধারণভাবে এই পরিসরের মধ্যে কারিগরি ও প্রযুক্তি-বিষয়ক পড়াশোনার ক্ষেত্রটির বিস্তার। আলোচনা থেকে ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজির পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রির পড়াশোনার প্রসঙ্গটি বাদ রাখছি। কারণ, ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজির পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি কোর্স পড়ুয়ার সংখ্যা কম। যাঁরা পড়েন, তাঁরাও একটা নির্দিষ্ট লক্ষ্য নিয়ে এম ই বা এম টেক পড়েন।

আই টি আই, ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং এবং টেকনোলজি ও ইঞ্জিনিয়ারিংয়ের ব্যাচেলার্স ডিগ্রি কোর্স পড়েন বেশিরভাগ ছেলেমেয়ে। এই তিন স্তরের ছাত্রছাত্রীদের জন্যই কিন্তু চাকরি আছে। সরকারি বা রাষ্ট্রায়ত্ত সংস্থাতেও চাকরি আছে। তবে চাকরি কে পাবেন আর কার পেতে সমস্যা হবে তা নির্ভর করছে প্রার্থীর কারিগরি বা প্রযুক্তিগত দক্ষতার ওপর। আপনি হাতে-কলমে আপনার ট্রেডের একটি কারিগরি বা প্রযুক্তিগত কাজ করতে পারছেন কিনা সেটাই হবে প্রধান বিচার্য বিষয়।

লক্ষ করে দেখবেন আই টি আই কোর্স না করেও মাধ্যমিক যোগ্যতায় বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থায় অ্যাপ্রেন্টিসশিপ কোর্স করা যায়। অর্থাৎ বড় ওয়ার্কশপে গিয়ে হাতে-কলমে কাজ শেখা যায়। অনেক সংস্থা শুধু অ্যাপ্রেন্টিসশিপ কোর্সে প্রশিক্ষিতদেরই নিয়োগ করে থাকে। অর্থাৎ এইসব সংস্থা হাতে-কলমে কাজ জানা লোকেই চায়। তাই আই টি আই কোর্স পাশদের জন্যও অ্যাপ্রেন্টিসশিপ কোর্সের ব্যবস্থা রয়েছে। এখন বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থায় ডিপ্লোমা ও ডিগ্রিধারী ইঞ্জিনিয়ারদের জন্যও অ্যাপ্রেন্টিস কোর্সের ব্যবস্থা রয়েছে। আপনি ইঞ্জিনিয়ারিংয়ের তিন বছরের ডিপ্লোমা বা চার বছরের ডিগ্রি কোর্স করলেন। তারপর অ্যাপ্রেন্টিসশিপ কোর্স কেন? কারণ একটাই। বড় কোনও ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপে গিয়ে হাতে-কলমে কাজ করার মধ্য দিয়ে যে দক্ষতা আপনি অর্জন করবেন, কাজের বাজারে তা বিশেষভাবে গণ্য হবে।

প্রশ্ন হতে পারে, তাহলে চাকরি পাওয়ার জন্য অ্যাপ্রেন্টিসশিপ কোর্স কি করতেই হবে? না, অ্যাপ্রেন্টিস কোর্স বাধ্যতামূলক নয়। শুধু আই টি আই অথবা ডিপ্লোমা বা ডিগ্রি কোর্স সম্পূর্ণ করার পরও অবশ্যই চাকরি হতে পারে। অ্যাপ্রেন্টিসশিপ কোর্স করা থাকলে চাকরির বাজারে নিশ্চিতভাবেই এগিয়ে থাকবেন, এটা বলা যায়।

কারিগরি বা প্রযুক্তির কোর্স হাতে-কলমে কাজের শিক্ষাই দিয়ে থাকে। তাই থিওরির সঙ্গে প্র্যাক্টিক্যাল ক্লাস বিশেষ গুরুত্ব পায়। এমন তো হতেই পারে, যে মেশিনে আপনি আপনার শিক্ষাপ্রতিষ্ঠানে কাজ শিখছেন, সেটা অনেকটা পুরনো মেশিন। বাস্তবে কাজ করতে হবে অত্যাধুনিক মেশিনে। ওই যে গ্যাপ, সেটা পূরণ হয় কোনও ওয়ার্কশপে গিয়ে কাজ শেখার মধ্য দিয়ে।

তবে তাড়াতাড়ি চাকরি পাওয়ার প্রয়োজন থাকতে পারে কিংবা অ্যাপ্রেন্টিসশিপ কোর্স করার সুযোগ হয়তো পাওয়া গেল না, সেক্ষেত্রে আপনার কারিগরি বা প্রযুক্তির জ্ঞান অন্তত প্রখর হওয়া দরকার। আর যতটা কাজ শিক্ষাপ্রতিষ্ঠানে শেখার সুযোগ পাচ্ছেন তার পূর্ণ সদ্ব্যবহার করতে হবে। ওখানে ঢিলে দিলে চলবে না। ভারতে এখন পেশাদারি দক্ষতা বৃদ্ধির অভিযান চলছে। বাস্তবোচিত শিক্ষার ওপর জোর পড়ছে। শুধু ডিগ্রি, ডিপ্লোমার সার্টিফিকেটই আপনার হয়ে শেষ কথা বলবে না। কাজের দক্ষতাই চাকরির বাজারে আপনার মূল্য নির্ধারণ করবে।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

- ✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
- ✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
- ✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

### ইঞ্জিনিয়ারিংয়ের ব্যাচেলর্স ডিগ্রি কোর্সে ভর্তির সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষা শুরু ৬ জানুয়ারি

# জে ই ই মেন-২০২০



ইঞ্জিনিয়ারিং, টেকনোলজি, আর্কিটেকচার ও প্ল্যানিংয়ের ব্যাচেলর্স ডিগ্রি কোর্সে ভর্তির সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষা জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনের (মেন) পরীক্ষা ৬ জানুয়ারি থেকে ১১ জানুয়ারি। কম্পিউটারভিত্তিক পরীক্ষাটি পরিচালনা করবে ন্যাশনাল টেস্টিং এজেন্সি। পরীক্ষায় বসার জন্য এখন আবেদন করা যাচ্ছে।

উল্লেখ্য, জে ই ই (মেন) পরীক্ষার মাধ্যমে মেধাতালিকা অনুসারে ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজি, ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ইনফর্মেশন টেকনোলজি এবং কেন্দ্রীয় সাহায্যপ্রাপ্ত বিভিন্ন ইঞ্জিনিয়ারিং কলেজের ব্যাচেলর্স ডিগ্রি কোর্সে ভর্তি হওয়া যায়। জে ই ই-মেনে উত্তীর্ণরা জে ই ই (অ্যাডভান্সড) পরীক্ষায় বসতে পারবেন। ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি (আই আই টি)-তে ব্যাচেলর্স ডিগ্রি পড়ার জন্য জে ই ই-অ্যাডভান্সড-এর স্কোর দরকার হয়।

এন টি এ-এর তরফে জানানো হয়েছে জে ই ই (মেন) পরীক্ষা দু'বার করে দেওয়া যাবে এবং তার মধ্যে পাওয়া সর্বোচ্চ স্কোরের ভিত্তিতে মেধা তালিকা তৈরি করা হবে।

**আবেদনের যোগ্যতা:** ৭৫ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৬৫ শতাংশ) নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ।

উপরোক্ত যোগ্যতা ছাড়াও বি ই ও বি টেক কোর্স পড়তে ইচ্ছুকদের ক্ষেত্রে উচ্চমাধ্যমিকে আবশ্যিক বিষয় হিসেবে ফিজিক্স ও ম্যাথমেটিক্স এবং সেইসঙ্গে কেমিস্ট্রি, বায়োটেকনোলজি, বায়োলজি বা কোনও টেকনিক্যাল ভোকেশনাল বিষয় পড়ে থাকতে হবে। বি আর্কের ক্ষেত্রে ম্যাথমেটিক্স, ফিজিক্স ও কেমিস্ট্রি পড়ে থাকতে হবে এবং তিনটি বিষয়েই অন্তত ৫০ শতাংশ করে নম্বর পেয়ে থাকতে হবে। বি প্ল্যানিংয়ের ক্ষেত্রে আবশ্যিক বিষয় হিসেবে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে এবং ওই বিষয়ে অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

যাঁরা ২০২০-য় উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় বসবেন তাঁরাও ২০২০-র জে ই ই (মেন) পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারেন। ২০১৮-র আগে উচ্চমাধ্যমিক পাশ করে থাকলে ২০২০-র জে ই ই (মেন) পরীক্ষায় বসা যাবে না।

পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। বি ই ও বি টেক কোর্সের জন্য পরীক্ষা নেওয়া হবে ম্যাথমেটিক্স, ফিজিক্স এবং কেমিস্ট্রি বিষয়ে। বি আর্ক-এর ক্ষেত্রে নেওয়া হবে ম্যাথমেটিক্স, অ্যাপ্টিটিউড টেস্ট এবং ড্রয়িং টেস্ট। বি প্ল্যানিংয়ের ক্ষেত্রে থাকবে ম্যাথমেটিক্স, অ্যাপ্টিটিউড এবং প্ল্যানিং সংক্রান্ত প্রশ্ন। পরীক্ষা হবে কম্পিউটারভিত্তিক। তবে বি আর্ক-এর ক্ষেত্রে ড্রয়িং টেস্ট নেওয়া হবে খাতায়-কলমে। জে ই ই-মেন বুলেটিনে বিষয় অনুসারে পরীক্ষার সিলেবাস পাওয়া যাবে।

কম্পিউটারভিত্তিক পরীক্ষা নেওয়া হবে দু'টি শিফটে। প্রথম শিফট সকাল সাড়ে ৯টা থেকে দুপুর সাড়ে ১২টা। দ্বিতীয় শিফট দুপুর আড়াইটে থেকে বিকেল সাড়ে ৫টা পর্যন্ত। পরীক্ষা ৬ জানুয়ারি থেকে ১১ জানুয়ারির মধ্যে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল (ব্র্যাকেটে সিটি কোড): আসানসোল (ডব্লু বি ০১), বর্ধমান (ডব্লু বি ০২), দুর্গাপুর (ডব্লু বি ০৪), হুগলি (ডব্লু বি ০৬), হাওড়া (ডব্লু বি ০৭), কল্যাণী (ডব্লু বি ০৮), শিলিগুড়ি (ডব্লু বি ১১) ও কলকাতা (ডব্লু বি ১০)।

**কীভাবে আবেদন করবেন:** অনলাইন আবেদন করতে পারবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.jeemain.nta.nic.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর। মনে রাখবেন, অনলাইনে দরখাস্ত পূরণ করার সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে) ও সই (জে পি জি ফর্ম্যাটে ৪ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

পরীক্ষার ফি সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ৬৫০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং ট্রান্সজেন্ডার প্রার্থীদের ক্ষেত্রে ৩২৫ টাকা। একাধিক কোর্সে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীদের ক্ষেত্র ফি ১,৩০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং ট্রান্সজেন্ডার প্রার্থীদের ক্ষেত্রে ফি ৬৫০ টাকা। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিং না ইউ পি আই বা পেটিএমের মাধ্যমে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ১ অক্টোবর। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিট করার পর এক কপি পূরণ করা অ্যাপ্লিকেশন ফর্মের (কনফার্মেশন পেজ) প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

অনলাইন দরখাস্ত পূরণের সময় কোনও ত্রুটি হয়ে থাকলে, তা ১১ থেকে ১৭ অক্টোবরের মধ্যে ওয়েবসাইটে গিয়ে সংশোধন করা যাবে। ৬ ডিসেম্বর থেকে পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে উপরোক্ত ওয়েবসাইটের মাধ্যমে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ে দেশি ও বিদেশি ভাষার কোর্স

বিভিন্ন দেশি-বিদেশি ভাষার সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের স্কুল অব ল্যাঙ্গুয়েজেস অ্যান্ড কালচার। ভাষাগুলি হল: ইংরেজি, ফ্রেঞ্চ, জার্মান, চাইনিজ, জাপানি, স্প্যানিশ, ইতালিয়ান, তিব্বতি, রুশ, আরবি, সাঁওতালি, হিন্দি, ফাংশনাল বাংলা, সংস্কৃত, তামিল এবং উর্দু। ক্লাস শুরু হবে নভেম্বরে। কোর্সের মেয়াদ ৬ মাস।

**শিক্ষাগত যোগ্যতা:** দেশি ভাষার ক্ষেত্রে মাধ্যমিক পাশ। বিদেশি ভাষার ক্ষেত্রে উচ্চমাধ্যমিক বা সমতুল পাশ।

ক্লাস নেওয়া হবে সপ্তাহে দু'দিন। বিদেশি ভাষার ক্ষেত্রে কোর্স ফি প্রতিটি স্তরের ক্ষেত্রে ২,২০০ টাকা এবং ভারতীয় ভাষার ক্ষেত্রে ১,৫০০ টাকা।

আবেদন গ্রহণ চলছে। প্রতিষ্ঠান থেকে যে-কোনও কাজের দিন দুপুর ১২টা থেকে বিকেল ৪টের মধ্যে আবেদনপত্র সংগ্রহ করতে হবে। প্রতিষ্ঠানের ঠিকানা: Office of the School of Languages and Culture, Rabindra Bharati University (Room no. 400, New Building), Emerald Bower Campus, 56A, B.T. Road, Kolkata-700 050. ভর্তি প্রক্রিয়া চলবে ২৬ সেপ্টেম্বর পর্যন্ত (দুপুর ১২টা থেকে বিকেল সাড়ে ৩টে পর্যন্ত)। তথ্যের জন্য যে-কোনও কাজের দিন দুপুর ১২টা থেকে বিকেল ৪টের মধ্যে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০৩৩) ২৫৫৮৪৪৪৩। ওয়েবসাইট: www.rbu.ac.in

# জ্যাম পরীক্ষা ৯ ফেব্রুয়ারি

২০২০ সালের জয়েন্ট অ্যাডমিশন টেস্ট ফর এম এসসি বা 'জ্যাম' পরীক্ষা হবে ৯ ফেব্রুয়ারি (রবিবার)। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে কলকাতা, খড়্গপুর, শিলিগুড়ি, আসানসোল-দুর্গাপুর ও কল্যাণীতে। পরীক্ষার আয়োজক আই আই টি কানপুর।

'জ্যাম' পরীক্ষায় সফল হলে খড়্গপুর আই আই টি-সহ ১৯টি আই আই টি (ইন্ডিয়ান ইনস্টিটিউটস অব টেকনোলজি)-তে ২০২০-২১ শিক্ষাবর্ষে দু'বছরের এম এসসি, জয়েন্ট এম এসসি-পি এইচ ডি, এম এসসি-পি এইচ ডি ডুয়াল ডিগ্রি, এম এসসি-এম এস (রিসার্চ), পি এইচ ডি ডুয়াল ডিগ্রি-সহ বিভিন্ন স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে পড়ার সুযোগ পাওয়া যাবে। এ ছাড়া বেঙ্গালুরুর ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্স, এন আই টি, বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়ও জ্যাম পরীক্ষার স্কোরের ভিত্তিতে প্রার্থী বাছাই করে থাকে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক প্রার্থীরা আবেদন করতে পারবেন। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকতে হবে।

জ্যাম-২০২০ অনলাইন পরীক্ষায় থাকবে ছ'টি পত্র— বায়োটেকনোলজি, কেমিস্ট্রি, জিওলজি, ম্যাথমেটিক্স, ম্যাথমেটিক্যাল স্ট্যাটিস্টিক্স এবং ফিজিক্স। প্রার্থী একটি বা দু'টি পত্রের পরীক্ষায় বসতে পারেন। প্রথম সেশনে পরীক্ষা হবে সকাল সাড়ে ৯টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত। এই সেশনে বায়োটেকনোলজি, ম্যাথমেটিক্যাল স্ট্যাটিস্টিক্স ও ফিজিক্স পরীক্ষা হবে। দ্বিতীয় সেশনে পরীক্ষা হবে দুপুর আড়াইটে থেকে বিকেল সাড়ে ৫টা পর্যন্ত। এই সেশনে বাকি তিনটি পত্রের পরীক্ষা হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://jam.iitk.ac.in আবেদন করা যাবে ৮ অক্টোবর পর্যন্ত। ফি বাবদ অনলাইনে দিতে হবে একটি পত্রের জন্য ১,৫০০ টাকা (মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৭৫০ টাকা) ও দু'টি পত্রের জন্য ২,১০০ টাকা (মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১,০৫০ টাকা)।

বিস্তারিত জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই ফোন: ০৫১২-২৫৯৭৪১২।

## স্কলারশিপের খোঁজখবর

### কিপ ইন্ডিয়া স্মাইলিং ফাউন্ডেশনাল স্কলারশিপ প্রোগ্রাম ফর এডুকেশন ২০১৯

মাধ্যমিক উত্তীর্ণ ও একাদশ-দ্বাদশ শ্রেণিতে পাঠরত এবং উচ্চমাধ্যমিক উত্তীর্ণ ও স্নাতক স্তরে পাঠরত ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে কোলগেট ও পামোলিভ ইন্ডিয়া লিমিটেড। আর্থিকভাবে অনগ্রসর ছাত্রছাত্রীদের দেওয়া হবে এই স্কলারশিপ। কোর্সের মেয়াদ অনুযায়ী স্কলারশিপ দেওয়া হবে। স্কলারশিপের পরিমাণ প্রতি বছরে ৩০,০০০ টাকা।

**আবেদনের যোগ্যতা:** একাদশ-দ্বাদশ শ্রেণিতে পাঠরতদের ক্ষেত্রে ৭৫ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক পাশ। স্নাতক কোর্সে পাঠরতদের ক্ষেত্রে অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ। ২০১৯ সালে মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক পাশ করে থাকতে হবে। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৫ লাখের নীচে।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/Karma/COS1 আবেদনের শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর।

### এ আই সি টি ই পি জি (গেট/জিপ্যাট) স্কলারশিপ ২০১৯-২০

ইঞ্জিনিয়ারিং, আর্কিটেকচার ও ফার্মাসি নিয়ে স্নাতকোত্তর কোর্স পড়তে ইচ্ছুক ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে অল ইন্ডিয়া কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশন। কেন্দ্রের মানব সম্পদ উন্নয়ন মন্ত্রকের সঙ্গে যৌথ উদ্যোগে দেওয়া হবে এই স্কলারশিপ।

**আবেদনের যোগ্যতা:** এম ই বা এম টেক বা এম ফার্মা বা এম আর্ক কোর্সের প্রথম বর্ষে পাঠরত হবে। অবশ্যই গেট বা জি-প্যাট পরীক্ষায় বৈধ স্কোর করে থাকতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** প্রতি মাসে ১২,৪০০ টাকা।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://www.aicte-india.org/schemes/students-development-schemes আবেদনের শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর।

*(তথ্য সহায়তা: buddy4study)*

# স্টেট ব্যাঙ্কে ৩১৭

*প্রথম পাতার পর*

ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক অথবা ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার সায়েন্সে এম এসসি অথবা এম সি এ। সঙ্গে ইনফর্মেশন টেকনোলজি ক্ষেত্রে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** সব ক্ষেত্রেই ৩০-৬-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। **বেতনক্রম:** ২৩,৭০০-৪২,০২০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে একটি অনলাইন লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে রিজনিং (৫০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৩৫ নম্বর), ইংলিশ (৩৫ নম্বর) এবং সংশ্লিষ্ট বিষয়ে (১৫০ নম্বর)। লিখিত পরীক্ষার সম্ভাব্য তারিখ ২০ অক্টোবর। মোট সময় ২ ঘণ্টা ৪০ মিনিট। ১০ অক্টোবর থেকে পরীক্ষার কললেটার ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.sbi.co.in

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটগুলির যে-কোনও একটির মাধ্যমে: https://bank.sbi/careers, https://www.sbi.co.in/careers প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ২৫ সেপ্টেম্বর। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর জেপিজি বা জে পি ই জি ফর্ম্যাটে স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো (২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং কালো কালি দিয়ে করা সই (১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। এছাড়াও প্রার্থীর সংক্ষিপ্ত জীবনপঞ্জি, সচিত্র পরিচয়পত্র, বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র, কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে), দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে), অভিজ্ঞতার সার্টিফিকেট পি ডি এফ ফর্ম্যাটে স্ক্যান করে আপলোড করতে হবে। প্রতিটি নথির সাইজ হতে হবে ৫০০ কেবি-র মধ্যে।

আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিট করার পর সিস্টেম জেনারেটেড রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। পূরণ করা আবেদনপত্রের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ৭৫০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ১২৫ টাকা)। ফি জমা দেওয়া যাবে ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউট কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

JYOTI CERAMIC INDUSTRIES PVT. LTD.
A LEADER IN TECHNICAL CERAMICS
is looking for
DEALERS
FOR MARKETING
CERAMIC GRINDING MEDIA - WEST BENGAL
Dealer should have previous experience in marketing similar products. Should have adequate qualified marketing team to achieve set targets and having good contacts with Paint, Colour, Chemical, Mineral etc. manufacturing industries. Should have adequate storage space.
Interested parties / persons please email your business / personal profiles to :
mktgm@jyoticeramic.com

**UNIVERSITY OF NORTH BENGAL**
**Office of the Registrar**
**P.O. N.B.U., Dist. Darjeeling, Pin-734013**

Applications in the prescribed format are invited within 16.10.2019 from bonafide Indian citizens for filling – up of vacancies to the under mentioned teaching substantive posts:

A. **Professor :** Geog. & App. Geog. – 1 (SC-1), Centre for Himalayan Studies – 1 (OBC-A-1), Mathematics – 2 (SC-2), Economics – 1 (OBC-B-1), English-1 (SC-1), Chemistry – 1 (UR-PH-1), Physics-2 (OBC –A – 1, SC-1), Pol. Sc. -2 (SC-2), Comp. Sc. & Appl. – 1 (SC), Hindi – 1 (SC), Zoology-1 (UR), Botany – 2 (UR-1, ST-1), HRDC – 1 (UR-1).

B. **Associate Professor :** Mathematics-1 (SC-1), Philosophy-1 (OBC-A-1), Commerce-3 (SC-2, UR-1), Political Science-2 (SC-1, OBC-B-1), Comp. Sc. & Appl. – 1 (UR-PH-1), Physics- 2 (UR-PH-1, OBC –A-1), Lib. & Inf. Sc. -1 (SC-1), Management -1 (SC-1), Microbiology-1 (OBC-B-1), Economics-1 (SC-1), HECRC-1 (UR-1), Sanskrit -1 (OBC-A-1), Bio-Informatics-1 (UR-1), Education -1 (SC-1), Geology-1 (OBC-B-1), DLLE-1 (UR-1), Mass. Comm. -1 (UR-1), Chemistry – 4 (UR-1, OBC-A-2, OBC-B – 1), Pharmaceutical Technology – 1 (SC), Food Technology – 1 (SC), Centre for Himalayan Studies -1 (ST-1), HRDC – 1 (UR-1).

C. **Assistant Professor :** Law-2 (SC-2), Physics-1 (SC-1), Chemistry – 1 (UR-1), Mathematics -2 (SC-1, ST-1), Computer Science & Application -2 (OBC-A-1, UR-1).

Detailed information, specialization, if any, qualification and Application Form will be available in the university portal **www.nbu.ac.in (Recruitment Section)**. Those who are employed must apply through proper channel. Filled in Application Form, complete in all respects and signed by the candidate, along with requisite fees must be submitted online at www.nbu.ac.in on or before **16.10.2019.**

Those intending to apply for Posts under A & B must download from the website www.nbu.ac.in the PDF form of Academic / Research Score Sheet, take print out, fill in all relevant fields and attach all supporting documents as per instructions contained therein, and send the same to the University.

**Candidates who had applied earlier for the post of Associate Professor / Professor of Human Resource Development Centre (HRDC) in response to our earlier advertisement no 38/R-18, dated 30.05.2018 are required to apply again as per UGC Regulations 2018 (notification dated 18.07.2018) and submit the online application form & Academic / Research Score Sheet available in the portal www.nbu.ac.in . Such applicants may claim exemption from paying the application fee on inserting the old bank draft number submitted earlier.**

Advt. No. 92/19 Dated : 10/09/2019 **Registrar**

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## ইউ পি এস সি

☐ *ইউ পি এস সি আয়োজিত 'কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস' পরীক্ষার এয়ারফোর্স অ্যাকাডেমিতে ভর্তির জন্য কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত জানাবেন। —কাবেরী দাস, সাগরদিঘি, মুর্শিদাবাদ।*

☐☐ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস' পরীক্ষার এয়ারফোর্স অ্যাকাডেমিতে ভর্তির ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক ডিগ্রি। উচ্চমাধ্যমিকে অবশ্যই ফিজিক্স ও অঙ্কে পাশ করে থাকতে হবে। ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরাও আবেদনের যোগ্য। শুধুমাত্র অবিবাহিত তরুণরা আবেদন করতে পারবেন। এর পাশাপাশি, উচ্চতা থাকতে হবে ১৬২.৫ সেমি। উচ্চতা ও বয়সের অনুপাতে মানানসই ওজন থাকতে হবে। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফেলানোর ক্ষমতা থাকতে হবে। এ ছাড়া লম্বায় পায়ের মাপ হতে হবে ৯৯-১২০ সেমি, থাই হতে হবে লম্বায় সর্বোচ্চ ৬৪ সেমি ও বসে থাকা অবস্থায় উচ্চতা হতে হবে ৮১.৫-৯৬ সেমি। দৃষ্টিশক্তি থাকতে হবে চশমা ছাড়া এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে এই তিন বিষয়ে: ইংলিশ, জেনারেল নলেজ, এলিমেন্টারি ম্যাথমেটিক্স। প্রতিটি বিষয় ১০০ নম্বরের। সময় ২ ঘণ্টা করে। প্রশ্ন হবে অবজেক্টিভ ধরনের। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। লিখিত পরীক্ষায় সফল হলে ৩০০ নম্বরের ইন্টারভিউ। খুঁটিনাটি জানতে দেখুন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

☐ *ইউ পি এস সি আয়োজিত ফরেস্ট সার্ভিস ও সিভিল সার্ভিসের কি একটিই প্রিলিমিনারি পরীক্ষা হয়? একজন প্রার্থী কি সিভিল সার্ভিস ও ফরেস্ট সার্ভিস উভয়ের জন্যই প্রিলিমিনারি পরীক্ষা দিতে পারবে? প্রিলিমিনারি পরীক্ষার ধরনধারণ সম্পর্কে বিশদে জানতে চাই। —পরিমল ঘোষ, বাগনান, হাওড়া।*

☐☐ হ্যাঁ, সিভিল সার্ভিস ও ফরেস্ট সার্ভিসের জন্য প্রার্থীদের একটিই প্রিলিমিনারি পরীক্ষা দিতে হবে। প্রিলিমিনারি পরীক্ষাটি শুধুমাত্র সিভিল সার্ভিসের জন্য অথবা শুধুমাত্র ফরেস্ট সার্ভিসের জন্য অথবা উভয় সার্ভিসের জন্যই দেওয়া যাবে। সিভিল সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষা হয় দু'টি পেপারের। প্রতিটি পেপারেই ২০০ নম্বরের অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন থাকে। সময়সীমা প্রতি পেপারে ২ ঘণ্টা করে। প্রথম পেপারে প্রশ্ন হয় এই সব বিষয়ে: কারেন্ট ইভেন্টস অব ন্যাশনাল অ্যান্ড ইন্টারন্যাশনাল ইমপর্ট্যান্স। হিস্ট্রি অব ইন্ডিয়া অ্যান্ড ইন্ডিয়ান ন্যাশনাল মুভমেন্ট। ইন্ডিয়া অ্যান্ড ওয়ার্ল্ড জিওগ্রাফি— ফিজিক্যাল, সোশ্যাল, ইকনমিক জিওগ্রাফি অব ইন্ডিয়া অ্যান্ড দ্য ওয়ার্ল্ড। ইন্ডিয়ান পোলিটি অ্যান্ড গভর্ন্যান্স— কনস্টিটিউশন, পলিটিক্যাল সিস্টেম, পঞ্চায়েতি রাজ, পাবলিক পলিসি, রাইটস ইস্যুস প্রভৃতি। ইকনমিক অ্যান্ড সোশ্যাল ডেভেলপমেন্ট, সাস্টেইনেবল ডেভেলপমেন্ট, পভার্টি, ইনক্লুশন, ডেমোগ্রাফিক্স, সোশ্যাল সেক্টর ইনিশিয়েটিভস প্রভৃতি। জেনারেল ইস্যুস অন এনভায়রনমেন্টাল ইকোলজি। বায়োডাইভার্সিটি অ্যান্ড ক্লাইমেট চেঞ্জ (স্পেশ্যালাইজেশন ব্যাতিরেকে) জেনারেল সায়েন্স। দ্বিতীয় পেপারে থাকে এইসব বিষয়: কমপ্রিহেনশন, ইন্টারপার্সোন্যাল স্কিলস ইনক্লুডিং কমিউনিকেশন স্কিলস। লজিক্যাল রিজনিং অ্যান্ড অ্যানালিটিক্যাল এবিলিটি। ডিসিশন মেকিং অ্যান্ড প্রবলেম সলভিং। জেনারেল মেন্টাল এবিলিটি। মাধ্যমিক মানের বেসিক নিউম্যারেসি (নাম্বার অ্যান্ড দেয়ার রিলেশনস, অর্ডারস অব ম্যাগনিটিউড ইত্যাদি) এবং ডেটা ইন্টারপ্রিটেশন (চার্ট, গ্রাফ, টেবিল, ডেটা সাফিশিয়েন্সি ইত্যাদি)। নেগেটিভ মার্কিং আছে। ওয়েবসাইট: www.upsc.gov.in

## পি এস সি

☐ *ওয়েস্ট বেঙ্গল পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে লাইফ সায়েন্স বিষয়ে রাজ্য সরকারের বাংলা মাধ্যম স্কুলে সহশিক্ষক পদে আবেদন করতে গেলে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —মৈনাক তালুকদার, আসানসোল, পশ্চিম বর্ধমান।*

☐☐ ওয়েস্ট বেঙ্গল পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে লাইফ সায়েন্স বিষয়ে রাজ্য সরকারের বাংলা মাধ্যম স্কুলে সহশিক্ষক পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: জুলজিতে দ্বিতীয় শ্রেণিতে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। সে ক্ষেত্রে সহযোগী বিষয় হিসেবে বটানি পড়ে থাকতে হবে। অথবা বটানিতে দ্বিতীয় শ্রেণির নম্বর-সহ স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। সেক্ষেত্রে সহযোগী বিষয় হিসেবে জুলজি পড়ে থাকতে হবে। অথবা ফিজিওলজিতে দ্বিতীয় শ্রেণিতে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি থাকা চাই। সেক্ষেত্রে অবশ্য সহযোগী বিষয় হিসেবে বটানি ও জুলজি পড়ে থাকতে হবে। বি টি বা বি এড বা সমতুল ডিগ্রিধারীরা অগ্রাধিকার পাবেন। ওয়েবসাইট: www.pscwbonline.gov.in

## স্টাফ সিলেকশন

☐ ***স্টাফ সিলেকশন কমিশন আয়োজিত** 'কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল'-এর প্রিলিমিনারি ও মেন পরীক্ষার বিষয়ে বিশদে জানাবেন। —অভিরূপ ব্যানার্জি, দীঘলগ্রাম, বাঁকুড়া।*

☐☐ স্টাফ সিলেকশন কমিশন আয়োজিত 'কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল'-এর প্রিলিমিনারি পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, জেনারেল অ্যাওয়্যারনেস, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, ইংলিশ কম্প্রিহেনশন বিষয়ে। ২০০ নম্বরের পরীক্ষা। সময় ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং থাকবে। মেন পরীক্ষায় প্রশ্ন হবে কোয়ান্টিটেটিভ এবিলিটি ও ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন বিষয়ে। উভয় ক্ষেত্রেই অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। এ ছাড়া স্ট্যাটিস্টিক্যাল ইনভেস্টিগেটর পদের ক্ষেত্রে স্ট্যাটিস্টিক্স বিষয়ক আরেকটি পত্র এবং অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসারের ক্ষেত্রে ফিনান্স ও ইকনমিক্স বিষয়ে আরেকটি পত্রের পরীক্ষা দিতে হবে। প্রতিটি পেপারে নম্বর ২০০। সময় ২ ঘণ্টা করে। অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার এবং কম্পিউটার প্রফিশিয়েন্সি টেস্ট এবং ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ডেটা এন্ট্রি স্কিল টেস্ট হবে। এ ছাড়া ইনস্পেক্টর (সেন্ট্রাল এক্সাইজ, এক্সামিনার, প্রিভেন্টিভ অফিসার) এবং সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্সের ইনস্পেক্টর ও সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে দৈহিক সক্ষমতার পরীক্ষা হবে। থাকবে ১৫ মিনিটে ১,৬০০ মিটার হাঁটা, ৩০ মিনিটে ৮ কিলোমিটার সাইক্লিং। ওয়েবসাইট: www.ssc.nic.in

## উচ্চশিক্ষা

☐ *'ম্যানেজমেন্ট অ্যাডমিশন টেস্ট' (ম্যাট) পরীক্ষায় বসার ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? এই পরীক্ষায় কী কী বিষয়ে প্রশ্ন হয়? কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে কি? —পাপিয়া ধর, বারুইপুর।*

☐☐ অল ইন্ডিয়া ম্যানেজমেন্ট অ্যাসোসিয়েশন (এ আই এম এ) প্রতি বছর ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট বা ম্যাট পরীক্ষার আয়োজন করে থাকে। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। ফাইনাল ইয়ারের ছাত্রছাত্রীরাও আবেদন করতে পারেন। ম্যাট পরীক্ষায় অবজেক্টিভ ধরনের ২০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে: ল্যাঙ্গুয়েজ কম্প্রিহেনশন, ম্যাথমেটিক্যাল স্কিলস, ডেটা অ্যানালিসিস অ্যান্ড সাফিশিয়েন্সি, ইন্টেলিজেন্স অ্যান্ড ক্রিটিক্যাল রিজনিং এবং ইন্ডিয়ান অ্যান্ড গ্লোবাল এনভায়রনমেন্ট। প্রতিটি বিষয়ে ৪০টি করে প্রশ্ন হবে। পরীক্ষার সময় ২ ঘণ্টা ৩০ মিনিট। 'ম্যাট' পরীক্ষাটি হয় আড়াই ঘণ্টার, মোট ২০০ নম্বরের। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে। ওয়েবসাইট: www.aima.in

## কোর্স, ট্রেনিং

☐ *উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে বায়োইনফমেটিক্সে স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —প্রত্যুষ সেনগুপ্ত, আমনপুর, পশ্চিম মেদিনীপুর।*

☐☐ বায়োইনফমেটিক্সে ১ বছরের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের বায়োইনফমেটিক্স বিভাগ। শিক্ষাগত যোগ্যতা: অনার্স-সহ বি এসসি অথবা সায়েন্সের যে-কোনও শাখায় স্নাতকোত্তর ডিগ্রি। বি টেক কোর্স পাশ করে থাকলেও আবেদন করা যাবে। বয়স ১-৬-২০১৯ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। কোর্স ফি সেমেস্টার প্রতি ১০,০০০ টাকা। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.nbu.ac.in ফি বাবদ ব্যাঙ্ক ড্রাফটের মাধ্যমে দিতে হবে ১৫০ টাকা (তফসিলি এবং ও বি সিদের ক্ষেত্রে ৭৫ টাকা)। ড্রাফটটি 'University of North Bengal'-এর অনুকূলে প্রদেয় হতে হবে। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের ক্যাশ কাউন্টারেও নগদে ফি জমা দেওয়া যাবে। আবেদনপত্র ১৩ সেপ্টেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Coordinator, Deptt. of Bioinformatics, UNIVERSITY OF NORTH BENGAL, P.O. NORTH BENGAL UNIVERSITY, Raja Rammohunpur, SILIGURI- 734 013, Dist. Darjeeling, PIN: 734 013

☐ *উত্তর দিনাজপুরের চেম্বার্স অব কমার্সে রেডিমেড গারমেন্টের ব্যবসা ও দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ নিতে চাই। বিস্তারিত জানাবেন। —শেফালি সাহা রায়, আলিপুরদুয়ার।*

☐☐ রেডিমেড গারমেন্টের ব্যবসা ও দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ দেবে মাইক্রো, স্মল অ্যান্ড মিডিয়াম এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট। প্রশিক্ষণ দেওয়া হবে উত্তর দিনাজপুরের রায়গঞ্জের পশ্চিম দিনাজপুর চেম্বার অব কমার্সে। প্রশিক্ষণ ২৩ সেপ্টেম্বর থেকে ৩১ অক্টোবর পর্যন্ত চলবে। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ক্লাস এইট পাশ। মাধ্যমিক ও উচ্চশিক্ষিত প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। বয়স অন্তত ১৮ বছরের হতে হবে। কোর্স ফি: ৪০০ টাকা। মহিলাদের কোনও ফি লাগবে না। প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ১৬ সেপ্টেম্বর, সকাল ১১টা থেকে। ইন্টারভিউ নেওয়া হবে রায়গঞ্জের ডিস্ট্রিক্ট ইন্ডাস্ট্রিজ সেন্টারে। প্রার্থীর সম্পূর্ণ জীবনপঞ্জি, ফটো, বয়স এবং শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্রের নকল, আধার কার্ডের নকল এবং প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, প্রাক্তন সমরকর্মী এবং বি পি এল ক্যাটেগরিভুক্তদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের নকল-সহ আবেদনপত্র ১৩ সেপ্টেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Director, MSME-Development Institute, 111 & 112, B.T. Road, Kolkata-108. দেখুন এই ওয়েবসাইট: www.msmedikolkata.gov.in

☐ *অফিস ম্যানেজমেন্ট কোর্স কোথায় পড়া যায়? এ ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা কীরকম থাকা প্রয়োজন? —পরমা পূততুণ্ড, শ্রীরামপুর, হুগলি।*

☐☐ মডার্ন অফিস প্র্যাক্টিস অ্যান্ড ম্যানেজমেন্টের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পড়ানো হয় কলকাতার উইমেনস পলিটেকনিকে। পশ্চিমবঙ্গের একমাত্র এই সরকারি ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কলেজেই মহিলাদের জন্য অফিস ম্যানেজমেন্টের এই ডিপ্লোমা কোর্সটি পড়ানো হয়। কোর্সটি ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অব টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট কর্তৃক স্বীকৃত। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। ওয়েবসাইট: www.womenspolytechnickolkata.org

## নেট/সেট

☐ *আমি ইংরেজি বিষয়ে 'সেট' পরীক্ষায় বসতে চাই। পরীক্ষার ধরনধারণ বিষয়ে বিশদে জানালে উপকৃত হব। —দূর্বা রায়চৌধুরি, দমদম, কলকাতা।*

☐☐ 'সেট' পরীক্ষা হয় তিনটি পেপারের। সব পেপারেই অবজেক্টিভ মাল্টিপল চয়েস প্রশ্ন থাকবে। কোনও নেগেটিভ মার্কিং নেই। প্রথম পেপারে থাকবে রিজনিং এবিলিটি, কম্প্রিহেনশন, ডাইভারজেন্ট থিঙ্কিং এবং জেনারেল অ্যাওয়্যারনেসের প্রশ্ন। ৬০টি প্রশ্ন থাকবে। যে-কোনও ৫০টির উত্তর দিতে হবে। প্রতি প্রশ্নের মান ২। অর্থাৎ ১০০ নম্বরের পেপার। ১ ঘণ্টা ১৫ মিনিটের পরীক্ষা। দ্বিতীয় পেপারে থাকবে প্রার্থীর বিষয়ের ওপর প্রশ্ন। অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে। ৫০টি প্রশ্নের সবক'টিরই উত্তর দিতে হবে। প্রতি প্রশ্নে ২ নম্বর করে মোট ১০০ নম্বরের পেপার। সময় ১ ঘণ্টা ১৫ মিনিট। তৃতীয় পেপারেও প্রার্থীর বিষয় থেকে প্রশ্ন থাকবে। এ ক্ষেত্রে ৭৫টি প্রশ্ন থাকবে। প্রতি প্রশ্নে ২ নম্বর করে মোট ১৫০ নম্বরের পরীক্ষা। সময় আড়াই ঘণ্টা। কোয়ালিফাইং নম্বর প্রথম ও দ্বিতীয় পেপারের প্রতিটিতে মোট নম্বরের ৪০ শতাংশ। তৃতীয় পেপারে কোয়ালিফাইং নম্বর মোট নম্বরের ৫০ শতাংশ। সিলেবাসের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.examinationonline.in/wbcscportal সব পেপারে কোয়ালিফাই করলে তিনটি পেপারে প্রার্থীদের প্রাপ্ত মোট নম্বর মিলিয়ে মেধাতালিকা প্রস্তুত করা হবে বিষয় ও ক্যাটেগরি অনুযায়ী। প্রতিটি বিষয় ও ক্যাটেগরির ক্ষেত্রে মেধাতালিকার সর্বোচ্চ স্থানে থাকা ১৫ শতাংশ প্রার্থীকে 'সেট কোয়ালিফায়েড' ঘোষণা করা হয়।

## অন্যান্য চাকরি

☐ *মিনারেল এক্সপ্লোরেশন কর্পোরেশনে ইংলিশ স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —সৌমেন হালদার, কালারিয়া, দক্ষিণ ২৪ পরগনা।*

☐☐ মিনারেল এক্সপ্লোরেশন কর্পোরেশনে ইংলিশ স্টেনোগ্রাফর পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। পাশাপাশি, প্রার্থীকে অবশ্যই শর্টহ্যান্ড ও টাইপিং কোর্স করে থাকতে হবে। ইংলিশে শর্টহ্যান্ডে মিনিটে ৮০টি শব্দের দ্রুততা এবং মিনিটে ৪০টি শব্দ টাইপিংয়ের দক্ষতা থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। ২১ সেপ্টেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mecl.co.in

☐ ***টাটা মেমোরিয়াল সেন্টারে** রেডিয়েশন অঙ্কোলজি বিভাগে সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট বি পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —প্রণব মণ্ডল, ফরাক্কা, মুর্শিদাবাদ।*

☐☐ টাটা মেমোরিয়াল সেন্টারে রেডিয়েশন অঙ্কোলজি বিভাগে সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট বি পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ ফিজিক্সে বি এসসি, সঙ্গে অ্যাটমিক এনার্জি রেগুলেটরি বোর্ড দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে রেডিওথেরাপি টেকনোলজিতে স্নাতকোত্তর ডিপ্লোমা। এর পাশাপাশি মডার্ন রেডিওথেরাপি টেকনোলজি-সংক্রান্ত কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা অ্যাটমিক এনার্জি রেগুলেটরি বোর্ড দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে রেডিওথেরাপি টেকনোলজিতে বি এসসি, সঙ্গে মডার্ন রেডিওথেরাপি টেকনোলজি-সংক্রান্ত কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ২০ সেপ্টেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.actrec.gov.in অনলাইনে ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা (তফসিলিদের লাগবে না)। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্ট এবং অনলাইনে সাবমিট করা দরখাস্তের প্রিন্ট আউট ২৭ সেপ্টেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Sr. Administrative Officer, Advanced Centre for Treatment, Research & Education in Cancer, Sector-22, Kharghar, Navi Mumbai-410210.

☐ *আমি একজন ফুটবল খেলোয়াড়। বিভিন্ন উল্লেখযোগ্য ক্রীড়া প্রতিযোগিতায় একাধিক পুরস্কার রয়েছে। ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্টস বিভাগে ক্লার্ক পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও খেলাধুলার যোগ্যতা থাকা প্রয়োজন? —নিমাই পান্ডা, বেলিয়াডিহ, পুরুলিয়া।*

☐☐ ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্টস বিভাগে ক্লার্ক পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। পাশাপাশি, জাতীয় বা আন্তর্জাতিক স্তরের ক্রীড়া প্রতিযোগিতায় সিনিয়র বা জুনিয়র ক্যাটেগরিতে রাজ্য বা দেশের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। এ ছাড়া ইন্টার-ইউনিভার্সিটি স্পোর্টস বোর্ড আয়োজিত অল ইন্ডিয়া ইন্টার-ইউনিভার্সিটি প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিত্ব করে থাকলেও আবেদন করা যাবে। দেখুন এই ওয়েবসাইট: www.cag.gov.in

☐ *ইসরোয় স্টেনোগ্রাফার পদের জন্য কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? —মনোময় সমাজপতি, মালদা।*

☐☐ ইসরোয় স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ আর্টস বা কমার্স বা ম্যানেজমেন্ট বা সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশনে স্নাতক। অথবা ৬০ শতাংশ নম্বর-সহ কমার্শিয়াল বা সেক্রেটারিয়াল প্র্যাকটিসে ডিপ্লোমা, সঙ্গে স্টেনো-টাইপিস্ট বা স্টেনোগ্রাফার হিসেবে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। উভয় ক্ষেত্রেই শর্টহ্যান্ডে ইংরেজিতে প্রতি মিনিটে ৮০টি শব্দ লেখার দ্রুততা থাকতে হবে এবং কম্পিউটারের ব্যবহার জানতে হবে। ওয়েবসাইট: www.isro.gov.in

☐ *কোস্ট গার্ডে জেনারেল ডিউটি (পাইলট) ব্রাঞ্চে অ্যাসিস্ট্যান্ট কম্যান্ডান্ট পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত ও দৈহিক মাপজোকের যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত জানাবেন। —দিব্যেন্দু পোদ্দার। হাওড়া।*

☐☐ কোস্ট গার্ডে জেনারেল ডিউটি (পাইলট) ব্রাঞ্চে অ্যাসিস্ট্যান্ট কম্যান্ড্যান্ট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। বি ই বা বি টেক ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। উচ্চমাধ্যমিকে ম্যাথমেটিক্স ও ফিজিক্স পড়ে থাকতে হবে এবং এই দুই বিষয়ে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি, ১৬২.৫ সেমি উচ্চতা থাকতে হবে। পায়ের দৈর্ঘ্য অন্তত ৯৯ সেমি হতে হবে। বুকের ছাতি ৫ সেমি ফেলানোর ক্ষমতা থাকতে হবে। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। দৃষ্টিশক্তি এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯, ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। ওয়েবসাইট: www.joinindiancoastguard.gov.in

নাম : ..............................
ঠিকানা : ..............................
..............................
..............................
আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সেনাবাহিনীতে কয়েকশো সোলজার

*প্রথম পাতার পর*

উচ্চমাধ্যমিক। মোট অন্তত ৫০ শতাংশ এবং উল্লিখিত প্রতি বিষয়ে অন্তত ৪০ শতাংশ করে নম্বর থাকতে হবে।

**সোলজার টেকনিক্যাল (অ্যাভিয়েশন/অ্যামুনিশন এক্সামিনার)**: ইংরেজি, অঙ্ক, ফিজিক্স, কেমিস্ট্রি নিয়ে উচ্চমাধ্যমিক। মোট অন্তত ৫০ শতাংশ এবং এই চারটি বিষয়ের প্রতিটিতে অন্তত ৪০ শতাংশ করে নম্বর থাকতে হবে।

**সোলজার (নার্সিং অ্যাসিস্ট্যান্ট)/সোলজার (নার্সিং অ্যাসিস্ট্যান্ট ভেটেরিনারি)**: ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি ও ইংরেজি নিয়ে উচ্চমাধ্যমিক। মোট অন্তত ৫০ শতাংশ এবং প্রতি বিষয়ে অন্তত ৪০ শতাংশ করে নম্বর থাকতে হবে।

**সোলজার ক্লার্ক/স্টোরকিপার (টেকনিক্যাল)/ইনভেন্টরি ম্যানেজমেন্ট**: উচ্চমাধ্যমিক। মোট অন্তত ৬০ শতাংশ এবং প্রতি বিষয়ে অন্তত ৫০ শতাংশ করে নম্বর থাকতে হবে। উচ্চমাধ্যমিক-স্তরে অঙ্ক, বুক কিপিং ও অ্যাকাউন্ট্যান্সির মধ্যে যে-কোনও একটি বিষয় এবং ইংরেজি পড়ে থাকতে হবে এবং এই বিষয়গুলিতে অন্তত ৫০ শতাংশ করে নম্বর থাকতে হবে।

**সোলজার ট্রেডসম্যান**: মাধ্যমিক। সোলজার ট্রেডসম্যানের মেসকিপার, হাউসকিপার ও সইস ক্যাটেগরির ক্ষেত্রে ক্লাস এইট পাশ। প্রতি বিষয়ে অন্তত ৩৩ শতাংশ করে নম্বর থাকতে হবে।

**বয়স**: ১-১০-২০১৯ তারিখে সোলজার জেনারেল ডিউটি ক্যাটেগরির ক্ষেত্রে সাড়ে ১৭ থেকে ২১ বছর, অন্য সবক'টি ক্যাটেগরির ক্ষেত্রে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। জন্মতারিখ হতে হবে— সোলজার জেনারেল ডিউটি ক্যাটেগরির ক্ষেত্রে ১-১০-১৯৯৮ থেকে ১-৪-২০০২-এর মধ্যে এবং অন্য সব ক্যাটেগরির ক্ষেত্রে ১-১০-১৯৯৬ থেকে ১-৪-২০০২-এর মধ্যে।

**দৈহিক মাপজোক**: সোলজার ক্লার্ক/স্টোরকিপার/ইনভেন্টরি ম্যানেজমেন্ট ক্যাটেগরির ক্ষেত্রে উচ্চতা ১৬২ সেমি এবং অন্য সব পদের ক্ষেত্রে ১৬৯ সেমি (তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৬২ সেমি)। তবে সব পদের ক্ষেত্রেই ভারতীয় গোর্খা প্রার্থীদের ১৫৭ সেমি উচ্চতা থাকলেই চলবে। বুকের ছাতি: সোলজার ট্রেডসম্যান ছাড়া অন্য সবক'টি ক্যাটেগরির ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৭ ও ৮২ সেমি। সোলজার ট্রেডসম্যান ক্যাটেগরির ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি। ওজন: সোলজার ট্রেডসম্যান এবং তফসিলি উপজাতি ও ভারতীয় গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে অন্তত ৪৮ কেজি। অন্য সব ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে অন্তত ৫০ কেজি। গত ২ বছরের মধ্যে অনুষ্ঠিত আন্তর্জাতিক, জাতীয় ও রাজ্য স্তরের ক্রীড়া প্রতিযোগিতায় প্রথম ও দ্বিতীয় স্থান পাওয়া খেলোয়াড়রা উচ্চতা, বুকের ছাতির মাপ এবং ওজনে যথাক্রমে ২ সেমি, ৩ সেমি ও ৫ কেজি এবং সমরকর্মী, প্রাক্তন সমরকর্মী ও যুদ্ধে নিহত সৈনিকদের ছেলেরা ওই তিন ক্ষেত্রে যথাক্রমে ২ সেমি, ১ সেমি ও ২ কেজি ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা, নথিপত্র যাচাই, মেডিক্যাল টেস্ট ও লিখিত পরীক্ষার মাধ্যমে।

দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে— সর্বাধিক ৫.৪৫ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড় (আগে দৌড় শেষ করলে বোনাস নম্বর পাওয়া যাবে), জিগজ্যাগ ব্যালান্স, ১০টি বিম ও ৯ ফুট লং জাম্প (ডিচ)। দৈহিক সক্ষমতার পরীক্ষায় সফল হলে মেডিক্যাল টেস্ট ও লিখিত পরীক্ষা নেওয়া হবে। লিখিত পরীক্ষার তারিখ ও কেন্দ্র র‍্যালির সময় জানিয়ে দেওয়া হবে।

## র‍্যালিতে সঙ্গে নিয়ে যাবেন

- ✓র‍্যালিতে যোগদানের অ্যাডমিট কার্ড ও সেটির দু'টি প্রত্যয়িত নকল।
- ✓২০ কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো। ফটোর ব্যাকগ্রাউন্ড সাদা হতে হবে। ফটো প্রত্যয়িত হওয়ার দরকার নেই। তিন মাসের বেশি পুরনো ফটো চলবে না।
- ✓ক্লাস এইট, মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েশনের (থাকলে) অ্যাডমিট কার্ড, সার্টিফিকেট, মার্কশিট, রেজিস্ট্রেশন সার্টিফিকেট এবং প্রতিটির তিনটি প্রত্যয়িত নকল। মাধ্যমিক অনুত্তীর্ণদের ক্ষেত্রে স্কুলের প্রধানশিক্ষক কর্তৃক স্বাক্ষরিত এবং ডিস্ট্রিক্ট ইনস্পেক্টর অব স্কুলস বা ডিস্ট্রিক্ট এডুকেশন অফিসারের কাউন্টার সিগনেচার-সহ স্কুল ট্রান্সফার সার্টিফিকেট ও মার্কশিট এবং সেগুলির দু'কপি প্রত্যয়িত নকল। অথবা জন্মতারিখের প্রমাণ হিসেবে ডিস্ট্রিক্ট বার্থ রেজিস্ট্রারের কাছ থেকে নেওয়া জন্মতারিখের সার্টিফিকেট ও তার প্রত্যয়িত নকল সঙ্গে রাখবেন।
- ✓সাব-ডিভিশনাল ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের অফিস থেকে নেওয়া ডোমিসাইল সার্টিফিকেট ও তার দু'কপি প্রত্যয়িত নকল।
- ✓ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের অফিস থেকে নেওয়া কাস্ট সার্টিফিকেট ও তার দু'কপি প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓কাস্ট সার্টিফিকেটে প্রার্থীর ধর্মের উল্লেখ না থাকলে এস ডি এম-এর অফিস থেকে নেওয়া রিলিজিয়ন সার্টিফিকেট ও তার দু'কপি প্রত্যয়িত নকল।
- ✓স্কুল বা কলেজের প্রধানের থেকে নেওয়া স্কুল ক্যারেক্টার সার্টিফিকেট ও তার দু'কপি প্রত্যয়িত নকল।
- ✓গ্রাম পঞ্চায়েত প্রধান বা পুরসভার চেয়ারম্যানের কাছ থেকে নেওয়া ও গোল সিলমোহরের ছাপ দেওয়া ক্যারেক্টার সার্টিফিকেট ও তার দু'কপি প্রত্যয়িত নকল। ৬ মাসের বেশি পুরনো সার্টিফিকেট চলবে না।
- ✓২১ বছরের নীচের প্রার্থীদের ক্ষেত্রে গ্রাম পঞ্চায়েত প্রধান বা পুরসভার চেয়ারম্যানের কাছ থেকে নেওয়া ও গোল সিলমোহরের ছাপ দেওয়া আনম্যারেড সার্টিফিকেট ও তার দু'কপি প্রত্যয়িত নকল। ৬ মাসের বেশি পুরনো সার্টিফিকেট চলবে না।
- ✓সমরকর্মী বা প্রাক্তন সমরকর্মী বা যুদ্ধে নিহত সৈনিকের বিধবার ছেলেদের ক্ষেত্রে সংশ্লিষ্ট রেকর্ড অফিস থেকে নেওয়া বোনাফায়েড সার্টিফিকেট ও তার দু'কপি প্রত্যয়িত নকল। রিলেশনশিপ সার্টিফিকেটে স্বাক্ষরকারীর আর্মি নম্বর, র‍্যাঙ্ক ও নামের উল্লেখ থাকতে হবে।
- ✓প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে মূল ডিসচার্জ বুক এবং ১০ টাকার স্ট্যাম্প পেপারে নেওয়া এফিডেভিট ও তার দু'কপি প্রত্যয়িত নকল। এফিডেভিটে ফার্স্ট ক্লাস এক্সিকিউটিভ বা জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের সই থাকতে হবে।
- ✓এন সি সি সার্টিফিকেট (থাকলে) ও তার দু'কপি প্রত্যয়িত নকল।
- ✓খেলোয়াড়দের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের থেকে পাওয়া স্পোর্টস সার্টিফিকেট ও তার দু'কপি প্রত্যয়িত নকল।
- ✓১০ টাকার স্ট্যাম্প পেপারে কোনও নোটারির কাছ থেকে নেওয়া এফিডেভিট ও তার দু'কপি প্রত্যয়িত নকল। এফিডেভিটে প্রার্থীর স্বাক্ষর থাকতে হবে।
- ✓আধার কার্ড ও প্যানকার্ড এবং সেগুলির দু'কপি প্রত্যয়িত নকল।
- ✓প্রার্থীর ব্যাঙ্ক অ্যাকাউন্টের (সিঙ্গল) পাসবুক ও তার প্রথম পৃষ্ঠার দু'কপি প্রত্যয়িত নকল।

মূল সার্টিফিকেট ও নথিপত্রগুলিও সঙ্গে রাখবেন। নির্দিষ্ট দিন সকাল ৬টার মধ্যে র‍্যালিকেন্দ্রে হাজির থাকতে হবে। প্রয়োজনে ৩-৪ দিন র‍্যালিকেন্দ্রে থাকতে হতে পারে নিজের ব্যবস্থায়। উপযুক্ত প্রস্তুতি নিয়ে যাবেন।

তথ্যের প্রয়োজনে কাজের দিন আর্মি রিক্রুটিং অফিসে যোগাযোগ করতে পারেন। অথবা, ফোনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০৩৪৮২) ২৭৪১৩২, ৯৪৩৪৫৮৪১০২। তথ্য পাবেন উল্লিখিত ওয়েবসাইটেও।

**এফিডেভিটের বয়ান:**

**AFFIDAVIT**

**ON NON JUDICIAL STAMP PAPER**

1. I, Name _______ Son of _______ while applying for enrolment in Army solemnly Affirm & State the following in my respect:-
   (a) I belong to the following Caste / Religion:-
   Caste _____ Sub Caste _____ Religion _____

   Photographs of the candidates 3.5 x 4.5 cm

   (b) My Residential Address are as under:-
   (i) **Permanent Address**
   Father's Name __________ House No __________
   Vill / Mohalla __________ Post Office __________
   Tehsil __________ Distt __________
   State __________ PIN __________
   (ii) **Postal Address**
   Father's Name __________ House No __________
   Vill / Mohalla __________ Post Office __________
   Tehsil __________ Distt __________
   State __________ PIN __________
   (iii) I fully understand that if enrolled, a detailed verification of my character and antecedents will be carried out by police and civil administration from my permanent address submitted above and also places where I have resided in the last five years.
   (iv) My places of residence in the last five years are as stated under:-

| | | | |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

   (c) I am married / unmarried.
   (d) I hereby certify that I am not involved in any civil / criminal case.
   OR
   I was involved in following court cases but was acquitted:-
   (i) __________ (ii) __________
   Following court cases/ FIR are pending against me:-
   (i) __________ (ii) __________
   OR
   Following court cases / FIR are pending against me:-
   (i) __________ (ii) __________
   (e) **Consent Cert.** I am below 18 years and my parents give their consent, for attending the Army Recruitment Rally (If applicable).
   Signature of Father________
   (f) I am hereby authorized to attend UHQ rally because I am son/brother of No ________ Name ________ Regt ________
   (g) I hereby certify that I son of No ______ Name ___ Regt ____ am eligible for claiming bonus marks as none of my brothers have been enrolled in Army earlier/ I am not eligible to claim bonus marks (Cut whichever is not applicable).
2. I am aware that there is only one recruitment rally conducted in a recruiting year (01 April to 31 Mar) for every district and therefore I am entitled to attend only once every recruiting year from my home town district based on my nativity/ domicile certificate. I fully understand that if I attend another recruitment rally in the same recruiting year, based on a different district nativity/ Domicile certificate, my candidature will be cancelled and if enrolled. I will be dismissed from service.
3. I am attending this recruitment rally based on the Nativity/ Domicle certificate issued by (mention the state government) details of which are stated below:-

| Ser No | Cert No | Date of issue | Validity | Issuing authority |
|---|---|---|---|---|
| | | | | |

4. Details of nativity/ domicile certificate held by me in past (if any) are as stated below:-

| Ser No | District | Issued by | Issuing date | Present status (Valid/Expired) |
|---|---|---|---|---|
| | | | | |

5. I hereby certify that till date I have attended the following Army Recruitment Rallies:-

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

6. I give an undertaking that all documents submitted by me are correct. All documents issued by Govt. Org / offices have been signed by authorized designated and Govt Officials. If any document at any stage is found fake or wrong info is furnished by me, I am aware that I will be dismissed from service and FIR will be lodged against me.

**Signature of Notary** **Signature of Candidate**

# আর্মি স্কুলে সহস্রাধিক শিক্ষক-শিক্ষিকা

*প্রথম পাতার পর*

ম্যাথমেটিক্স, ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি, বায়োটেকনোলজি, সাইকোলজি, কমার্স, কম্পিউটার সায়েন্স/ইনফরমেটিক্স, হোম সায়েন্স, ফিজিক্যাল এডুকেশন।

ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (টি জি টি) নিয়োগ হবে এই সমস্ত বিষয়ে: ইংরেজি, হিন্দি, সংস্কৃত, ইতিহাস, ভূগোল, পলিটিক্যাল সায়েন্স, ম্যাথমেটিক্স, ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি, কম্পিউটার সায়েন্স/ইনফরমেটিক্স, ফিজিক্যাল এডুকেশন।

**পরীক্ষায় বসার জন্য শিক্ষাগত যোগ্যতা: প্রাইমারি টিচার (পি আর টি)**: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক। সেইসঙ্গে ৫০ শতাংশ নম্বর-সহ ব্যাচেলর অব এডুকেশন (বি এড) অথবা ২ বছরের ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন (ডি এল এড)। চার বছরের ইন্টিগ্রেটেড কোর্সে বি এড করে থাকলেও আবেদন করা যাবে।

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (টি জি টি)**: সংশ্লিষ্ট বিষয়ে মোট ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক, সঙ্গে ৫০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বিষয়ে বি এড।

কম্পিউটার সায়েন্সের ক্ষেত্রে বি সি এ অথবা কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে বি ই বা বি টেক। যে-কোনও শাখায় স্নাতকরাও আবেদনের যোগ্য, সে ক্ষেত্রে ডোয়েক 'এ' লেভেল পাশ করে থাকতে হবে। ফিজিক্যাল এডুকেশনের ক্ষেত্রে চার বছরের বি পি এড বা স্নাতক ডিগ্রি-সহ এক বছরের বি পি এড ডিপ্লোমা। অথবা ফিজিক্যাল এডুকেশন বা হেলথ এডুকেশন অ্যান্ড স্পোর্টসে বি এসসি ডিগ্রি-সহ এক বছরের বি পি এড ডিপ্লোমাধারীরাও আবেদনের যোগ্য।

**পোস্ট-গ্র্যাজুয়েট ট্রেন্ড টিচার (পি জি টি)**: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতকোত্তর ডিগ্রি। সঙ্গে ৫০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বিষয়ে বি এড।

পলিটিক্যাল সায়েন্সের ক্ষেত্রে পলিটিক্স বা পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন বা ইন্টারন্যাশনাল রিলেশনসে স্নাতকোত্তর ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন। ম্যাথমেটিক্সের ক্ষেত্রে ম্যাথমেটিক্স বা স্ট্যাটিস্টিক্স বা অপারেশনাল রিসার্চে স্নাতকোত্তর ডিগ্রি বা ম্যাথমেটিক্সে এম এসসি এডুকেশন, ফিজিক্সের ক্ষেত্রে ফিজিক্সে স্নাতকোত্তর ডিগ্রি বা এম এসসি এডুকেশন, কেমিস্ট্রির ক্ষেত্রে কেমিস্ট্রি বা বায়োকেমিস্ট্রি বা ফার্মা কেমিস্ট্রিতে স্নাতকোত্তর ডিগ্রি বা কেমিস্ট্রিতে এম এসসি এডুকেশন, বায়োলজির ক্ষেত্রে জুলজি (সঙ্গে অন্যতম বিষয় হিসেবে বটানি পড়ে থাকতে হবে) বা বটানি (সঙ্গে অন্যতম বিষয় হিসেবে জুলজি পড়ে থাকতে হবে) বা মাইক্রো বায়োলজি বা মলিকিউলার বায়োলজি বা এগ্রিকালচারাল বটানি বা জেনেটিক্সে স্নাতকোত্তর ডিগ্রি (স্নাতকস্তরে বটানি বা জুলজি পড়ে থাকতে হবে) অথবা জুলজি বা বটানিতে এম এসসি এডুকেশন ডিগ্রিধারীরা আবেদনের যোগ্য। বায়োটেকের ক্ষেত্রে বায়োটেকনোলজি বা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। কম্পিউটার সায়েন্স ইনফরমেটিক্সের ক্ষেত্রে কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনসে বি ই বা বি টেক অথবা এম সি এ অথবা আই টি বা কম্পিউটার সায়েন্সে এম এসসি। অথবা ম্যাথমেটিক্স বা ফিজিক্স বা স্ট্যাটিস্টিক্সে এম এসসি (স্নাতকস্তরে কম্পিউটার সায়েন্স পড়ে থাকতে হবে) অথবা বি সি এ অথবা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা আই টিতে ৩ বছর মেয়াদের ডিপ্লোমা অথবা এ আই সি টি ই স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার অ্যাপ্লিকেশনে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা অথবা ডোয়েক বি লেভেল কোর্স পাশ করে থাকতে হবে।

**বয়স**: ১-৪-২০২০ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে ৫৭ বছরের মধ্যে হতে হবে। তাঁদের ক্ষেত্রে অন্তত ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

অনলাইন পরীক্ষা ১৯ ও ২০ অক্টোবর। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা, ব্যারাকপুর, দুর্গাপুর ও শিলিগুড়ি। পরীক্ষা নেওয়া হবে দু'টি পার্টে। তবে প্রাইমারি টিচার পদের ক্ষেত্রে কেবল প্রথম পত্রের উত্তর দিতে হবে। প্রথম পত্রের (৯০ নম্বর) পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন আসবে জেনারেল অ্যাওয়্যারনেস, মেন্টাল এবিলিটি, ইংলিশ কম্প্রিহেনশন, মেথডোলজি এবং শিক্ষক শিক্ষা বিষয়ে। দ্বিতীয় পত্রে (৯০ নম্বর) অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ে। পরীক্ষার মোট সময়সীমা ৩ ঘণ্টা (প্রাইমারি টিচার পদের ক্ষেত্রে ১ ঘণ্টা ৩০ মিনিট)। নেগেটিভ মার্কিং আছে। ৫০ শতাংশ নম্বর পেলেই প্রার্থী উত্তীর্ণ বলে বিবেচিত হবেন।

পরীক্ষার অ্যাডমিট কার্ড ৪ অক্টোবর থেকে ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: http://aps-csb.in

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://aps-csb.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২১ সেপ্টেম্বর পর্যন্ত। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো, সই এবং বয়স ও শিক্ষাগত যোগ্যতা-সহ অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। অনলাইনে ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

দরখাস্ত সাবমিট করার পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# পূর্ব বর্ধমানের সরকারি হস্টেলে চাকরি

সুপারিন্টেন্ডেন্ট, কেয়ারটেকার, মেট্রন, কুক, হেল্পার, দারোয়ান-কাম-নাইট গার্ড এবং কর্মবন্ধু পদে ১২ জনকে নিয়োগ করা হবে পণ্ডিত রঘুনাথ মুর্মু আবাসিক স্কুলের হস্টেলে। চুক্তিতে নিয়োগ করবে পূর্ব বর্ধমান জেলার ব্যাকওয়ার্ড ক্লাসেস ওয়েলফেয়ার অফিস। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 1009/BCW/BDN. অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.purbabardhaman. gov.in দরখাস্তের শেষ তারিখ ১৬ সেপ্টেম্বর। বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

২৪ অগস্ট-৩০ অগস্ট

**২৪ অগস্ট** জি-৭ বৈঠক শুরুর মুখেই আমাজন বৃষ্টি বনানীর বিধ্বংসী আগুন নিয়ন্ত্রণের জন্য সেনাবাহিনী পাঠালেন ব্রাজিলের প্রেসিডেন্ট জাইর বোলসোনারো। মনে করা হচ্ছে আন্তর্জাতিক চাপের মুখেই ব্রাজিলের প্রেসিডেন্টকে এই সিদ্ধান্ত নিতে হল। আমাজনের আগুন নিয়ে জি-৭ সম্মেলনে বিশেষ আলোচনার ডাক দিয়েছিলেন ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল মাকর্ঁ। আগুন আয়ত্তে আনতে না পারলে ব্রাজিলকে আর্থিক ভাবে বয়কটের পথে হাঁটার কথা ভাবছিল জি-৭ ভুক্ত দেশগুলির অনেকেই। ফ্রান্স ও আয়ারল্যান্ড হুঁশিয়ারি দিয়েছিল ব্রাজিলের সঙ্গে আর কোনও বড়মাপের বাণিজ্যিক চুক্তিতে যাবে না তারা। ব্রিটেন, ফ্রান্স ও জার্মানির মতো দেশ আমাজনের আগুনকে 'আন্তর্জাতিক সঙ্কট' বলে আখ্যা দেয়।

## আমিরশাহি হয়ে বাহরিন গেলেন মোদী



**২৪ অগস্ট:** সংযুক্ত আরব আমিরশাহি হয়ে বাহরিন পৌঁছলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সংযুক্ত আরব আমিরশাহির রাজধানী আবু ধাবিতে মোদীকে অভিবাদন জানান যুবরাজ শেখ মহম্মদ বিন জায়েদ আল নাহয়ান। দ্বিপাক্ষিক কৌশলগত সম্পর্কে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণের স্বীকৃতি হিসেবে মোদীকে আমিরশাহির সর্বোচ্চ অসামরিক সম্মান 'অর্ডার অব জায়েদ'-এ ভূষিত করেন যুবরাজ। ১৩০ কোটি ভারতীয়কে সেই সম্মান উৎসর্গ করেন মোদী। এর আগে এই সম্মান পেয়েছেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন, ব্রিটেনের রানি দ্বিতীয় এলিজাবেথ, চিনা প্রেসিডেন্ট শি চিনফিং। মহাত্মা গান্ধীর সার্ধশতবর্ষ উপলক্ষে আবু ধাবির রাজপ্রাসাদে আয়োজিত এক অনুষ্ঠানে একটি স্মারক ডাকটিকিট প্রকাশ করা হয়। আবু ধাবি থেকে মোদী পৌঁছন বাহরিনের রাজধানী মানামায়। এই প্রথম কোনও ভারতীয় প্রধানমন্ত্রী গেলেন সে দেশে। বাহরিনের রাজা হামাদ বিন ইসা আল খলিফার সঙ্গে দ্বিপাক্ষিক ও আঞ্চলিক বিষয় নিয়ে বৈঠকের পাশাপাশি মানামায় ২০০ বছরের প্রাচীন শ্রীকৃষ্ণ মন্দিরের পুনর্নির্মাণ প্রকল্পের সূচনা করেন মোদী।

**২৫ অগস্ট** ভারতীয় বংশোদ্ভূত পাকিস্তানি রাজনীতিক ও মানবাধিকার কর্মী বিয়াথিল মহিউদ্দিন কুট্টি (৮৯) প্রয়াত হলেন। ১৯৩০ সালে কেরলের তিরুরে একটি মালয়ালি মুসলিম পরিবারে জন্ম হয় তাঁর। ১৯ বছর বয়সে কেরল থেকে পাকিস্তানে চলে যান বি এম কুট্টি। বামপন্থী দল পাকিস্তান আওয়ামি লিগ ও ন্যাশনাল আওয়ামি পার্টির সঙ্গে যুক্ত ছিলেন কুট্টি। 'পাকিস্তান পিস কোয়ালিশন'-এর সাধারণ সচিবও ছিলেন তিনি। ভারত-পাকিস্তানের মধ্যে শান্তি প্রতিষ্ঠার জন্য কাজ করে এই সংগঠন। ২০১১ সালে তাঁর আত্মজীবনী 'সিক্সটি ইয়ারস ইন সেল্ফ এক্সাইল : নো রিগ্রেটস, আ পলিটিক্যাল অটোবায়োগ্রাফি' প্রকাশিত হয়।

**আগামী ২ অক্টোবর মহাত্মা গান্ধীর** দেড়শো তম জন্মবার্ষিকীর দিনটি 'প্লাস্টিক মুক্ত ভারত' হিসাবে পালন করার জন্য দেশবাসীর কাছে আর্জি জানালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এদিন 'মন কি বাত' অনুষ্ঠান থেকে দেশবাসীকে প্লাস্টিক ব্যবহার যথাসম্ভব কম করার আবেদন জানান তিনি। উল্লেখ্য, ভারত-সহ গোটা পৃথিবী প্লাস্টিক দূষণের শিকার। পরিবেশবিদদের মতে, অবিলম্বে ব্যবস্থা না নিলে প্লাস্টিক দূষণে মানব সভ্যতা অস্তিত্বের সঙ্কটে পড়বে।

## বিশ্ব চ্যাম্পিয়ন সিন্ধু



**২৫ অগস্ট:** সুইৎজারল্যান্ডের বাসেলে বিশ্ব ব্যাডমিন্টন চ্যাম্পিয়ন হলেন ভারতের পি ভি সিন্ধু। প্রতিযোগিতার তৃতীয় বাছাই জাপানের নাজোমি ওকুহারাকে ২১-৭, ২১-৭ ফলে হারিয়ে প্রথম ভারতীয় ব্যাডমিন্টন খেলোয়াড় হিসেবে এই মঞ্চে সোনা জিতলেন সিন্ধু। দু'বছর আগে এই ওকুহারার কাছেই হেরে গিয়ে রৌপ্য পদকেই সন্তুষ্ট থাকতে হয়েছিল তাঁকে। এদিন অবশ্য ভারতের প্রথম প্রতিনিধি হিসেবে সোনা জয়ের পরে সিন্ধুর প্রতিক্রিয়া, 'এই জয়ের জন্যই এত দিন ধরে অপেক্ষা করছিলাম। অবশেষে সেই স্বপ্ন বাস্তবায়িত হল।' **ছবি:** পি টি আই



“যে লাগাতার হিংসা ঘটে চলেছে, তাতে আমাদের সমাজের বুনিয়াদে ফাটল ধরছে, বিশেষত আইনের শাসন ক্ষুণ্ণ হচ্ছে। আর তাই আমজনতার উদ্বেগ কমাতে সরকার আনুষ্ঠানিক ভাবে বিলটি বাতিল করবে।”

**ক্যারি ল্যাম,** *হংকংয়ের প্রশাসক*

গত তিনমাস ধরে চলতে থাকা আন্দোলনের পরিপ্রেক্ষিতে বিতর্কিত প্রত্যর্পণ বিল পুরোপুরি বাতিল করার কথা ঘোষণা করে

**২৬ অগস্ট** অন্ধ্রপ্রদেশের পাঁচ উপ-মুখ্যমন্ত্রীর পর কর্নাটকেও একাধিক উপমুখ্যমন্ত্রী হলেন। এক্ষেত্রে সংখ্যাটা তিন। গত মাসে মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নেন বিএস ইয়েদুরাপ্পা। মন্ত্রিসভা গঠন করতে লেগে যায় তিন সপ্তাহ। এদিন রাতে মন্ত্রিদের দপ্তর বন্টন করা হয়েছে। উপমুখ্যমন্ত্রী করা হয়েছে গোবিন্দ কারজল, আশওয়াত নারায়ণ এবং লক্ষ্মণ সাভাদিকে।

**আমাজন অরণ্যের দাবানল নেভানোর** উদ্যোগে এগিয়ে এল জি-৭ গোষ্ঠীর দেশগুলি। এদিন আমাজনের আগুন নেভাতে ২ কোটি ২০ লক্ষ ডলার অর্থসাহায্য ঘোষণা করল জি-৭। বৃষ্টি-বনানীর আগুন নেভাতে সাহায্যের জন্য এগিয়ে এসেছেন হলিউড অভিনেতা তথা পরিবেশ আন্দোলনকারী লিয়োনার্দো ডি ক্যাপ্রিয়ো। তাঁর পরিবেশ বিষয়ক স্বেচ্ছাসেবী সংস্থা 'আর্থ অ্যালায়েন্স' এর পক্ষ থেকে ৫০ লক্ষ ডলার সাহায্যের অঙ্গীকার করা হয়েছে।

**২৭ অগস্ট** দেশের প্রথম মহিলা ডিজিপি কাঞ্চন চৌধুরি ভট্টাচার্য (৭২) মুম্বইয়ে প্রয়াত হলেন। আশির দশকে দূরদর্শনের জনপ্রিয় ধারাবাহিক 'উড়ান' তৈরি হয়েছিল তাঁর জীবনকে ভিত্তি করেই। গল্পটি ছিল একটি মেয়ের আইপিএস হওয়ার লড়াই। কিরণ বেদীর পর কাঞ্চনই ছিলেন দেশের দ্বিতীয় মহিলা আইপিএস। ১৯৭৩ ব্যাচের আইপিএস কাঞ্চন ২০০৪ সালে উত্তরাখণ্ড পুলিশের ডিজি হয়েছিলেন।

**২৮ অগস্ট** বর্ধমানের খাগড়াগড় বিস্ফোরণ মামলায় ১৯ জনকে দোষী সাব্যস্ত করল কলকাতায় এনআইএ বা জাতীয় তদন্তকারী সংস্থার বিশেষ আদালত। বিচার চলাকালীনই ওই ১৯ জন নিজেদের দোষ কবুল করে বিচারকের কাছে আবেদন জানিয়েছিলেন, তাঁদের দোষী সাব্যস্ত করা হোক। তবে বিস্ফোরণের ঘটনায় মূল অভিযুক্ত কওসর ওরফে বোমা মিজান, কদর গাজি, ডালিম শেখ, ইউসুফ শেখেরা এখনও অপরাধ স্বীকার করেনি। ৩০ অগস্ট সাজা ঘোষণা হয় দোষীদের। দোষী সাব্যস্ত হওয়ার আগেই সমাজের মূল স্রোতে ফিরতে চেয়ে আবেদন জানিয়েছিলেন অভিযুক্তরা। সেটা বিবেচনা করেই কলকাতার এনআইএ বা জাতীয় তদন্তকারী সংস্থার বিশেষ আদালত দোষী সাব্যস্তদের ছ'বছর থেকে সর্বাধিক দশ বছর পর্যন্ত কারাদণ্ড দিয়েছে। দণ্ডিতদের প্রত্যেকের ২০ হাজার টাকা করে জরিমানাও ধার্য করা হয়েছে।

**রাহুল গান্ধীর মন্তব্যকে হাতিয়ার করে** রাষ্ট্রপুঞ্জে পিটিশন দিল পাকিস্তান। উল্লেখ্য, কয়েকদিন আগে কংগ্রেস ওয়ার্কিং কমিটির বৈঠক সেরে বেরিয়ে রাহুল সাংবাদিকদের বলেন,'কাশ্মীরে খুব ভুল কিছু হচ্ছে। সেখান থেকে হিংসা, নির্যাতন ও মৃত্যুর খবর আসছে।' রাষ্ট্রপুঞ্জকে পাকিস্তান জানিয়েছে, 'কংগ্রেসের রাহুল গান্ধীর মতো ভারতের মূলস্রোতের রাজনীতিকরা মানছেন, কাশ্মীরে হিংসা ও মৃত্যুর ঘটনা ঘটছে। শ্রীনগর বিমানবন্দর থেকে রাহুল গান্ধীদের জোর করে ফেরত পাঠানো হয়েছে। সব স্বাভাবিক হলে কেন তাঁদের যেতে দেওয়া হচ্ছে না?' বিষয়টি প্রকাশ্যে আসার পরই রাহুল টুইট করেন,'সরকারের সঙ্গে আমার বহু মতবিরোধ আছে। কিন্তু সাফ বলতে চাই, কাশ্মীর ভারতের অভ্যন্তরীণ বিষয়। পাকিস্তান বা অন্য দেশের হস্তক্ষেপের সুযোগ নেই। কাশ্মীরে হিংসার কারণ পাকিস্তানের প্ররোচনা। পাকিস্তানই বিশ্বে সন্ত্রাসের প্রধান হোতা।'

**ব্রেক্সিট কার্যকর করতে ১০ সেপ্টেম্বর** থেকে পার্লামেন্ট সাসপেন্ড করার পথে হাঁটলেন ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসন। পার্লামেন্ট সাসপেন্ড করতে রানি দ্বিতীয় এলিজাবেথের অনুমতি চেয়েছিলেন তিনি। রানি সেই অনুমতি দিয়েছেন। উল্লেখ্য, ৩১ অক্টোবর ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) থেকে বেরিয়ে আসার কথা ব্রিটেনের। বিরোধীদের অভিযোগ পার্লামেন্ট সাসপেন্ড করে ব্রেক্সিটের আগে বিরোধীদের মুখ বন্ধ করার চেষ্টা করছেন জনসন।

## কাশ্মীর নিয়ে ক্ষোভে ইস্তফা আইএএস কন্ননের



**২৪ অগস্ট:** আইএএস অফিসার কন্নন গোপীনাথ জম্মু-কাশ্মীরের কয়েক লক্ষ মানুষের 'মৌলিক অধিকার' খর্ব করার বিরুদ্ধে প্রতিবাদ জানাতে পদত্যাগ করলেন। কন্নন বলেছেন, 'জানি আমার পদত্যাগে পরিস্থিতির কোনও পরিবর্তন হবে না। কিন্তু, আমাকে তো নিজের কাছেও জবাবদিহি করতে হবে।' কন্নন আরও বলেছেন, 'গত ২০ দিন ধরে কাশ্মীরের মানুষের মৌলিক অধিকার খর্ব করা হয়েছে। অথচ অনেকেরই তা নিয়ে কোনও হেলদোল নেই। ৩৭০ অনুচ্ছেদ বাতিল প্রধান সঙ্কট নয়। কিন্তু তাতে কাশ্মীরবাসীর প্রতিক্রিয়া জানানোর অধিকারে বাধা দেওয়াই প্রধান সঙ্কট। তাঁরা এই পদক্ষেপকে স্বাগত জানাতে পারেন বা প্রতিবাদও জানাতে পারেন। সেটা তাঁদের অধিকার।'

## জি-৭ এ যোগ দিয়ে বৈঠকে ট্রাম্প-মোদী




**২৬ অগস্ট:** ফ্রান্সের বিয়ারিৎজ শহরে জি-৭ শীর্ষ সম্মেলনের পার্শ্ববৈঠকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে পাশে নিয়ে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জানিয়ে দিলেন, ভারত ও পাকিস্তান নিজেদের মধ্যে বিষয়টি আলোচনা করে সমাধান করে ফেলতে পারে বলে তিনি নিশ্চিত। প্রধানমন্ত্রী মোদী স্পষ্ট করে জানিয়ে দিয়েছেন, কাশ্মীর ভারত-পাকিস্তানের নিজেদের সমস্যা। এই বিষয়টি নিয়ে অন্য দেশকে 'বিব্রত' করতে চায় না ভারত। আগের দিন বিয়ারিৎজ পৌঁছেই নৈশভোজে ট্রাম্প-মোদীর মধ্যে কথাবার্তা হয়, যার মধ্যে ছিল কাশ্মীরও। এদিন যৌথ সাংবাদিক সম্মেলনে বিষয়টির উত্থাপন করে ট্রাম্প বলেন, 'গত রাতে আমরা কাশ্মীর নিয়ে কথা বলেছি। প্রধানমন্ত্রী সত্যিই মনে করেন যে, কাশ্মীরের পরিস্থিতি নিয়ন্ত্রণেই রয়েছে। তাঁরা পাকিস্তানের সঙ্গে কথাও বলবেন। আমি নিশ্চিত যে তাঁরা দুই পক্ষ মিলে খুব ভালো কিছু করবেন।' কাশ্মীর নিয়ে প্রশ্নের উত্তরে নরেন্দ্র মোদী তাৎপর্যপূর্ণ ভাবে বলেন, '১৯৮৭ সালের আগে পর্যন্ত ভারত এবং পাকিস্তান একসঙ্গেই ছিল। আমি যথেষ্ট আত্মবিশ্বাসী যে আলোচনার মাধ্যমে নিজেদের সমস্যা মিটিয়ে ফেলতে পারব। এই নিয়ে তৃতীয় কোনও দেশকে কষ্ট দিতে চাই না আমরা।'

**২৯ অগস্ট** আমাজনের অরণ্যকে দাবানলের গ্রাস থেকে বাঁচাতে নতুন পদক্ষেপের কথা ঘোষণা করলেন ব্রাজিলের প্রেসিডেন্ট জাইর বোলসোনারো। তিনি জানিয়েছেন, আগামী দু'মাস গোটা দেশে আগুন জ্বালানো বন্ধ রাখা হবে। তবে কৃষিক্ষেত্রে বা বন বিভাগের কোনও প্রয়োজনীয় কাজের জন্য সরকারি অনুমতি নিয়ে আগুন জ্বালানো যেতে পারে। ব্রাজিলের প্রতিরক্ষা মন্ত্রক ইতিমধ্যেই দাবি করেছে আমাজনের আগুন এখন অনেকটাই নিয়ন্ত্রণে।

**গজনভি নামের ২৯০ কিলোমিটার পাল্লার** ভূমি থেকে ভূমি ক্ষেপণাস্ত্রের পরীক্ষামূলক উৎক্ষেপণ করল পাকিস্তান। ভারতে জম্মু-কাশ্মীরের ৩৭০ ধারা বাতিলের পর থেকে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করতে একাধিক পদক্ষেপ করেছে ইসলামাবাদ। ক্ষেপণাস্ত্র পরীক্ষার পর দু'দেশের সম্পর্ক আরও তলানিতে পৌঁছেছে।

**৩০ অগস্ট** গত অর্থবর্ষ অর্থাৎ ২০১৮-১৯ সালের জন্য কর্মী প্রভিডেন্ট ফান্ডে (ইপিএফ) জমা টাকায় সুদ বেড়ে হল ৮.৬৫ শতাংশ। তার আগের বছর (২০১৭-১৮) ওই হার ছিল ৮.৫৫ শতাংশ। কেন্দ্রীয় শ্রমমন্ত্রী সন্তোষ কুমার গঙ্গোয়ার এদিন সুদ বাড়ানোর কথা ঘোষণা করেন।

**প্রধানমন্ত্রীর প্রিন্সিপ্যাল সেক্রেটারি নৃপেন্দ্র** মিশ্র ইস্তফা দিলেন। স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের পরামর্শেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁকে ওই পদে বসিয়েছিলেন। মোদীর বক্তব্য, আগেই অবসর নিতে চেয়েছিলেন তিনি।

**ফের ব্যাঙ্ক সংযুক্তিকরণের পথে হাঁটল** কেন্দ্র। দশটি ব্যাঙ্ককে যুক্ত করে চারটি ব্যাঙ্ক করার সিদ্ধান্ত নিয়েছে তারা। নরেন্দ্র মোদী সরকার এদিন জানিয়েছে, এর ফলে দেশে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের সংখ্যা ১৮ থেকে কমে ১২-য় নেমে আসবে। কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন দাবি করেছেন, অর্থনীতির ঝিমিয়ে পড়া দশা কাটাতে এবং ২০২৪-এ প্রধানমন্ত্রীর ঘোষিত ৫ লক্ষ কোটি ডলারের অর্থনীতির লক্ষ্য পূরণ করতে সরকার যে-সব পদক্ষেপ করছে, এই সংস্কার তারই অঙ্গ। ব্যাঙ্ক সংযুক্তিকরণের এই পরিকল্পনায় পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের সঙ্গে মিশে যাবে ওরিয়েন্টাল ব্যাঙ্ক অব কমার্স এবং ইউনাইটেড ব্যাঙ্ক। ইন্ডিয়ান ব্যাঙ্কের সঙ্গে মিশবে এলাহাবাদ ব্যাঙ্ক। ইউনিয়ন ব্যাঙ্কের সঙ্গে মিশে যাবে অন্ধ্র ব্যাঙ্ক এবং কর্পোরেশন ব্যাঙ্ক। কানাড়া ব্যাঙ্কের সঙ্গে মিশবে সিন্ডিকেট ব্যাঙ্ক।

## নৌকায় অতলান্তিক পাড়ি দিয়ে নিউ ইয়র্কে গ্রেটা



**২৯ অগস্ট:** জলপথে অতলান্তিক পাড়ি দিয়ে নিউ ইয়র্কে পৌঁছল জলবায়ু নিয়ে আন্দোলনকারী সুইডিশ কিশোরী গ্রেটা থুনবার্গ। সুইডেন থেকে বিমানে নিউ ইয়র্ক না গিয়ে জলপথ বেছে নেয় গ্রেটা। যাত্রাপথে একটুও কার্বন দূষণ যাতে না হয়, সে জন্য সৌর প্যানেল বসানো বড় পালতোলা নৌকায় সমুদ্র পাড়ি দেয় সে। সেপ্টেম্বরে রাষ্ট্রপুঞ্জের একটি সম্মেলনে যোগ দেওয়ার কথা রয়েছে গ্রেটার। কার্বন দূষণ কমাতে গ্রেটার আন্দোলন সারা বিশ্বে ব্যাপকভাবে আলোচিত হলেও মার্কিন মুলুকে তার পা রাখার খবরে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এদিন পর্যন্ত কোনও প্রতিক্রিয়া জানাননি।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## জ্ঞান এবং অনুশীলনই তোমাকে আত্মবিশ্বাসের জোগান দেবে



ডঃ সায়ন ভট্টাচার্য
এডুকেশন অফিসার
ইন্ডিয়ান মিউজিয়াম



কর্মসূত্রে নানারকম ওয়ার্কশপ ও ট্রেনিং প্রোগ্রাম করতে হয়। সেখানে গ্রাম-শহরের বিভিন্ন অঞ্চল থেকেই ছাত্রছাত্রীরা আসে। তাদের সঙ্গে কথা বলার সময় বা ইন্টারভিউ নেওয়ার সময় দেখেছি ভাষা এবং আত্মবিশ্বাসে তাদের অনেকেই খুব ঝকঝকে, আবার কেউ একটু ম্লান। এখান থেকেই একটা ধারণা গড়ে উঠেছে যে, তথাকথিত 'পালিশ'-বিহীন ছেলেমেয়েরা বুঝি পিছিয়ে পড়ে। কিন্তু পালিশটাই শেষ কথা কখনওই নয়। তাই এই ধারণায় আদৌ বিশ্বাস রেখো না।

### জ্ঞান এবং অনুশীলন

সবথেকে বড় কথা হল জ্ঞান। জ্ঞান কিন্তু ভাষা দিয়ে বিচার করা যায় না। তোমার ভিতরে যদি জ্ঞান থাকে, তা নিজের জোরেই বেরিয়ে আসবে। পেশাদারি জগতে প্রবেশের জন্য জ্ঞান ছাড়া আরেকটি বিষয় খুব গুরুত্ব রাখে। তা হল অনুশীলন। এই কাজটি একেবারে ছাত্রাবস্থা থেকেই শুরু করতে হবে। তবেই সময়কালে গিয়ে সঠিক প্রয়োগ করতে পারবে।

যে কাজটা করছ, মন দিয়ে নিষ্ঠাভরে করলেই অনেক সমস্যার সমাধান হয়ে যায়। নিজের প্রস্তুতির সময়ও তাই। যে-মাধ্যমেই পড়ো না কেন, নিজের বিষয়টা যদি ভালোভাবে শেখা থাকে তাহলে সেই শিক্ষাই তোমাকে সমৃদ্ধ করবে। একদিনে হঠাৎ নিজেকে তৈরি করা যায় না। হঠাৎ কোনও ট্রেনিং নিয়ে নিলাম আর একেবারে প্রস্তুতির যাবতীয় কাজ সেরে ফেললাম, ব্যাপারটা এরকমও হয় না। প্রস্তুতি সময়সাপেক্ষ ব্যাপার। একটু একটু করে অক্লান্ত পরিশ্রম করে নিজেকে তৈরি করতে হবে।

একটা উদাহরণ দিই। যেসব ছাত্রছাত্রীরা মাধ্যমিকে বসতে চলেছ, তারা যদি এখন থেকেই একটু ইংরেজি কাগজ পড়ো বা বন্ধুরা মিলে কোনও একটা বিষয় নিয়ে আলোচনা বা ডিবেট করো আর নিজের পছন্দের বিষয়টি মন দিয়ে পড়ো, তাহলে সেটাই হবে খুব ভালো গ্রুমিং। সঙ্গে অবশ্য বাকি বিষয়গুলোও পড়তে হবে সামগ্রিক জ্ঞানের জন্য। এখনকার এই সামান্য পরিশ্রম ভবিষ্যতে অনেক উপকারে লাগবে। এভাবেই একটু একটু করে নিজেকে তৈরি করতে হয়। তাহলে পরে যখন কর্মক্ষেত্রে যোগ দেওয়ার সময় আসবে ততদিনে দেখবে অনেক কিছুই আয়ত্তে এসে যাবে। ইন্টারভিউয়ের সময় এতদিন যা শিখেছ, সেটাই পারফর্ম করতে হবে। জ্ঞান এবং অনুশীলনই তোমাকে আত্মবিশ্বাসের জোগান দেবে।

তাছাড়া ইন্টারভিউয়ের কিছু আদবকায়দা থাকে, সেগুলো রপ্ত করে নিতে হবে। এই একটিমাত্র বিষয় ইন্টারভিউ দিতে যাওয়ার আগে অল্প সময়ের মধ্যে শিখে নেওয়া সম্ভব। এর জন্য স্বল্পমেয়াদী প্রশিক্ষণ আছে। ইন্টারনেটেও দেখে শিখে নিতে পারো। পরিচিত অভিজ্ঞ লোকজনের কাছ থেকে যদি সাহায্য পাও তাহলেও কাজে লাগবে।

### অনুকরণ কখনও নয়

তোমার কোনও বন্ধু কোনও একটা নির্দিষ্ট ট্রেনিং নিচ্ছে তাই তোমাকেও সেটাই নিতে হবে, এ পথ সঠিক নয়। নিজের প্রবণতা, আগ্রহ, অভিজ্ঞতা, শিক্ষা দিয়েই তোমায় নিজের রাস্তা বাছতে হবে। মানুষ নকল করতে গিয়ে বিপদে পড়ে। সে যেটা নয় সেটাই যখন সাজতে যাবে, তখনই বিপদটা ডেকে আনবে। এই মানসিকতাই কিন্তু পরবর্তীকালে তোমার সাফল্যের পথে বাধা হয়ে দাঁড়াতে পারে।

### স্বপ্ন আর জেদই এনার্জির যোগান দেবে

84(c): Let height of flag post be h $\frac{6}{4}=\frac{h}{50}\Rightarrow h=\frac{50\times6}{4}=75$ ft.

85(d): Let the cost of carpenting per meter be ₹ 1

Area of the room = 120 m2

Let the breadth of the room be xm

$\therefore$ Length of room $=\frac{120}{x}$ m

cost when breadth is 4m less = 120 − 20 = ₹100

and breadth = (x − 4) m

Now, length × new breadth = new area

$\therefore\frac{120}{x}\times(x-4)=100\Rightarrow\frac{6}{x}(x-4)=5\Rightarrow6x-24=5x\Rightarrow x=24.$

86(c): Natural numbers between 3 and 200 = 200 − 3 = 197.

Now,

| | | |
|---|---|---|
| 7 | 197 | 28 |
| | 14 | |
| | 57 | |
| | 56 | |
| | 1 | |

$\therefore$ 28 such natural numbers are there.

87(a): $\frac{5}{2}\left(\frac{8x}{3}-\frac{1}{2}\right)+\frac{13}{2}=\frac{2x}{3}$

$\frac{5}{2}\left(\frac{16x-3}{6}\right)+\frac{13}{2}=\frac{2x}{3},\left(\frac{80x-15}{12}\right)+\frac{13}{2}=\frac{2x}{3}$

$\frac{80x-15+78}{12}=\frac{2x}{3},\frac{80x+63}{4}=2x$

$80x+63=8x\Rightarrow63=-72x,x=-\frac{63}{72}=-\frac{7}{8}.$

88(b): Given, SI $=\frac{9}{25}$ principal

Now, rate $=\frac{SI\times100}{\text{Principal}\times\text{Time}}=\frac{9}{25}\times\frac{100}{6}=6\%.$

89(a): $\frac{\tan A+\tan B}{\cot A+\cot B}=\frac{\frac{\sin A}{\cos A}+\frac{\sin B}{\cos B}}{\frac{\cos A}{\sin A}+\frac{\cos B}{\sin B}}=\frac{\frac{\sin A.\cos B+\cos A.\sin B}{\cos A.\cos B}}{\frac{\cos A.\sin B+\sin A.\cos B}{\sin B.\sin B}}$

$\frac{\sin A.\sin B}{\cos A.\cos B}=\tan A.\tan B.$

90(a): Since the radius are in ratio 3 : 2 and volume is directly proportional to cube of radius, then the ratio of volume $=\left(\frac{3}{2}\right)^3$

$=\frac{27}{8}=27:8.$

91(b): 5 year ago average age of P, Q and R = 25 years

Total age 5 year ago = 25 × 3 = 75 year

At present total age = 75 + 15 = 90 year

Sum of the present ages of Q and R = (20 × 2 + 2 × 7) = 54 year

$\therefore$ P's present age = (90 − 54) = 36 year.

92(c): 59535 = 3 × 5 × 3 × 3 × 3 × 3 × 7 × 7

To make a proper square, we should multiply by = 3 × 5 = 15

Now sum of digits = 1 + 5 = 6.

93(d): Let CP of the watch be ₹ x

$\frac{SP-CP}{CP}\times100=\text{Gain}$

Then, $\frac{75-x}{x}\times100=x\Rightarrow(75-x)\times100=x^2$

$\Rightarrow x^2+100x-7500=0\Rightarrow x^2+150x-50x-7500=0$

$\Rightarrow x(x+150)-50(x+150)=0=(x+150)(x-50)=0\therefore x=₹50.$

94(c): Net % change $=\left(A+B+\frac{AB}{100}\right)\%$

$A=20\%=\left(20-10+\frac{200}{100}\right)\%$

B = − 10% = (10 − 2)% = 8% $\therefore$ 8% shows increment.

95(a): $(x-4)(x^2+4x+16)=x^3-p$

$\Rightarrow x^3+4x^2+16x-4x^2-16x-64=x^3-p\Rightarrow p=64.$

96(a): Let total distance = x km

In the same time, he travelled 3km more with 15 km/h

Now according to the question, $\frac{x+3}{15}=\frac{x}{9}$

$\Rightarrow9x+27=15x\Rightarrow6x=27\Rightarrow x=4.5$ km.

97(a): $A\times\frac{2}{3}=B\times\frac{75}{100}=C\times\frac{6}{10}$

$\Rightarrow A\times\frac{2}{3}=B\times\frac{3}{4}=C\times\frac{3}{5}$

$A\times\frac{2}{3}=B\times\frac{3}{4}\Rightarrow\frac{A}{B}=\frac{3}{4}\times\frac{3}{2}=\frac{9}{8}$

$\Rightarrow A:B=9:8\Rightarrow B\times\frac{3}{4}=C\times\frac{3}{5}\Rightarrow\frac{B}{C}=\frac{3}{5}\times\frac{4}{3}=\frac{12}{15}=\frac{4}{5}\Rightarrow\frac{8}{10}$

B : C = 8 : 10 $\therefore$ A : B : C = 9 : 8 : 10.

98(b): $\angle BOC=90^\circ+\frac{A}{2}$




$\Rightarrow110^\circ=90^\circ+\frac{A}{2}\therefore A=2\times20=40^\circ.$

99(b): Let AB be tower and BC be its shadow




If AB = X, then BC $=\frac{x}{\sqrt{3}}$

$\therefore\tan\theta=\frac{AB}{BC}=\frac{x}{x/\sqrt{3}}=\sqrt{3}$

$\therefore\tan\theta=\tan60^\circ\Rightarrow\theta=60^\circ.$

100(d): Given P * Q = P + Q + $\frac{P}{Q}$

$\therefore8*2=8+2+\frac{8}{2}=10+4=14.$

প্রস্তুত করেছেন: প্রদীপ কাঁড়ার

1টি কলমের মূল্য = 2 টাকা

$\therefore$ 12টি কলমের মূল্য বর্তমান মূল্য = 24 টাকা

পূর্বে মূল্য ছিল (24 + 6) = 30 টাকা।

100(a): a : b = b : c

$\therefore\frac{a}{b}=\frac{b}{c}=k$ (ধরি), a = bk = ck², b = ck

$\frac{1}{b-a}+\frac{1}{b-c}=\frac{1}{ck-ck^2}+\frac{1}{ck-c}=\frac{1}{ck(1-k)}+\frac{1}{c(k-1)}$

$=\frac{1}{ck(1-k)}-\frac{1}{c(1-k)}=\frac{1-k}{ck(1-k)}=\frac{1}{ck}=\frac{1}{b}.$

প্রস্তুত করেছেন: অভিষেক রায়

Banglajobguide.blogspot.com    Join http://t.me/BanglaJobGuide    http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# আই আই টি ঝাড়খণ্ডে ১৮৮

*প্রথম পাতার পর*

(সাধারণ ১, ও বি সি ১)। কেমিক্যাল ৮টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)। সিভিল ৭টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ও বি সি ২)। ইলেক্ট্রিক্যাল ১৫টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিকভাবে অনগ্রসর ২)। ইলেক্ট্রনিক্স ১৯টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিকভাবে অনগ্রসর ২)। মেকানিক্যাল ৪০টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০, আর্থিকভাবে অনগ্রসর ৪)। কম্পিউটার ১২টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। মাইনিং ৩টি (সাধারণ ২, ও বি সি ১)। মোট শূন্যপদের মধ্যে ৩টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ তিন বছরের ডিপ্লোমা। কেমিস্ট্রির ক্ষেত্রে বি এসসি ডিগ্রি। পাশাপাশি, সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই বা এন সি ভি টি স্বীকৃত ভোকেশনাল ট্রেনিং-সহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ বছরের অভিজ্ঞতা। সব ক্ষেত্রেই কোনও শিক্ষা প্রতিষ্ঠান বা রিসার্চ ল্যাবরেটরির কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। মেকানিক্যাল শাখার ক্ষেত্রে ফিটার বা মেকানিক বা রেফ্রিজারেশন বা ওয়েল্ডার বা ফাউন্ড্রি ট্রেড গ্রাহ্য হবে। কম্পিউটারের ক্ষেত্রে ইনফর্মেশন টেকনোলজিতে বি এসসি বা বি সি এ বা কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা থাকতে হবে।

**জুনিয়র অ্যাসিস্ট্যান্ট:** শূন্যপদ ৭৪টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২২, আর্থিকভাবে অনগ্রসর ১০)। মোট শূন্যপদের মধ্যে ২টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। এ ছাড়া এম এস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট-সহ কম্পিউটার অ্যাপ্লিকেশনের বিভিন্ন কাজে দক্ষতা থাকা বাধ্যতামূলক। পাশাপাশি, কম্পিউটারে ইংলিশে মিনিটে ৪০টি শব্দ বা হিন্দিতে মিনিটে ৩৫টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে।

**অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার:** শূন্যপদ ৮টি (সাধারণ ৫, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতকোত্তর ডিগ্রি। পাশাপাশি, কোনও সরকারি দপ্তর বা বিশ্ববিদ্যালয় বা টেকনোলজিক্যাল প্রতিষ্ঠানে সুপারভাইজর হিসেবে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ম্যানেজমেন্ট বা ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টসে পেশাদারি জ্ঞান থাকলে অথবা অ্যাডমিনিস্ট্রেটিভ বা লিগ্যাল বা স্টোর অ্যান্ড পারচেজ বা এস্টাবলিশমেন্টের কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

**বয়স:** ১১-১১-২০১৯ তারিখে জুনিয়র টেকনিশিয়ান ও জুনিয়র অ্যাসিস্ট্যান্টের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে এবং অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রারের ক্ষেত্রে ৪০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে ৮০ নম্বরের লিখিত পরীক্ষা ও ২০ নম্বরের কম্পিউটার প্রফিশিয়েন্সি টেস্টের মাধ্যমে। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iitism.ac.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৪ নভেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ফি বাবদ দিতে হবে অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রারের ক্ষেত্রে ১,০০০ টাকা এবং জুনিয়র অ্যাসিস্ট্যান্ট ও জুনিয়র টেকনিশিয়ান পদের ক্ষেত্রে ৫০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ফি দিতে লাগবে না।

অনলাইনে পূরণ করা দরখাস্তের প্রিন্ট আউট নিয়ে নেবেন। ১১ নভেম্বরের মধ্যে প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র-সহ প্রিন্ট আউট পাঠাতে হবে এই ঠিকানায়: The Registrar, Indian Institute of Technology (Indian School of Mines), Dhanbad, Dhanbad-826 004 (Jharkhand).

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# দিল্লি সরকারে ৪৬৪

*প্রথম পাতার পর*

অ্যান্ড প্রসিডিওর) রেগুলেশনস-২০০২ অনুসারে উচ্চমাধ্যমিকে ৪৫ শতাংশ নম্বর পেয়ে থাকলে এবং সেই সঙ্গে ২ বছরের ডি এল এড কোর্স পাশ করে থাকলেও আবেদন করতে পারেন।

সব ক্ষেত্রেই সেন্ট্রাল বোর্ড অব সেকেন্ডারি এডুকেশন কর্তৃক আয়োজিত সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্ট (সি-টেট) পরীক্ষায় পাশ করে থাকতে হবে। এর পাশাপাশি মাধ্যমিক স্তরে অন্যতম বিষয় হিসেবে ইংরেজি বা হিন্দি বা উর্দু পড়ে থাকতে হবে।

**অ্যাসিস্ট্যান্ট টিচার (নার্সারি):** পোস্ট কোড 16/19: শূন্যপদ: ৭৭টি। শিক্ষাগত যোগ্যতা: ৪৫ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক, সঙ্গে নার্সারি টিচার এডুকেশনে অন্তত ২ বছর মেয়াদের ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে। অথবা বি এড (নার্সারি)। মাধ্যমিক স্তরে হিন্দি পড়ে থাকা বাধ্যতামূলক।

**জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল):** পোস্ট কোড 17/19: ৫৫টি। শিক্ষাগত যোগ্যতা: সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। অথবা সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** ১৫-১০-২০১৯ তারিখে সবক'টি পদের ক্ষেত্রেই ৩০ বছরের মধ্যে হতে হবে।

**বেতনক্রম:** ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,২০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র দিল্লি। অ্যাসিস্ট্যান্ট টিচার পদের ক্ষেত্রে ২০০ নম্বর এবং জুনিয়র ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ৪০০ নম্বরের লিখিত পরীক্ষা নেওয়া হবে। সব পদের ক্ষেত্রেই লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে এই সব বিষয়ে— জেনারেল অ্যাওয়্যারনেস, জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং এবিলিটি, অ্যারিথমেটিক্যাল অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি, হিন্দি এবং ইংরেজি ভাষা এবং সংশ্লিষ্ট বিষয় (প্রযোজ্য ক্ষেত্রে)। জুনিয়র ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে অতিরিক্ত প্রশ্ন হবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন এবং সংশ্লিষ্ট বিষয়ে। নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষা দিতে যাওয়ার সময় সঙ্গে আধার কার্ড নিয়ে যেতে হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://dsssbonline.nic.in অনলাইন দরখাস্ত করা যাবে ১৬ সেপ্টেম্বর থেকে ১৫ অক্টোবর পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১০০ টাকা। ফি দেওয়া যাবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া-ই পে-র মাধ্যমে। অনলাইনে ফি জমা দেওয়ার পর পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

দরখাস্তের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে দেখতে পারেন এই ওয়েবসাইটটিও: http://dsssb.delhi.gov.in

# কোচিন শিপইয়ার্ডে প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট

বিভিন্ন শাখায় ৮৫ জন প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট নেবে কোচিন শিপইয়ার্ড। তিন বছরের চুক্তিতে নিয়োগ হবে মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল ও ইনস্ট্রুমেন্টেশন শাখায়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: P&A/2(260)/18.

**শাখা অনুসারে শূন্যপদ: মেকানিক্যাল:** শূন্যপদ ৫০টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৬, ও বি সি ১৫, আর্থিকভাবে অনগ্রসর ৫)। **ইলেক্ট্রনিক্স:** শূন্যপদ ১৪টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, ও বি সি ৫, আর্থিকভাবে অনগ্রসর ১)। **ইলেক্ট্রিক্যাল:** শূন্যপদ ১১টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। **ইনস্ট্রুমেন্টেশন:** শূন্যপদ ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)।

**শিক্ষাগত যোগ্যতা:** সব ক্ষেত্রেই স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ তিন বছরের ডিপ্লোমা। সেই সঙ্গে কোনও শিপইয়ার্ড বা মেরিন ইঞ্জিনিয়ারিং ট্রেনিং ইনস্টিটিউট বা হেভি ইঞ্জিনিয়ারিং কোম্পানিতে ২ বছরের অভিজ্ঞতা বা প্রশিক্ষণ নিয়ে থাকতে হবে। কম্পিউটার-নির্ভর পরিবেশে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

**বয়স:** ২০-৯-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। **বেতন:** প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বছরে যথাক্রমে নির্দিষ্ট মাসিক ১৯,২০০ টাকা, ১৯,৮০০ টাকা এবং ২০,৪০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে ১০০ নম্বরের অনলাইন টেস্টের মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র কেরলের বিভিন্ন শহর। পরীক্ষা হবে অক্টোবর মাসে। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সমস্ত বিষয়ে: জেনারেল নলেজ (১০ নম্বর), জেনারেল ইংলিশ (১০ নম্বর), রিজনিং (১০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (১০ নম্বর) ও সংশ্লিষ্ট শাখা (৬০ নম্বর)। সময় দেড় ঘণ্টা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.cochinshipyard.com অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২০ সেপ্টেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না।

অনলাইন দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের রেজিস্ট্রেশন নম্বর-সহ এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# দিল্লি জেলা আদালতে ৫৬১

*প্রথম পাতার পর*

২৬টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য ও ১৬টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। নিয়োগ করা হবে ডিস্ট্রিক্ট অ্যান্ড সেশনস আদালতে।

**পোস্ট কোড এ-ফোর: ডেটা এন্ট্রি অপারেটর:** শূন্যপদ ৯টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। নিয়োগ করা হবে ডিস্ট্রিক্ট অ্যান্ড সেশনস আদালতে। **ডেটা এন্ট্রি অপারেটর:** শূন্যপদ ২টি (সাধারণ)। নিয়োগ করা হবে ফ্যামিলি কোর্টে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://delhidistrictcourts.nic.in অনলাইন দরখাস্ত করা যাবে ১৬ সেপ্টেম্বর থেকে ৬ অক্টোবর পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। শিক্ষাগত যোগ্যতা, অনলাইন আবেদনের পদ্ধতি-সহ খুঁটিনাটি তথ্যের জন্য ১৬ সেপ্টেম্বরের পর আগ্রহীরা চোখ রাখুন উপরোক্ত ওয়েবসাইটে।

# পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের সেট পরীক্ষা ১৯ জানুয়ারি

*প্রথম পাতার পর*

সায়েন্সেস (১৫), ফিজিক্যাল সায়েন্সেস (১৬), সোশিওলজি (১৭), সাইকোলজি (১৮), লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স (১৯), ফিজিক্যাল এডুকেশন (২০), ইলেক্ট্রনিক সায়েন্স (২১), কম্পিউটার সায়েন্স (২২), হোম সায়েন্স (২৩), সাঁওতালি (২৪), মাস কমিউনিকেশন অ্যান্ড জার্নালিজম (২৫), অ্যানথ্রপলজি (২৬), আর্থ, অ্যাটমোস্ফিয়ার, ওশান অ্যান্ড প্ল্যানেটারি সায়েন্সেস (২৭), মিউজিক (২৮), ল (২৯) এবং নেপালি (৩০)। পরীক্ষার অ্যাডভার্টাইজমেন্ট নম্বর: 22/SET.

**শিক্ষাগত যোগ্যতা:** ৫৫ শতাংশ (তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী, আর্থিকভাবে অনগ্রসর এবং ট্রান্সজেন্ডার প্রার্থীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার ডিগ্রি। যে পি এইচ ডি ডিগ্রিধারীরা ১৯ সেপ্টেম্বর, ১৯৯১-এর আগে মাস্টার ডিগ্রির পরীক্ষা সম্পূর্ণ করেছেন তাঁরা পরীক্ষায় ৫০ শতাংশ নম্বর নিয়ে পাশ করে থাকলেই সেট পরীক্ষায় বসতে পারবেন।

ম্যাথমেটিক্যাল সায়েন্সেস বিষয়ের জন্য পরীক্ষায় বসতে চাইলে সংশ্লিষ্ট বিষয় ছাড়াও পিওর ম্যাথমেটিক্স, অ্যাপ্লায়েড ম্যাথমেটিক্স বা স্ট্যাটিস্টিক্সে মাস্টার ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। লাইফ সায়েন্সেস বিষয়ের জন্য পরীক্ষায় বসতে হলে মাস্টার ডিগ্রি থাকতে হবে বায়োলজিক্যাল সায়েন্স, বটানি, জুলজি, অ্যানিম্যাল সায়েন্স, মাইক্রোবায়োলজি, মলিকিউলার বায়োলজি, বায়ো-কেমিস্ট্রি, বায়োটেকনোলজি, ফিজিওলজি বা সমতুল যে-কোনও একটি বিষয়ে। লাইব্রেরি সায়েন্স বিষয়ে পরীক্ষায় বসার জন্য এম লিব বা এম লিস ডিগ্রি থাকতে হবে। ফিজিক্যাল এডুকেশন বিষয়ের পরীক্ষায় বসতে এম পি এড ডিগ্রি থাকতে হবে।

সেট পরীক্ষায় বসার জন্য বয়সের কোনও বিধিনিষেধ নেই।

ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদন করতে পারেন।

লিখিত সেট পরীক্ষা দু'টি পেপারের। সব পেপারেই অবজেক্টিভ ধরনের প্রশ্ন থাকবে। নেগেটিভ মার্কিং নেই। প্রথম পেপারে থাকবে রিজনিং এবিলিটি, কম্প্রিহেনশন, ডাইভারজেন্ট থিঙ্কিং এবং জেনারেল অ্যাওয়্যারনেসের প্রশ্ন। ৫০টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতি প্রশ্নের মান ২। অর্থাৎ ১০০ নম্বরের পেপার। পরীক্ষার সময়সীমা সকাল সাড়ে ৯টা থেকে সাড়ে ১০টা।

দ্বিতীয় পেপারে থাকবে প্রার্থীর বিষয়ের ওপর প্রশ্ন। মোট ১০০টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতি প্রশ্নে ২ নম্বর করে মোট ২০০ নম্বরের পেপার। এই পেপারের পরীক্ষা সকাল ১১টা থেকে দুপুর ১টা।

দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীরা প্রথম পর্বের পরীক্ষায় অতিরিক্ত ২০ মিনিট এবং দ্বিতীয় পর্বের পরীক্ষায় অতিরিক্ত ৪০ মিনিট সময় পাবেন।

কোয়ালিফাইং নম্বর মোট নম্বরের ৪০ শতাংশ (তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী, আর্থিকভাবে অনগ্রসর এবং রূপান্তরকামীদের ক্ষেত্রে ৩৫ শতাংশ)।

সেট পরীক্ষার বিস্তারিত সিলেবাসের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.wbcsconline.in

এবারের সেট পরীক্ষার কেন্দ্রগুলি হল (ব্র্যাকেটে ডিস্ট্রিক্ট কোড): কলকাতা (১১), দক্ষিণ ২৪ পরগনা (১২), উত্তর ২৪ পরগনা (১৩), হাওড়া (১৪), হুগলি (১৫), পূর্ব বর্ধমান (১৬), পশ্চিম বর্ধমান (১৭), বীরভূম (১৮), বাঁকুড়া (১৯), পুরুলিয়া (২০), ঝাড়গ্রাম (২১), পূর্ব মেদিনীপুর (২২), পশ্চিম মেদিনীপুর (২৩), নদিয়া (২৪), মুর্শিদাবাদ (২৫), মালদা (২৬), উত্তর দিনাজপুর (২৭), দক্ষিণ দিনাজপুর (২৮), জলপাইগুড়ি (২৯), আলিপুরদুয়ার (৩০), কোচবিহার (৩১), দার্জিলিং (৩২)।

সেট পরীক্ষার জন্য দরখাস্ত করবেন অনলাইনে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbcsconline.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকা চাই। **অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর।** মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে ৪ থেকে ৪০ কেবি সাইজের মধ্যে) এবং কালো কালির বলপেনে করা সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে ৪ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। যথাযথভাবে দরখাস্ত পূরণ করে 'submit' করুন। সাবমিট করার পর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে।

পরীক্ষার ফি ১,০০০ টাকা (তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও ট্রান্সজেন্ডার প্রার্থীদের ক্ষেত্রে ২৫০ টাকা এবং ও বি সি ও আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে ৫০০ টাকা)। ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে অনলাইনে ফি জমা দিতে পারেন। অথবা ই-চালানের মাধ্যমে নগদে ফি জমা দিতে পারেন ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। অনলাইনের ক্ষেত্রে অতিরিক্ত সার্ভিস চার্জ এবং অফলাইনের ক্ষেত্রে ব্যাঙ্ক চার্জ বাবদ অতিরিক্ত ৪৮ টাকা দিতে হবে। চালানের প্রিন্ট আউট পাবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। অফলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৫ অক্টোবর।

ফি জমা দেওয়ার পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কেন্দ্রীয় সরকারে
## কয়েকশো স্টেনোগ্রাফার

*প্রথম পাতার পর*

এবং গ্রেড 'ডি'-র প্রার্থীদের ক্ষেত্রে মিনিটে ৮০টি শব্দ শর্টহ্যান্ডে লেখার দক্ষতা থাকতে হবে।

স্টেনোগ্রাফির দক্ষতা যাচাইয়ের জন্য স্কিল টেস্ট হবে। এক্ষেত্রে ১০ মিনিটের ডিক্টেশন গ্রেড 'সি'-র প্রার্থীদের মিনিটে ১০০টি শব্দ এবং গ্রেড 'ডি'-র প্রার্থীদের মিনিটে ৮০টি শব্দের গতিতে শর্টহ্যান্ডে লিখতে হবে ইংরেজি অথবা হিন্দিতে। শর্টহ্যান্ডে নেওয়া ডিক্টেশন গ্রেড 'সি'-র প্রার্থীদের ক্ষেত্রে ইংরেজিতে ৪০ মিনিটে (হিন্দিতে ৫৫ মিনিটে) এবং গ্রেড 'ডি'-র প্রার্থীদের ক্ষেত্রে ইংরেজিতে ৫০ মিনিটে (হিন্দিতে ৬৫ মিনিটে) কম্পিউটারে টাইপ করতে হবে।

দরখাস্তের নির্দিষ্ট কলামে কোন মাধ্যমে (ইংরেজি অথবা হিন্দি) স্কিল টেস্ট দেবেন তা উল্লেখ করতে হবে।

**বয়স:** নির্দিষ্ট তারিখে গ্রেড 'সি'-র প্রার্থীদের ১৮ থেকে ৩০ এবং গ্রেড 'ডি'-র প্রার্থীদের ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বয়সে তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় ২০০ নম্বরের অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, জেনারেল অ্যাওয়্যারনেস এবং ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন বিষয়ে। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং হবে। লিখিত পরীক্ষায় সফল হলে স্কিল টেস্টের জন্য ডাক পাওয়া যাবে।

পশ্চিমবঙ্গে কলকাতা-সহ একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

অনলাইন আবেদন করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://ssc.nic.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৭ সেপ্টেম্বর থেকে ১৫ অক্টোবর পর্যন্ত।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহী প্রার্থীদের প্রস্তুতির সুবিধার জন্য আগাম এই নিয়োগের খবর জানানো হল। বিশদ বিজ্ঞপ্তি প্রকাশিত হলে খুঁটিনাটি তথ্য-সহ কর্মক্ষেত্র-য় সে খবর জানানো হবে।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী ও দিল্লি পুলিশে কয়েকশো সাব-ইনস্পেক্টর, অ্যাসিস্ট্যান্ট সাব-ইনস্পেক্টর

কয়েকশো সাব-ইনস্পেক্টর ও অ্যাসিস্ট্যান্ট সাব-ইনস্পেক্টর নিয়োগ করবে বিভিন্ন কেন্দ্রীয় পুলিশ বাহিনী ও দিল্লি পুলিশ। সাধারণত সাব-ইনস্পেক্টর নেওয়া হয় বর্ডার সিকিউরিটি ফোর্স, সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স, সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স, ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ, সশস্ত্র সীমা বলের মতো কেন্দ্রীয় সশস্ত্র বাহিনী ও দিল্লি পুলিশে। অ্যাসিস্ট্যান্ট সাব-ইনস্পেক্টর নিয়োগ হবে সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্সে। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন 'রিক্রুটমেন্ট অব সাব-ইনস্পেক্টর ইন দিল্লি পুলিশ, সি এ পি এফস অ্যান্ড অ্যাসিস্ট্যান্ট সাব-ইনস্পেক্টর ইন সি আই এস এফ এক্সামিনেশন, ২০১৯'-এর মাধ্যমে।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহী প্রার্থীদের অবগতির জন্য আগাম এই নিয়োগের খবর জানানো হল।

**শিক্ষাগত যোগ্যতা**: সব ক্ষেত্রেই যে-কোনও শাখায় স্নাতক। দিল্লি পুলিশের সাব-ইনস্পেক্টর পদের পুরুষ প্রার্থীদের বৈধ লাইট মোটর ভেহিক্যল ড্রাইভিং লাইসেন্স (মোটর সাইকেল ও গাড়ি) থাকতে হবে।

**বয়স**: নির্দিষ্ট তারিখে ২০ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। বয়সে তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। দিল্লি পুলিশে সাব-ইনস্পেক্টর ও সি আই এস এফ-এ অ্যাসিস্ট্যান্ট সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে বিধবা, বিবাহবিচ্ছিন্ন এবং আইনত স্বামীবিচ্ছিন্ন মহিলারা ফের বিয়ে না করে থাকলে এবং ৩৫ (তফসিলিদের ক্ষেত্রে ৪০) বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন।

**দৈহিক মাপজোক**: ছেলেদের ক্ষেত্রে উচ্চতা ১৭০ সেমি (গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৬৫ সেমি, তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি), বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে যথাক্রমে ৭৭ ও ৮২ সেমি)। মেয়েদের ক্ষেত্রে উচ্চতা ১৫৭ সেমি (গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৫৫ সেমি, তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৫৪ সেমি)। সব ক্ষেত্রেই উচ্চতা অনুযায়ী ওজন থাকতে হবে। দৃষ্টিশক্তি: সব ক্ষেত্রেই চশমা ছাড়া দূরের ক্ষেত্রে ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/৯ এবং কাছের ক্ষেত্রে ভালো চোখে এন ৬ এবং খারাপ চোখে এন ৯ হতে হবে। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, শিরাস্ফীতি, তির্যক চাহনি থাকলে চলবে না।

প্রার্থী বাছাই হবে দু'পর্যায়ের কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। প্রথম পেপারের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা দৈহিক সক্ষমতার পরীক্ষা দেওয়ার সুযোগ পাবেন। এই পরীক্ষায় সফল হলে দ্বিতীয় পেপারের পরীক্ষা নেওয়া হবে। প্রতি পেপারে ২০০ নম্বরের অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। প্রথম ও দ্বিতীয় পেপারের পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে নির্বাচিত প্রার্থীদের মেডিক্যাল এক্সামিনেশন হবে।

প্রথম পত্রের পরীক্ষা নেওয়া হবে ১১ থেকে ১৩ ডিসেম্বরের মধ্যে।

পশ্চিমবঙ্গে লিখিত পরীক্ষার কেন্দ্র: কলকাতা।

দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে— পুরুষদের ক্ষেত্রে: ১৬ সেকেন্ডে ১০০ মিটার দৌড়, ৬.৫ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ৩.৬৫ মিটার লং জাম্প, ১.২ মিটার হাই জাম্প, ৪.৫ মিটার শটপাট (১৬ পাউন্ড)। মেয়েদের ক্ষেত্রে থাকবে: ১৮ সেকেন্ডে ১০০ মিটার দৌড়, ৪ মিনিটে ৮০০ মিটার দৌড়, ২.৭ মিটার লং জাম্প ও ০.৯ মিটার হাই জাম্প। লং জাম্প, হাই জাম্প ও শটপাট ইভেন্টে সর্বাধিক তিনবার সুযোগ পাওয়া যাবে। প্রাক্তন সমরকর্মীদের দৈহিক সক্ষমতার পরীক্ষা দিতে হবে না।

অনলাইন দরখাস্ত করতে হবে দু'টি পর্যায়ে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ssc.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৭ সেপ্টেম্বর থেকে ১৫ অক্টোবর পর্যন্ত।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি প্রকাশিত হলে খুঁটিনাটি তথ্য-সহ কর্মক্ষেত্র-য় সে খবর জানানো হবে।

# উত্তর রেলে ১১৮ মাল্টি টাস্কিং স্টাফ

মাল্টি টাস্কিং স্টাফ পদে ১১৮ জনকে নেবে উত্তর রেল। নিয়োগ হবে কমার্শিয়াল ডিপার্টমেন্টের পার্লামেন্ট হাউস-ক্যাটারিং ইউনিটে। প্রার্থী বাছাই করবে রেলওয়ে রিক্রুটমেন্ট সেল। প্রথমে ট্রেনিং। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 02/2019.

শূন্যপদের বিবরণ: **মাল্টি টাস্কিং স্টাফ-সার্ভিস সাইড**: ৯৪টি (সাধারণ ৩৯, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৫, আর্থিকভাবে অনগ্রসর ৯)। এর মধ্যে ১৯টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী, ১টি করে শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী, শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী এবং চলাফেরায় অসুবিধা আছে এমন প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। এছাড়াও অ্যাপ্রেন্টিস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে যাঁরা রেলে সংশ্লিষ্ট ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়েছেন তাঁদের জন্য ১৯টি শূন্যপদ সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক, সঙ্গে ক্রাফটসম্যান ট্রেনিং স্কিমের অধীনে ফুড বেভারেজেস বা ফুড অ্যান্ড বেভারেজের গেস্ট সার্ভিস ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ। অথবা মাধ্যমিক সঙ্গে এন সি ভি টি স্বীকৃত স্কিল ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ স্কিমের অধীনে ফুড অ্যান্ড বেভারেজেস সার্ভিস এবং হসপিটালিটি অ্যাসিস্ট্যান্ট মডিউলার এমপ্লয়েবল স্কিলস কোর্স পাশ। অথবা মাধ্যমিক, সঙ্গে সরকারি প্রতিষ্ঠান বা ন্যাশনাল কাউন্সিল অব হোটেল ম্যানেজমেন্ট অ্যান্ড ক্যাটারিং টেকনোলজির অধীনস্থ কোনও প্রতিষ্ঠান থেকে ফুড অ্যান্ড বেভারেজ অপারেশনে ট্রেড ডিপ্লোমা কোর্স পাশ।

**মাল্টি টাস্কিং স্টাফ-কুকিং সাইড**: ২৪টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও ৫টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। এছাড়াও অ্যাপ্রেন্টিস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে যাঁরা রেলে সংশ্লিষ্ট ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়েছেন তাঁদের জন্য ৫টি শূন্যপদ সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক, সঙ্গে ক্রাফটসম্যান ট্রেনিং স্কিমের অধীনে বেকারি অ্যান্ড কনফেকশনারি বা বেকার অ্যান্ড কনফেকশনার বা ফুড প্রোডাকশন (জেনারেল) ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ। অথবা মাধ্যমিক, সঙ্গে এন সি ভি টি স্বীকৃত স্কিল ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ স্কিমের অধীনে কুক (জেনারেল), কুক (কন্টিনেন্টাল), কুক (ইন্ডিয়ান ক্যুইজিন) কোর্স পাশ। অথবা মাধ্যমিক, সঙ্গে সরকারি প্রতিষ্ঠান বা ন্যাশনাল কাউন্সিল অব হোটেল ম্যানেজমেন্ট অ্যান্ড ক্যাটারিং টেকনোলজির অধীনস্থ কোনও প্রতিষ্ঠান থেকে ফুড প্রোডাকশন বা বেকারি অ্যান্ড কনফেকশনারিতে ট্রেড ডিপ্লোমা কোর্স পাশ।

**বয়স**: ১-১-২০২০ তারিখে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে হতে হবে। বয়সে তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বিধবা, বিবাহবিচ্ছিন্ন এবং আইনত স্বামীবিচ্ছিন্ন মহিলারা ফের বিয়ে না করে থাকলে এবং ৩৫ (তফসিলিদের ক্ষেত্রে ৪০, ও বি সিদের ক্ষেত্রে ৩৮) বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন। অ্যাপ্রেন্টিস অ্যাক্ট অনুসারে যাঁরা ২৫ বছর পূর্ণ হওয়ার আগে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নেওয়া শুরু করেছিলেন তাঁরা বয়সে ২ বছরের ছাড় পাবেন। যাঁরা অ্যাপ্রেন্টিস অ্যাক্ট ১৯৬১ অনুসারে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়েছেন তাঁরা সর্বাধিক ৩ বছরের বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম**: সপ্তম বেতন কমিশনের লেভেল-১ অনুসারে।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষার ৩১ অক্টোবরের পরবর্তী কোনও তারিখে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rrcnr.org প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। দরখাস্ত করা যাবে ১৬ সেপ্টেম্বর থেকে ১৫ অক্টোবর পর্যন্ত। মনে রাখবেন, দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো, সই, বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট, প্রাক্তন সমরকর্মীর ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট, অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট, কর্মরতদের ক্ষেত্রে নো-অবজেকশন সার্টিফিকেট আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে সাধারণ এবং ও বি সি ক্যাটেগরির পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে ৫০০ টাকা (মহিলা, তফসিলি, সংখ্যালঘু, দৈহিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী, আর্থিকভাবে অনগ্রসর এবং ট্রান্সজেন্ডার প্রার্থীদের ক্ষেত্রে ২৫০ টাকা)। পরীক্ষায় বসলে সাধারণ এবং ও বি সি ক্যাটেগরির পুরুষ প্রার্থীরা ৪০০ টাকা এবং মহিলা ও অন্যান্য সংরক্ষিত ক্যাটেগরির সব প্রার্থীই ফি বাবদ জমা দেওয়া পুরো টাকা ফেরত পাবেন। তবে সব ক্ষেত্রেই ব্যাঙ্ক চার্জ কেটে টাকা ফেরত দেওয়া হবে।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্ত এবং ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## মামলাকারী প্রাথমিক প্রশিক্ষিতদের চাকরি নিশ্চিত হল

**নিজস্ব প্রতিনিধি**: প্রাথমিক স্কুলে শিক্ষকতার প্রশিক্ষণ নিয়েও অনেক প্রার্থী এখনও চাকরি পাননি। তাঁদের মধ্যে যাঁরা চাকরির দাবিতে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছিলেন, তাঁদের সময়সীমা নির্দিষ্ট করে প্রাথমিক স্কুলে শিক্ষক পদে নিয়োগপত্র দেওয়ার নির্দেশ দিল শীর্ষ আদালত। সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে নির্দিষ্ট সময়সীমার মধ্যে ওই সব প্রার্থীকে নিয়োগপত্র দেওয়া হবে বলে জানিয়েছেন রাজ্য প্রাথমিক শিক্ষা পর্ষদের সভাপতি মানিক ভট্টাচার্য।

উল্লেখ্য, পি টি টি আই প্রশিক্ষণ নেওয়া থাকলে শিক্ষক পদপ্রার্থীর অ্যাকাডেমিক স্কোরে বাড়তি ২২ নম্বর যোগ হবে বলে পর্ষদের তরফে জানানো হয়েছিল। মামলাকারী প্রার্থীদের অ্যাকাডেমিক স্কোরে এই বাড়তি নম্বর যোগ হয়নি। তাঁরা নিয়োগপত্রও পাননি। ২০১০ সালে তাঁরা কলকাতা হাইকোর্টে মামলা করেন। পরে মামলাটি সুপ্রিম কোর্টে যায়।

সম্প্রতি সুপ্রিম কোর্ট নির্দেশ দিয়েছে, পি টি টি আই প্রশিক্ষিত যেসব চাকরিপ্রার্থী ২০১০-এর ৩১ ডিসেম্বরের মধ্যে মামলা করেছিলেন, তাঁদের প্রাথমিক স্কুলের শিক্ষক পদে নিয়োগ করতে হবে। শূন্যপদ না থাকলে প্রয়োজনে নতুন পদ তৈরি করে চাকরির ব্যবস্থা করতে হবে বলে সর্বোচ্চ আদালত নির্দেশ দিয়েছে।

# এয়ার ইন্ডিয়ায় ট্রেনি কন্ট্রোলার

৬০ জন ট্রেনি কন্ট্রোলার নেবে এয়ার ইন্ডিয়া। পাঁচ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। প্রার্থীর সন্তোষজনক কাজের ভিত্তিতে আরও পাঁচ বছর চুক্তির মেয়াদ বাড়াতে পারে কর্তৃপক্ষ। প্রথমে ট্রেনিং হবে। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে।

**শূন্যপদের বিন্যাস**: সাধারণ ২২, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৭, ও বি সি ১৪, আর্থিকভাবে অনগ্রসর ৮। **শিক্ষাগত যোগ্যতা**: কম্পিউটার সায়েন্সে বি ই বা বি টেক। পাশাপাশি, গেট-২০১৯ পরীক্ষায় মোট অন্তত ৭০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। অথবা মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ এম সি এ বা কম্পিউটার সায়েন্সে স্নাতকোত্তর ডিগ্রি। **বয়স**: ১-৮-২০১৯ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন। **স্টাইপেন্ড**: নির্দিষ্ট মাসিক ২৫,০০০ টাকা। **বেতন**: নির্দিষ্ট মাসিক ৪৫,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। উত্তীর্ণ প্রার্থীদের নথিপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষানিরীক্ষা হবে। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.airindia.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৮ সেপ্টেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১০ থেকে ৩৫ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকার ডিমান্ড ড্রাফট। এটি 'Air India Limited'-এর অনুকূলে দিল্লিতে প্রদেয় হতে হবে। তফসিলি ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে লাগবে না। ডিমান্ড ড্রাফট-সংক্রান্ত তথ্য অনলাইন আবেদনের সময় আপলোড করতে হবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ন্যাশনাল ফার্টিলাইজার্সে ১৭৯ অ্যাপ্রেন্টিস

১৭৯ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ন্যাশনাল ফার্টিলাইজার্স লিমিটেড। ১ বছরের প্রশিক্ষণ দেওয়া হবে মধ্যপ্রদেশের বিজয়পুরে, আই টি আইয়ের বিভিন্ন ট্রেড এবং ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখায়। প্রশিক্ষণের সময় নির্দিষ্ট হারে স্টাইপেন্ড দেওয়া হবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর Advt No/VJP/08/2019.

আই টি আইয়ের ট্রেড অনুসারে আসনসংখ্যার বিবরণ: ইলেক্ট্রিশিয়ান: ১১টি। ইনস্ট্রুমেন্ট মেকানিক: ১১টি। ফিটার: ১৩টি। ওয়েল্ডার: ৭টি। মেশিনিস্ট: ৮টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ।

ইঞ্জিনিয়ারিং শাখানুসারে আসনসংখ্যার বিবরণ: গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস: ইলেক্ট্রনিক্স: ৮টি। কেমিক্যাল: ৫টি। ইনস্ট্রুমেন্টেশন: ৭টি। ইলেক্ট্রিক্যাল: ৬টি। মেকানিক্যাল: ৬টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বা সমতুল শাখায় বি ই।

টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস: মেকানিক্যাল: ১৬টি। ইলেক্ট্রিক্যাল: ১৮টি। কেমিক্যাল: ৬টি। ইলেক্ট্রনিক্স: ৮টি। ইনস্ট্রুমেন্টেশন: ৮টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বা সমতুল শাখায় ডিপ্লোমা।

বয়স: ৩১-৭-২০১৯ তারিখে অন্তত ১৮ বছরের হতে হবে।

এর আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে, ১ বছর বা তার বেশি কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করবেন না। গ্র্যাজুয়েট ও টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে ৩১-৭-২০১৯ অনুসারে ৩ বছর আগে যোগ্যতামান নির্ণায়ক পরীক্ষায় পাশ করে থাকলে আবেদন করবেন না।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

প্রথমে প্রার্থীকে অ্যাপ্রেন্টিস হিসেবে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশন করতে হবে আই টি আইয়ের ক্ষেত্রে এই ওয়েবসাইট: www.apprenticeship.gov.in এবং ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mhrdnats.gov.in রেজিস্ট্রেশনের পর একটি রেজিস্ট্রেশন নম্বর পাওয়া যাবে। এটি লিখে রাখবেন। পরে কাজে লাগবে।

এরপর সংশ্লিষ্ট সংস্থায় প্রার্থীর সম্পূর্ণ জীবনপঞ্জি-সহ আবেদন করতে হবে। আবেদনের সময় বিজ্ঞপ্তি নম্বর, প্রার্থীর নাম, বাবার নাম, জন্মতারিখ, শিক্ষাগত যোগ্যতা, ঠিকানা, অ্যাপ্রেন্টিসশিপ রেজিস্ট্রেশন নম্বর লিখে দেবেন। এছাড়া প্রার্থী তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী কিনা সেটিও আবেদনপত্রে উল্লেখ করে দেবেন।

প্রয়োজনীয় নথিপত্রের নকল-সহ প্রার্থীর সম্পূর্ণ জীবনপঞ্জি ২২ সেপ্টেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Chief Manager (HR), M/s National Fertilizers Ltd, Vijaipur, Distt. Guna (M.P.)-473111.

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.nationalfertilizers.com

# বাঁকুড়ায় মজদুর, হেল্পার

৬৮ জন মজদুর ও হেল্পার নেবে বাঁকুড়া পুরসভা। এই নিয়োগের মেমো নম্বর: 1677/BM/1-1.

**শূন্যপদের বিন্যাস: মজদুর**: শূন্যপদ ৪০টি (সাধারণ ৯, সাধারণ-ই সি ৭, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ৩, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ১, সাধারণ-খেলোয়াড় ১, তফসিলি জাতি ৭, তফসিলি জাতি-ই সি ২, তফসিলি জাতি-প্রাক্তন সমরকর্মী ১, তফসিলি উপজাতি ২, ও বি সি-এ ৩, ও বি সি-বি ২, ও বি সি-এ-ই সি ১, ও বি সি-বি-ই সি ১)। **হেল্পার**: শূন্যপদ ২৮টি (সাধারণ ১২, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ৩, সাধারণ-খেলোয়াড় ১, তফসিলি জাতি ৫, তফসিলি জাতি-প্রাক্তন সমরকর্মী ১, ও বি সি-এ ৪, ও বি সি-এ-ই সি ২)।

**শিক্ষাগত যোগ্যতা**: উভয় ক্ষেত্রেই ক্লাস এইট পাশ। প্রার্থীর দৈহিক গঠন মজবুত হলে অগ্রাধিকার পাওয়া যাবে।

**বয়স**: ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম**: ৪,৯০০-১৬,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ১,৭০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.bankuramunicipality.org পূরণ করবেন যথাযথভাবে।

## পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓দু'কপি পাসপোর্ট মাপের রঙিন স্বপ্রত্যয়িত ফটো। একটি ফটো দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন। অপর ফটোটি দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন।
- ✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ডিসচার্জ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓খেলোয়াড়দের ক্ষেত্রে স্পোর্টস সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓নাম-ঠিকানা লেখা ও প্রয়োজনীয় মূল্যের ডাকটিকিট সাঁটানো একটি খাম।
- ✓আধার কার্ডের স্বপ্রত্যয়িত নকল।
- ✓এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ কার্ডের (যদি থাকে) স্বপ্রত্যয়িত নকল।
- ✓কর্মরতদের ক্ষেত্রে নো অবজেকশন সার্টিফিকেট।

দরখাস্ত ভরা খামের ওপর যে-পদের জন্য দরখাস্ত করছেন তার নাম, প্রার্থীর ক্যাটেগরি ও বিজ্ঞপ্তি নম্বর লিখে দেবেন। ২০ সেপ্টেম্বরের মধ্যে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: The Chairman, Bankura Municipality, Machantala, PO, PS & Dist. Bankura, PIN-722 101. খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ইউ জি সি-র নেট পরীক্ষা শুরু ২ ডিসেম্বর

ইউনিভার্সিটি গ্রান্টস কমিশনের অধীন বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে জুনিয়র রিসার্চ ফেলোশিপের জন্য যোগ্যতামান নির্ধারণের পরীক্ষা 'নেট'-এর দরখাস্ত নেওয়া হচ্ছে। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে। জাতীয় স্তরে পরীক্ষাটি নিচ্ছে ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এন টি এ)। হিউম্যানিটিজ (ল্যাঙ্গুয়েজ-সহ), সোশ্যাল সায়েন্স, কম্পিউটার সায়েন্স অ্যান্ড অ্যাপ্লিকেশনস, ইলেক্ট্রনিক সায়েন্স প্রভৃতি বিষয়ের স্নাতকোত্তর ডিগ্রিধারীরা মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং ট্রান্সজেন্ডারদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। যাঁরা মাস্টার ডিগ্রির ফাইনাল পরীক্ষা দেবেন বা দিয়েছেন তাঁরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন।

পি এইচ ডি-ডিগ্রিধারী, যাঁদের স্নাতকোত্তর স্তরের পরীক্ষা ১৯ সেপ্টেম্বর, ১৯৯১ তারিখের আগে সম্পূর্ণ হয়েছে তাঁরা শিক্ষাগত যোগ্যতার শতকরা হারে ৫ শতাংশ ছাড় পাবেন।

যাঁরা ফেলোশিপের জন্য এই পরীক্ষায় উত্তীর্ণ হবেন তাঁরা স্নাতকোত্তর ডিগ্রির বিষয় অথবা সমতুল কোনও বিষয়ে গবেষণা করতে পারেন। একইসঙ্গে তাঁরা অ্যাসিস্ট্যান্ট প্রফেসর হিসেবেও কাজ করার যোগ্যতা অর্জন করবেন।

১৯৮৯-এর আগে ইউ জি সি/সি এস আই আর/জুনিয়র রিসার্চ ফেলোশিপের পরীক্ষায় উত্তীর্ণরা অথবা ২০০২-এর ১ ডিসেম্বরের আগে সেট পরীক্ষায় উত্তীর্ণদের নেট পরীক্ষায় বসার কোনও দরকার নেই। তাঁরা সরাসরি অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের জন্য আবেদন করতে পারবেন।

জুনিয়র রিসার্চ ফেলোশিপের জন্য বয়স ১-১২-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী, ও বি সি এবং ট্রান্সজেন্ডার প্রার্থীরা বয়সে ৫ বছরের ছাড় পাবেন। ৫ বছরের অভিজ্ঞতাসম্পন্ন গবেষকরাও সর্বাধিক ৫ বছরের বয়সের ছাড় পাবেন। এল এল এম ডিগ্রিধারীরা ৩ বছরের ছাড় পাবেন। সশস্ত্র বাহিনীতে কাজের অভিজ্ঞতাসম্পন্নরাও সর্বাধিক ৫ বছরের বয়সের ছাড় পাবেন। অ্যাসিস্ট্যান্ট প্রফেসরের জন্য বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

**কোন কোন বিষয়ের পরীক্ষা (ব্র্যাকেটে কোড নং):** ইকনমিক্স (০১), পলিটিক্যাল সায়েন্স (০২), ফিলজফি (০৩), সাইকোলজি (০৪), সোশিওলজি (০৫), হিস্ট্রি (০৬), অ্যানথ্রপলজি (০৭), কমার্স (০৮), এডুকেশন (০৯), সোশ্যাল ওয়ার্ক (১০), ডিফেন্স অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (১১), হোম সায়েন্স (১২), পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন (১৪), পপুলেশন স্টাডিজ (১৫), মিউজিক (১৬), ম্যানেজমেন্ট (১৭), মৈথিলি (১৮), বাংলা (১৯), হিন্দি (২০), সংস্কৃত (২৫), উর্দু (২৮), আরবি (২৯), ইংলিশ (৩০), লিঙ্গুইস্টিক্স (৩১), চাইনিজ (৩২), ডোগড়ি (৩৩), নেপালী (৩৪), ফ্রেঞ্চ (৩৯), স্প্যানিশ (৪০), রাশিয়ান (৪১), পার্সিয়ান (৪২), জার্মান (৪৪), জাপানিজ (৪৫), অ্যাডাল্ট এডুকেশন/ কন্টিনিউয়িং এডুকেশন/ অ্যান্ড্রলজি/ নন-ফর্মাল এডুকেশন (৪৬), ফিজিক্যাল এডুকেশন (৪৭), আরব কালচার অ্যান্ড ইসলামিক স্টাডিজ (৪৯), ইন্ডিয়ান কালচার (৫০), লেবার ওয়েলফেয়ার/পার্সোনেল ম্যানেজমেন্ট/ ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস/ লেবার অ্যান্ড সোশ্যাল ওয়েলফেয়ার/ হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (৫৫), ল (৫৮), লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স (৫৯), বুদ্ধিস্ট, জৈন, গান্ধিয়ান অ্যান্ড পিস স্টাডিজ (৬০), কম্পারেটিভ স্টাডি অব রিলিজিয়নস (৬২), মাস কমিউনিকেশন অ্যান্ড জার্নালিজম (৬৩), পারফর্মিং আর্ট-ডান্স/ড্রামা/থিয়েটার (৬৫), মিউজিওলজি অ্যান্ড কনজারভেশন (৬৬), আর্কিওলজি (৬৭), ক্রিমিনোলজি (৬৮), ট্রাইবাল অ্যান্ড রিজিওনাল ল্যাঙ্গুয়েজ/লিটেরেচার (৭০), ফোক লিটারেচার (৭১), কম্পারেটিভ লিটারেচার (৭২), সংস্কৃত ট্র্যাডিশনাল সাবজেক্ট (জ্যোতিষ, সিদ্ধান্ত জ্যোতিষ, ন্যায় ব্যাকরণ, ব্যাকরণ, মীমাংসা, নব্য ন্যায়, সাংখ্য যোগ, তুলনাত্মক দর্শন, শুক্ল যজুর্বেদ, মধ্যবেদান্ত, ধর্ম শাস্ত্র, সাহিত্য, পুরাণ ইতিহাস, অগম, অদ্বৈত বেদান্ত-সহ) (৭৩), উইমেন স্টাডিজ (৭৪), ভিশুয়াল আর্ট (ড্রইং অ্যান্ড পেন্টিং/ স্কাল্পচার/ গ্রাফিক্স/ অ্যাপ্লায়েড আর্ট/ হিস্ট্রি অব আর্ট-সহ) (৭৯), জিওগ্রাফি (৮০), সোশ্যাল মেডিসিন অ্যান্ড কমিউনিটি হেলথ (৮১), ফরেনসিক সায়েন্স (৮২), পালি (৮৩), কম্পিউটার সায়েন্স অ্যান্ড অ্যাপ্লিকেশনস (৮৭), ইলেক্ট্রনিক সায়েন্স (৮৮), এনভায়রনমেন্টাল সায়েন্সেস (৮৯), পলিটিক্স-সহ ইন্টারন্যাশনাল রিলেশনস/ডিফেন্স-সহ ইন্টারন্যাশনাল স্টাডিজ/স্ট্র্যাটেজিক স্টাডিজ, ওয়েস্ট এশিয়ান স্টাডিজ, সাইথ ইস্ট এশিয়ান স্টাডিজ, আফ্রিকান স্টাডিজ, সাউথ এশিয়ান স্টাডিজ, সোভিয়েত স্টাডিজ, আমেরিকান স্টাডিজ (৯০), প্রাকৃত (৯১), হিউম্যান রাইটস অ্যান্ড ডিউটিজ (৯২), ট্যুরিজম অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট (৯৩), বোড়ো (৯৪), সাঁওতালি (৯৫), যোগ (১০০)। উইমেন স্টাডিজ বিষয়ের জন্য পরীক্ষায় বসতে পারেন হিউম্যানিটিজ (ল্যাঙ্গুয়েজ-সহ) এবং সোশ্যাল সায়েন্সেস বিষয়ের মাস্টার ডিগ্রিধারীরা। পপুলেশন স্টাডিজ বিষয়ে পরীক্ষা দিতে পারবেন ভূগোল (পপুলেশন স্টাডিজে স্পেশ্যালাইজেশন-সহ) অথবা অঙ্ক বা স্ট্যাটিস্টিক্সে মাস্টার্স ডিগ্রিধারীরা।

## পরীক্ষা নেবে ন্যাশনাল টেস্টিং এজেন্সি

**পরীক্ষার ধরনধারণ:** পরীক্ষা নেওয়া হবে ২ থেকে ৬ ডিসেম্বরের মধ্যে। পশ্চিমবঙ্গের (কোড ৩৭) পরীক্ষাকেন্দ্রগুলি হল: আসানসোল (ডব্লু বি ০১), বর্ধমান (ডব্লু বি ০২), দুর্গাপুর (ডব্লু বি ০৪), হুগলি (ডব্লু বি ০৬), হাওড়া (ডব্লু বি ০৭), কল্যাণী (ডব্লু বি ০৮), শিলিগুড়ি (ডব্লু বি ১১) ও কলকাতা (ডব্লু বি ১০)।

দুই পেপারের কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা হবে আলাদা আলাদা সেশনে, একই দিনে। উভয় পেপারেই প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপ। পেপার-ওয়ানে রিজনিং এবিলিটি, কম্প্রিহেনশন, ডাইভারজেন্ট থিঙ্কিং এবং জেনারেল অ্যাওয়্যারনেস-এর দক্ষতা যাচাই করা হবে। ৫০টি প্রশ্ন থাকবে। প্রতিটি প্রশ্নের মান ২। পেপার-টু-এর প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয় থেকে। ১০০টি অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। প্রতিটি প্রশ্নের মান ২। পরীক্ষার মোট সময়সীমা ৩ ঘণ্টা। উভয় পেপারের পরীক্ষা নেওয়া হবে দু'টি শিফটে। পরীক্ষার দিন ও শিফট জানা যাবে অ্যাডমিট কার্ড ডাউনলোডের সময়।

প্রতিটি পেপারেই প্রার্থীকে ন্যূনতম যোগ্যতামান পেতে হবে। সাধারণ জাতিভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে উভয় পেপারেই ন্যূনতম ৪০ নম্বর পেতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম ৩৫ নম্বর পেতে হবে। কোনও পেপারেই নেগেটিভ মার্কিং নেই।

**কীভাবে আবেদন করবেন:** অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ntanet.nic.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৯ অক্টোবর। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণ করার সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে) ও সই (জে পি জি ফর্ম্যাটে ৪ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

পরীক্ষার ফি সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ১,০০০ টাকা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং ট্রান্সজেন্ডার প্রার্থীদের ক্ষেত্রে ২৫০ টাকা, ও বি সি এবং আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে ৫০০ টাকা। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ১০ অক্টোবর। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিট করার পর কনফার্মেশন পেজের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

অনলাইন দরখাস্ত পূরণের সময় কোনও ত্রুটি হয়ে থাকলে, তা ১৮ থেকে ২৫ অক্টোবরের মধ্যে ওয়েবসাইটে গিয়ে সংশোধন করা যাবে। ৯ নভেম্বর থেকে পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে উপরোক্ত ওয়েবসাইটের মাধ্যমে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# উত্তরপ্রদেশ বিদ্যুৎ নিগমে ১২১ জুনিয়র ইঞ্জিনিয়ার

### পশ্চিমবঙ্গের প্রার্থীরা শুধুমাত্র অসংরক্ষিত ক্যাটেগরির প্রার্থী হিসেবে আবেদন করতে পারবেন

ইলেক্ট্রিক্যাল শাখায় ২৯৬ জন জুনিয়র ইঞ্জিনিয়ার (ট্রেনি) নেবে উত্তরপ্রদেশ বিদ্যুৎ নিগম। প্রার্থী বাছাই করবে ইলেক্ট্রিসিটি সার্ভিস কমিশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 03/VSA/2019/JE. পশ্চিমবঙ্গের প্রার্থীরা শুধুমাত্র অসংরক্ষিত ক্যাটেগরির প্রার্থী হিসেবে আবেদন করতে পারবেন। তাই এখানে সাধারণ ক্যাটেগরির জন্য নির্দিষ্ট ১২১টি শূন্যপদ সম্পর্কে বিশদে জানানো হল।

**শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। দূরশিক্ষার মাধ্যমে ডিপ্লোমা করে থাকলে গ্রাহ্য হবে না। পাশাপাশি, প্রার্থীকে অবশ্যই দেবনাগরী লিপিতে হিন্দি জানতে হবে। উচ্চমাধ্যমিক স্তরে হিন্দি না পড়ে থাকলে নিয়োগের তিন বছরের মধ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আয়োজিত হিন্দি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

**বয়স:** ১-১-২০১৯ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।

**বেতন:** ৪৪,৯০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-বেসড পরীক্ষার মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র বেনারস, গোরখপুর, বরেলি, কানপুর, লখনৌ, গাজিয়াবাদ, মিরাট, নয়ডা/গ্রেটার নয়ডা। পরীক্ষা হবে নভেম্বরের শেষ সপ্তাহে। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল নলেজ/অ্যাওয়্যারনেস, রিজনিং, জেনারেল হিন্দি এবং সংশ্লিষ্ট বিষয়ে। মোট নম্বর ২০০। সময় ৩ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.uppcl.org প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২৩ সেপ্টেম্বর থেকে ১৬ অক্টোবর পর্যন্ত।

ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা। অনলাইন ব্যবস্থায় ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। এ ছাড়া নগদে স্টেট ব্যাঙ্ক চালানের মাধ্যমে স্টেট ব্যাঙ্কের যে-কোনও শাখায় ফি জমা দেওয়া যাবে। অফলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৮ অক্টোবর। চালানের প্রিন্ট আউট নেওয়া যাবে ১৬ অক্টোবর পর্যন্ত।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।




স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও আনন্দ অফসেট প্রাঃ লিঃ, জিএন ৩৯, সেক্টর ৫, সল্টলেক, কলকাতা-৯১ থেকে মুদ্রিত।
**প্রধান সম্পাদক:** অমরেন্দ্র চক্রবর্তী **সম্পাদক:** মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad